- 4. South China Normal University
- 5. Baoshan University
- 6. Kunming University
- 7. Dali University

Facilities

- > Tuition fees free
- ➤ Public University
- Govt Scholarship
- Internship facilities ➤ After complete study
- job facilities in China and 6. Embassy all over the world
- ➤ Full English Medium
- 2,90,000 tk. (Two lac ninety thousand taka only)
- 2. Application Fees
- 3. Registration Fees
- 4. JW202
- 5. Medical
- 7. Service Charge
- 8. Airport Pick up

1. Air ticket



MBBS CHIN

BMDC listed University


















Southern Medical University Jinan University

Zhengzhou University Ningxia Medical University

Southwest Medical University

Dali University

Jinzhou / Liaoning Medical University



+88 02 9666632 +88 01913542769,01978889717,01978889719 01615000127, 01615000128, 01615000129, 01615000131 /sangeninternational

www.sangen.com.bd, www.mbbsinchina.com.bd



রিশোর ^{সাম্রান্ত} সমাক্ষা

সাম্প্রতিক সময়ের রিপোর্ট-জরিপ-সমীক্ষার খবরাখবর নিয়ে আমাদের এ আয়োজন

ATI

বৈশ্বিক মানবসম্পদ সূচক

১৩ সেন্টেম্বর ২০১৭ ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম (WEF) বৈশ্বিক মানবসম্পদ সূচক (Global Human Capital Report) প্রকাশ করে। সূচকে বিশ্বের ১৩০টি দেশ অন্তর্ভুক্ত করা হয়। সূচক অনুযায়ী—

্বা শীর্ষ ৫ দেশ : ১. নরওয়ে, ২. ফিনল্যান্ড, ৩. সুইজারল্যান্ড, ৪. যুক্তরাষ্ট্র ও ৫. ডেনমার্ক।

্য সর্বনিম্ন ৫ দেশ : ১৩০. ইয়েমেন, ১২৯. মৌরিতানিয়া, ১২৮. সেনেগাল, ১২৭. ইথিওপিয়া ও ১২৬. মালি।

া সার্কভুক্ত দেশ ও অবস্থান : ৭০. শ্রীলঙ্কা, ৯৮. নেপাল, ১০৩. ভারত, ১১১. বাংলাদেশ ও ১২৫. পাকিস্তান।

বিশ্বে শিশু শ্রমিক

১৯ সেপ্টেম্বর ২০১৭ আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO), আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (IOM) এবং ওয়াক ফ্রি ফাউন্ডেশন যৌথভাবে Global Estimates of Child Labour প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী—

🛊 বিশ্বে ৫-১৭ বছরের মধ্যে শিশু শ্রমিকের সংখ্যা ১৫,১৬,২২,০০০ জন।

🗕 ৫-১৪ বছরের শিশু শ্রমিকের সংখ্যা ১১,৪৪,৭২,০০০ জন।

🗕 ১৫-১৭ বছরের শিশু শ্রমিকের সংখ্যা ৩,৭১,৪৯,০০০ জন।

। বিশ্বের প্রতি ১০ শিশুর মধ্যে একজন শিশুশ্রমের সাথে জড়িত।

বিশ্বে সবচেয়ে বেশি শিশু শ্রমিক রয়েছে আফ্রিকা মহাদেশে;

৭,২১,১৩,০০০ জন।

খাতওয়ারি শিশু শ্রমিক

খাত	শিশু শ্রমিক	শতকরা হার
কৃষিকাজ	30,98,80,000	90.5%
শিল্প	2,50,92,000	
সেবা	3,50,09,000	
	16,34,22,000	



আধুনিক দাসত্ত্ব



১৯ সেন্টেম্বর ২০১৭ আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO), আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (IOM) এবং ওয়াক ফ্রি ফাউন্ডেশন যৌথভাবে Global Estimates of Modern Slavery প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী—

- । বর্তমান সভ্য সমাজে আধুনিক দাসের সংখ্যা ৪,০২,৯৩,০০০ জন: পুরুষ ১,১৬,৪৮,০০০ জন ও নারী ২,৮৬,৪৫,০০০ জন।
- । বিশ্বে জোরপূর্বক বিবাহ ১,৫৪,৪২,০০০ জন; পুরুষ ২৪,৪২,০০০ জন ও নারী ১,৩০,০০,০০০ জন।
- া জোরপূর্বক শ্রমিকের সংখ্যা ২,৪৮,৫২,০০০ জন; পুরুষ ৯২,০৬,০০০ জন ও নারী ১,৫৬,৪৬,০০০ জন।
- া বিশ্বে সবচেয়ে বেশি আধুনিক দাস রয়েছে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে; ২,৪৯,৯০,০০০ জন।

🥦 বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদন 🎥

২৭ সেল্টেম্বর ২০১৭ ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম (WEF) বৈশ্বিক



প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদন ২০১৭-২০১৮ প্রকাশ করে।প্রতিবেদনে ১৩৭টি দেশ অন্তর্ভুক্ত করা হয়।প্রতিবেদন অনুযায়ী— ।শীর্ষ দেশ: সুইজারল্যান্ড।সর্বনিম্ন দেশ: ইয়েমেন।

সার্কভুক্ত দেশ ও অবস্থান : ৪০. ভারত, ৮২.

चुठोन, ४४. श्रीनश्का, ४४. त्रेशन, ३৯. वालाएम ७ ३३४. शांकिछान ।

ওয়ার্ল্ড পপুলেশন ডাটাশিট

২০১৭ সালের আগত্টে যুক্তরাষ্ট্রের Population Reference

Bureau (PRB) তাদের বার্ষিক World Population Data Sheet প্রকাশ করে। মোট জনসংখ্যা (২০১৭): ৭৫৩ কোটি ৬০ লাখ



। শহরে জনসংখ্যা : ৫৪% । গড় আয়ু > পুরুষ : ৭০ এবং মহিলা : ৭৪ । মাথাপিছু আয় : ১৬,১০১ মার্কিন ডলার।

শীৰ্ষ ১০ জনবহুল দে	4	
--------------------	---	--

	জনসংখ্যা	গড় আয়ু (বছর) পুরুষ নারী		মাথাপিছু আয়	শহুরে জনসংখ্যা	
দেশ	(কোটি)			(PPP) (মা. ড.)		
১. চীন	204.66	90	95	20,000	09%	
২, ভারত	५७८.२७	७१	90	৬,৪৯০	00%	
৩. যুক্তরাষ্ট্র	৩২.৫৪	98	47	৫৮,০৩০	63%	
৪. ইন্দোনেশিয়া	২৬,৪০	७१	92	33,220	08%	
৫.ব্রাজিল	२०.१५	92	95	38,500	55%	
৬. পাকিস্তান	७४.४८	७४	49	0,000	05%	
৭. নাইজেরিয়া	60.66	७२	68	0,980	88%	
৮. বাংলাদেশ	36.89	93	98	७,१७०	00%	
৯. রাশিয়া	18.66	66	99	22,080	989	
১০. মেক্সিকো	32.52	90	98	19,980	809	

সার্কভক্ত দেশ

~~w	জনসংখ্যা	গড় আয়ু (বছর)		মাথাপিছু আয়	শহরে	
দেশ	(কোটি)	পুরুষ	नात्री	(PPP) (মা. ড.)	জনসংখ্য	
ভারত	300.20	७१	90	৬,8৯০	00%	
পাকিস্তান	०४.४८	७०	49	0,000	38%	
বাংলাদেশ	36.89	95	98	৩,৭৯০	00%	
আফগানিস্তান	9.00	७२	৬৫	3,800	28%	
নেপাল	2.88	৬৯	95	2,020	20%	
শ্রীলংকা	2.58	92	96	22,890	36%	
ভূটান	.ob	90	90.	6,090	৩৯%	
মালদ্বীপ	.08	96	95	22,890	85%	

বিশ্বাঙ্গনে ক্রাই

WITSA'র ১০টি অ্যাওয়ার্ড লাভ

১০-১৩ সেপ্টেম্বর ২০১৭ তাইওয়ানের রাজধানী তাইপেতে অনুষ্ঠিত হয় ২১তম World Congress on Information Technology (WCIT)। এতে ১০টি পুরস্কার লাভ করে বাংলাদেশ, যা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে এ যাবতকালের মধ্যে দেশের সর্বোচ্চ অর্জন। ১৩ সেপ্টেম্বর ২০১৭ বাংলাদেশের সরকারি-বেসরকারি দফতর ও কোম্পানির প্রতিনিধির হাতে অ্যাওয়ার্ড তুলে দেয়া হয়। পুরস্কারপ্রাপ্তরা—

- WITSA 2017 ICT Award ➤ মোবাইল এক্সিলেন্স অ্যাওয়ার্ড : বাংলাদেশ পোস্ট অফিস 🛮 সাসটেইনেবল গ্রোথ অ্যাওয়ার্ড : ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি । প্রাইভেট সেক্টর এক্সিলেন্স অ্যাওয়ার্ড : আমরা নেটওয়ার্কস লিমিটেড।
- ASOCIO 2017 Award ➤ আইসিটি এডুকেশন অ্যাওয়ার্ড : বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (BITM) I ডিজিটাল গভর্নমেন্ট অ্যাওয়ার্ড : বাংলাদেশ পোস্ট অফিস । আইসিটি এডুকেশন অ্যাওয়ার্ড : বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC) 🛭 আউটস্ট্যান্ডিং আইসিটি কোম্পানি অ্যাওয়ার্ড : আমরা হোল্ডিংস লিমিটেড— উই স্মার্ট সল্যুউশস।
- ই-এশিয়া ২০১৭ অ্যাওয়ার্ড > ক্রিয়েটিং ইনক্লুসিভ ডিজিটাল অপরচ্যুনিটি অ্যাওয়ার্ড : ফাইবার অ্যাট হোম লিমিটেড-এর ইন্ফো-সরকার প্রকল্প । ওপেন ডিজিটাল গভর্নমেন্ট অ্যাওয়ার্ড : বিজনেস অটোমেশন লিমিটেড-এর হজ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম প্রকল্প I ট্রেড ফ্যাসিলেটেশন অ্যান্ড ই-কমার্স অ্যাওয়ার্ড : বাংলাদেশ পোস্ট অফিসের পোস্টাল ক্যাশ কার্ড— ব্যাংকিং টু দ্য আনব্যাংকড পিপল প্রকল্প।

UNWTO'A দক্ষিণ এশিয়ার সভাপতি

১১-১৬ সেপ্টেম্বর ২০১৭ চীনের চেংডুতে অনুষ্ঠিত হয় বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO)'র ২২তম সাধারণ অধিবেশন। এতে বাংলাদেশ দক্ষিণ এশিয়ার সভাপতি নির্বাচিত হয়।

APPG'র চেয়ারম্যান

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাতনি এবং



প্রধানমন্ত্রী শেখ হাসিনার বোন শেখ রেহানার মেয়ে টিউলিপ রেজওয়ানা সিদ্দিককে Childcare and Early Education All-Party Parliamentary Group (APPG)-43

চেয়ারম্যান নিযুক্ত করা হয়। ৭ সেপ্টেম্বর ২০১৭ APPG'র উদ্বোধনী এবং সাধারণ সভায় এ ঘোষণা দেয়া হয়।

TFP পুরস্কার

২০১৭ সালের 'মোস্ট প্রোগ্রেসিভ ব্যাংক অন জেন্ডার স্ট্র্যাটেজি অ্যান্ড ইমপ্লিমেন্টেশন' হিসেবে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (ADB) বার্ষিক ট্রেড ফাইন্যান্স প্রোগ্রাম (TFP) পুরস্কার লাভ করে ১৭টি দেশের ১৮টি শীর্ষ অংশীদার ব্যাংক। জেভার স্ট্র্যাটেজিতে অত্যন্ত অগ্রগামী হিসেবে বাংলাদেশের দু'টি ব্যাংককে তৃতীয় বার্ষিক TFP পুরস্কার প্রদান করা হয়। মর্যাদাপূর্ণ TFP পুরস্কারপ্রাপ্ত ব্যাংক দুটি— ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড ও ব্র্যাক ব্যাংক লিমিটেড।

IPPNW'র সহ-সভাপতি

১৯৮৩ সালে নোবেলজয়ী পারমাণবিক যুদ্ধ প্রতিরোধ বিষয়ক চিকিৎসকদের আন্তর্জাতিক সংগঠন International Physicians for the Prevention of Nuclear War (IPPNW)। এ সংগঠনটি পারমাণবিক অস্ত্র ব্যবহারজনিত স্বাস্থ্যঝুঁকি কমাতে কাজ করে যাচ্ছে। IPPNW'র বাংলাদেশের অস সংগঠন হচ্ছে পিএসআর বাংলাদেশ, যা বাংলাদেশের প্রথিতযশা চিকিৎসকদের দ্বারা পরিচালিত। পিএসআর বাংলাদেশ খাদ্যে ভেজাল, ছোট অস্ত্র ব্যবহার রোধ এবং জঙ্গিবাদ প্রতিরোধের মতো বিষয়ে জনমত গঠনে কাজ করে যাচ্ছে।

৪-৬ সেপ্টেম্বর ২০১৭ নিউইয়র্কে অনুষ্ঠিত হয় IPPNW'র সম্মেলন। এতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (BSMMU) ভিসি অধ্যাপক ডা. কামরুল হাসান খান IPPNW'র সহ-সভাপতি নির্বাচিত হন।

মেডিকেল অ্যাওয়ার্ড অব এক্সিলেন্স

শিশুস্বাস্থ্য উনুয়নে কর্মরত যুক্তরাষ্ট্রভিত্তিক রোনান্ড ম্যাকডোনান্ড হাউস চ্যারিটিজ (RMHC) ২০১৭ সালের 'মেডিকেল

অ্যাওয়ার্ড অব এক্সিলেন্স' পুরস্কারের জন্য ব্র্যাকের ভাইস চেয়ারপারসন আহমেদ মোশতাক রাজা চৌধুরীকে মনোনীত করে। শিশুর স্বাস্থ্য উনুয়ন ও সার্বিক কল্যাণে বিশেষ অবদান রাখার জন্য তাকে এ পুরস্কার দেয়া হয়। ১১ নভেম্বর ২০১৭ যুক্তরাষ্ট্রের শিকাগোতে তার হাতে এ পুরস্কার তুলে দেয়া হবে।



১৯৭৪ সালে প্রতিষ্ঠিত দাতব্য সংস্থা রোনান্ড ম্যাকডোনান্ড হাউস চ্যারিটিজ (RMHC) বর্তমানে ৬৪টিরও বেশি দেশ ও অঞ্চলে শিশুর স্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে কাজ করছে।

মন্টুব্ল্যাঙ্ক অ্যাওয়ার্ড

১৩ সেপ্টেম্বর ২০১৭ সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে সামদানি আর্ট ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা রাজিব সামদানি ও নাদিয়া সামদানির হাতে তুলে দেয়া হয় 'দ্য মন্টব্লাঙ্ক দে লা কালচার আর্ট প্যাট্রোনেজ অ্যাওয়ার্ড'। ব্যক্তি উদ্যোগে শিল্প সংস্কৃতিকে উৎসাহিত করার জন্য তারা এ পুরস্কার লাভ করেন। এ পুরস্কারের অর্থমূল্য ১৫,০০০ ইউরো।

আধুনিক শিল্প-সংস্কৃতিকে পৃষ্ঠপোষকতার স্বীকৃতি দিতে ১৯৯২ সাল থেকে এ পুরস্কারটি দিয়ে আসছে মন্টব্লাঙ্ক ফাউন্ডেশন। প্রিস চার্লস, জাপানি শিল্পী ইয়োকো ওনো, লেখক-নির্দেশক রবার্ট উইলসন, সঙ্গীতজ্ঞ কুইঙ্গি জোনস, চলচ্চিত্র প্রযোজক মাযা হাফম্যান এবং ইতালীয় স্থপতি রেনযো পিয়ানো এ পুরস্কার লাভ করেন।



খ্রিস্টান সম্প্রদায়ের প্রধান ধর্মীয় নেতা পোপ ফ্রান্সিস তিনদিনের সফরে ৩০ নভেম্বর ২০১৭ বাংলাদেশে আসবেন। তার সফরের দুটি দিক রয়েছে— তিনি ভ্যাটিকানের রাষ্ট্রপ্রধান হিসেবে সফর করবেন; একই সাথে খ্রিস্টানদের ক্যার্থলিকমণ্ডলীর প্রধান ধর্মগুরু ও প্রধান

পালক হিসেবে খ্রিস্ট সমাজে পালকীয় সফর করবেন। রোমান ক্যাথলিক চার্চের ধর্মগুরু হিসেবে এটা হবে বাংলাদেশে কোনো পোপের দ্বিতীয় সফর। এর আগে ১৯৮৬ সালের নভেম্বর মাসে পোপ দ্বিতীয় জন পল বাংলাদেশ সফরে এসেছিলেন। পোপ ফ্রান্সিসের বাংলাদেশে আসা উপলক্ষে ২৮ আগস্ট ২০১৭ একটি লোগো ও একটি ওয়েবসাইট (www.popebd.info) উদ্বোধন করা হয়।





সম্ভাব্য কর্মসূচি বাংলাদেশে তিনদিনের সফরকালে পোপ ফ্রান্সিস জাতীয় সৃতিসৌধ ও বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ, একটি নাগরিক সমাবেশে যোগদান, বাংলাদেশের কার্ডিনাল ও আর্চবিশপদের সাথে দেখা করেন। এছাড়া তিনি ক্যাথলিকমণ্ডলী পরিচালিত দুস্থ, প্রতিবন্ধী, অসুস্থ, মাদকাসক্ত ও অনাথদের প্রতিনিধি, চার্চের যুবসমাজের প্রতিনিধি এবং চার্চ পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে দেখা করবেন।

দদকে পৰ্ণাঙ্গ পুলিশ ফোৰ্স

দুর্নীতি দমন কমিশনে (দুদক) ৭ সেপ্টেম্বর ২০১৭ থেকে পূর্ণাঙ্গ পুলিশ ফোর্স ইউনিটের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। কমিশনের আর্মড ইউনিটের সদস্য হিসেবে পুলিশের ২০



জন সশস্ত্র সদস্য এতে যোগদান করেন। আসামিদের গ্রেফতার কার্যক্রম আরো জোরদার করতে আলাদা এ আর্মড ইউনিট গঠন করা হয়। দুদক-এর মামলার আসামি গ্রেফতার, তল্পাশি, আলামত জব্দকরণ, আসামিদের আদালতে সোপর্দ এবং সর্বোপরি দুদকের দুর্নীতিবিরোধী অভিযানে নিয়োজিত টিমের সার্বিক নিরাপত্তা বিধানে এ ইউনিটের সদস্যরা দায়িত্ব পালন করবেন। তবে আর্মড ইউনিটের সদস্যরা মামলার অনুসন্ধান বা তদন্ত কাজে অংশগ্রহণ করবেন না। দুদক আইন অনুসারে কমিশনের

কার্যক্রমে সব বাহিনী এবং কর্তৃপক্ষের দুদককে সহযোগিতা করার আইনি বাধ্যবাধকতা রয়েছে।



অ্যান্টি টেররিজম ইউনিট অনুমোদন

১৯ সেপ্টেম্বর ২০১৭ জঙ্গি ও সন্ত্রাস দমনে বাংলাদেশ পুলিশের অ্যান্টি টেররিজম ইউনিটের অনুমোদন দেয় সরকার। সন্ত্রাস মোকাবিলায় বিশেষভাবে প্রশিকক্ষণপ্রাপ্ত জনবল থাকবে এ ইউনিটে। আধুনিক সরক্ষ্মীমের পাশাপাশি সাজোঁয়া যানও থাকবে তাদের হাতে। শুধুমাত্র পুলিশ সদস্যদের নিয়ে গঠিত এ ইউনিটের প্রধান হবেন একজন অত্রিক্ত মহাপরিদর্শক (অতি. আইজিপি) পদের কর্মকর্তা। এর সদস্য সংখ্যা হবে ৫৮১ জন।

মুক্তিযোদ্ধার তালিকায় আরো **ত** বীরাঙ্গনা

মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনী এবং রাজাকারদের হাতে নির্যাতিত আরও তিন নারীকে বীরাঙ্গনা হিসেবে মুক্তিযোদ্ধার তালিকায় অন্তর্ভুক্ত করে সম্প্রতি গেজেট প্রকাশ করে সরকার। মুক্তিযোদ্ধার স্বীকৃতি পাওয়া তিন বীরাঙ্গনা হলেন-লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলার রমনীগঞ্জের মনোয়ারা বেগম, সিরাজগঞ্জের কোবদাসপাডার মোছা. ভানু খাতুন এবং জামালপুরের ইসলামপুরের কুলকান্দির মোছা. সায়েবানী জামাল। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৪৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বীরাঙ্গনারা এ স্বীকৃতি লাভ করেন। এ নিয়ে মুক্তিযোদ্ধার স্বীকৃতি পাওয়া বীরাঙ্গনার সংখ্যা হল ১৮৮ জন।

বিশ্বব্যাংকের ঋণে সুদের হার দ্বিগুণ





বাংলাদেশের মাথাপিছু আয় বেড়ে নিম্ন মধ্যম আয়ের দেশে উপনীত হওয়ায় বিশ্বব্যাংকের দেয়া ঋণের সুদের হার বাড়ানো হচ্ছে। বর্তমানে বাংলাদেশ বিশ্বব্যাংকের International Development Association (IDA)-এর ঋণে সুদদেয় ১.২৫%। কিন্তু ২০১৮-১৯ অর্থবছর থেকে এ সুদের হার হবে ২.৬২%। কারণ এখন থেকে বাংলাদেশকে দেয়া ঋণকে উন্নয়নে আর্থিক সহায়তা'র পরিবর্তে উনুয়ন অর্থায়নের ব্যবধান' (গ্যাপ) হিসেবে চিহ্নিত করা হচ্ছে।

বিশ্বব্যাংক গ্রুপের IDA'র ঋণেই সবচেয়ে কম সুদ, অর্থাৎ ১.২৫% হারে দেয়া হয়। এ সুদ শুধু নিম্ন আয়ের দেশগুলোর জন্যই নির্ধারণ করা হয়। বিশ্বব্যাংকের আয় বিভাজন অনুসারে, বর্তমানে নিম্ন আয়ের দেশের মাথাপিছু জাতীয় আয় ১,০০৬ মার্কিন ডলারের বেশি হওয়ায় (বর্তমানে ১,৩৩০ মার্কিন ডলারের বেশি হওয়ায় (বর্তমানে ১,৩৩০ মার্কিন ডলারে) বাংলাদেশের IDA'র ১.২৫% সুদ হারে ঋণ পাওয়ার সুযোগ নেই। এছাড়া প্রতিবছর বাংলাদেশে মাথাপিছু আয় বাড়ছেই। ২০১৭-১৮ অর্থবছরে তা আরও বাড়ার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) তথ্য অনুযায়ী, ২০১৫-১৬ অর্থবছরে বাংলাদেশের মাথাপিছু আয় ছিল ১,৪৬৫ ডলার।

বর্তমানে IDA'র দেয়া ঋণে বাংলাদেশের সার্ভিস চার্জ ০.৭৫%। পাশাপাশি ০.২৫% ফ্রন্ট এন্ড ফি এবং ০.২৫% কমিটমেন্ট চার্জ রয়েছে। অর্থাৎ, সব মিলিয়ে IDA'র ঋণের সুদ হার ১.২৫%। এ ঋণ পরিশোধের সময় ৩৮ বছর। **গ্রেস পিরিয়**ড ছয় বছর। আর ২০১৮-১১ অর্থবছর থেকে IDA'র ঋণের সুদহার বেড়ে হবে ২.৬২%। এ ঋণ পরিশোধের সময় হবে ৩০ বছর, যার গ্রেস পিরিয়ড ৫ বছর।

NIKO ৰ মূলি বাতিৰ

দুর্নীতি, অস্বচ্ছ প্রক্রিয়ায় চুক্তি এবং অদক্ষতার কারণে সুনামগঞ্জের টেংরাটিলায় দুই দফা দুর্ঘটনায় বিপুল পরিমাণ গ্যাস পুড়ে যাওয়াসহ নানা অভিযোগে বাংলাদেশে কানাডীয় প্রতিষ্ঠান NIKO রিসোর্নেরে কর্মকাণ্ড অনেক দিন ধরেই প্রশ্নবিদ্ধ । কানাডার আদালতেও বাংলাদেশে প্রতিষ্ঠানটির দুর্নীতি প্রমাণিত হয়েছে এবং বিপুল অস্কের জরিমানা করা হয়েছে। এবার বাংলাদেশের উচ্চ আদালতেও প্রতিষ্ঠানটির অনিয়ম প্রমাণিত হয়। ২৪ আগস্ট ২০১৭ হাইকোর্ট এক রায়ে বাপেক্স ও প্রয্রোবাংলার সাথে NIKO র



সম্পাদিত দুটি চুক্তি বাতিল করেন। বাংলাদেশে থাকা প্রতিষ্ঠানটির সব সম্পত্তি রাষ্ট্রীয় হেফাজতে রাখারও

নির্দেশ দেন আদালত। সুনামগঞ্জের ছাতকে টেংরাটিলা বিস্ফোরণের ঘটনায় ক্ষতিপূরণ সংক্রোন্ত যে মামলা নিম্ন আদালতে চলমান রয়েছে, তার নিষ্পত্তি না ইওয়া পর্যন্ত নাইকোকে কোনো অর্থ পরিশোধ করা যাবে না বলেও রায়ে উল্লেখ করা হয়।



প্রেস অ্যাপিলেট বোর্ড গঠন

সরকার প্রেস অ্যাপিলেট বোর্ড গঠন করেছে। তথ্য মন্ত্রণালয় ১৯ সেপ্টেম্বর ২০১৭ এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করে। পদাধিকারবলে বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি মোহাম্মদ মমতাজ উদ্দিন আহমেদ বোর্ডের চেয়ারম্যান। আর বোর্ডের দুই সদস্য হলেন তথ্য মন্ত্রণালয়ের যুগা সচিব (প্রেস) এবং প্রেস কাউন্সিলের সদস্য ও সমকাল সুম্পাদক গোলাম সারওয়ার।

দ্য প্রিন্টিং প্রেসেস অ্যান্ড পাবলিকেশনস (ডিক্লারেশন অ্যান্ড রেজিস্ট্রেশন) অ্যান্ট, ১৯৭৩ অনুযায়ী সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট পত্রিকার ডিক্লারেশন প্রদান করেন এবং যুক্তিসংগত কারণ ছাড়া জেলা ম্যাজিস্ট্রেট ডিক্লারেশন প্রদান না করলে কিংবা বাতিল করলে এ সংক্রান্ত সব আপিল প্রেস অ্যাপিলেট বোর্ডের মাধ্যমে নিষ্পত্তি করা হয়।

দিতীয় সাবমেরিন ক্যাবলে বাংলাদেশ

দেশে বাণিজ্যিক ব্যবহারের জন্য ১০ সেপ্টেম্বর ২০১৭ আনুষ্ঠানিকভাবে SEA-ME-WE-5 ক্যাবল ও ল্যান্ডিং স্টেশন উদ্বোধন করা হয়।



পট্যাখালী জেলার কলাপাড়া উপজেলার লতাচাপলী ইউনিয়নের গোড়াআমখোলা পাড়া গ্রামে স্থাপিত এ ল্যান্ডিং স্টেশনের মাধ্যমে সেকেন্ডে ১৫০০ গিগাবাইট (জিবি) গতির ইন্টারনেট সেবা পাছে বাংলাদেশ। প্রথম সাবমেরিন ক্যাবলের তুলনায় প্রায় ৮ গুণ বেশি ক্ষমতাসম্পন্ন নতুন এ স্টেশনটি চালু হওয়ায় কম টাকায় নিরবচ্ছিন্ন ও দ্রুতগতির ইন্টারনেট পাওয়া যাবে। কুয়াকাটা সৈকত থেকে একটি ব্রাঞ্চের মাধ্যমে ল্যান্ডিং স্টেশন হয়ে মূল ক্যাবলে যুক্ত হয়েছে বাংলাদেশ। এ সাবমেরিন ক্যাবলের মেয়াদকাল ২০-২৫ বছর।

বাংলাদেশের প্রথম সাবমেরিন ক্যাবল স্থাপিত হয় কক্সবাজারের ঝিলংজায়; ২০০৬ সালে। ৩০০ জিবিপিএস ক্ষমতাসম্পন্ন প্রথম সাবমেরিন ক্যাবলে ২৫০-২৬০ জিবিপিএস ব্যাভউইথ ইতোমধ্যে ব্যবহার করা হয়েছে।

হাতিশাবকের নাম 'বনমাধুরী'

২৭ আগস্ট ২০১৭ দেশে সর্বপ্রথম আবদ্ধ পরিবেশে বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্কে একটি হাতিশাবকের জন্ম হয়। ৪০ বছর বয়সী 'মুক্তিরানী' নামের এক বন্যহাতি শাবকটির জন্ম দেয়। জন্মগ্রহণের ১২ দিন পর ৮ সেপ্টেম্বর ২০১৭ সে-ই হাতিশাবকের নাম রাখা হয় 'বনমাধুরী'। নতুন শাবকটি নিয়ে বঙ্গবন্ধু সাফারী পার্কে বর্তমানে হাতির সংখ্যা ৭।

ওয়াসফিয়ার পিকো দে ওরিজাবা জয়

২৪ আগস্ট ২০১৭ মেক্সিকোর সর্বোচ্চ শৃঙ্গ ও উত্তর আমেরিকার সর্বোচ্চ আগ্নেয়গিরি 'পিকো দে ওরিজাবা' জয় করেন সেভেন সামিট জয়ী বাংলাদেশের একমাত্র পর্বতারোহী ওয়াসফিয়া



নাজরীন। ওয়াসফিয়া তার বন্ধু হুয়ান মেন্ডোজাকে সাথে নিয়ে উত্তরের পথ দিয়ে পিকো দে ওরিজাবার চূড়ায় পৌছান।

মাউন্ট ডেনালি ও মাউন্ট লোগানের পরে উত্তর আমেরিকার তৃতীয় সর্বোচ্চ শৃঙ্গ 'পিকো দে ওরিজাবা'। এছাড়া এ আগ্নেয়গিরিটি অ্যাজটেকদের নাহুয়াটাল ভাষায় 'সিটলালটেপেটল' নামে পরিচিত, ষার অর্থ 'তারকা পর্বত'। এটি ট্রাঙ্গ-মেক্সিকান আগ্নেয় বেল্টের পূর্বে সমুদ্রপৃষ্ঠ থেকে ৫,৬৩৬ মিটার (১৮,৪৯১ ফুট) উচ্। আগ্নেয়গিরিটি বর্তমানে সুপ্ত অবস্থায় আছে।



বাউবি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের রজতজ্ঞয়ন্তী

২১ অক্টোবর ২০১৭ পালিত হবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের রজতজয়ন্তী। ২১ অক্টোবর ১৯৯২ জাতীয় সংসদে পাস হওয়া দুটি আইনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় দুটি প্রতিষ্ঠিত হয়।



দশম জাতীয় সংসদের সন্তদশ অধিবেশন

অন্য নাম : শরৎকালীন অধিবেশন শুরু : ১০ সেপ্টেম্বর ২০১৭ । শেষ : ১৪ সেপ্টেম্বর ২০১৭ । কার্যদিবস : ৫টি। বিল পাস : ২টি।





পাসকৃত বিল

দেওয়ানী কার্যবিধি (সংশোধন) বিল ২০১৭ ১২ সেপ্টেম্বর ২০১৭ স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল বিল ২০১৭ ১৪ সেপ্টেম্বর ২০১৭

- বর্তমানে বাংলাদেশের সাথে বিশ্বের ৪৫টি দেশের দ্বিপক্ষীয় বাণিজ্য চুক্তি রয়েছে। সিংসদে বাণিজ্যমন্ত্রী; ১০ সেপ্টেম্বর ২০১৭/

তিন চুক্তি ও বাংলাদেশ

পরমাণু অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি

১১ সেপ্টেম্বর ২০১৭ মন্ত্রিপরিষদের নিয়মিত বৈঠকে জাতিসংঘের পরমাণু অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি স্বাক্ষরের অনুমোদন দেয়া হয়। ২০ সেপ্টেম্বর ২০১৭ জাতিসংঘের সদর দপ্তরে বাংলাদেশ এ চুক্তিতে স্বাক্ষর করে।

পারমাণবিক যুদ্ধ এড়াতে দীর্ঘ সাত দশকের প্রচেষ্টার পর ৭ জুলাই ২০১৭ জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলো প্রথমবারের মতো পরমাণু অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তিতে রাজি হয়। জাতিসংঘের ১৯৩টি সদস্য দেশের মধ্যকার ১২২টি দেশের আলোচকরা ১০



পাতার চুক্তি চ্ড়ান্ত করে। ২০ সেপ্টেম্বর ২০১৭ নিউইয়র্ক জাতিসংঘের সদর দপ্তরে পরমাণু অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয়। ৫০টি দেশ চুক্তিটি অনুমোদন করার ৯০ দিন পর তা কার্যকর হবে। ঢাকা-মঙ্গো চুক্তি

পাবনার রূপপুরের পরমাণু বিদ্যুৎ কেন্দ্রের জ্বালানি বর্জ্য বা স্পেন্ট ফুয়েল ফেরত নিয়ে যাবে রাশিয়া। ৩০ আগস্ট ২০১৭ রাশিয়ার রাজধানী মস্কোতে বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়। এর আগে ১৫ মার্চ ২০১৭ চুক্তিটি ঢাকায় অনুস্বাক্ষরিত হয় এবং ৫ জুন ২০১৭ মন্ত্রিপরিষদের বৈঠকে তা অনুমোদন দেয়া হয়। এ চুক্তির আওতায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পরমাণু বর্জ্য বাংলাদেশ থেকে রাশিয়া ফেরত নিয়ে যাবে। ফেরত নেয়ার পর রাশিয়া তা পুনঃপ্রক্রিয়াকরণ এবং পুনঃপ্রক্রিয়াজাত পদার্থের ব্যবস্থাপনাসহ বর্জ্য সংরক্ষণ করবে।

কাগজবিহীন বাণিজ্য চুক্তি

১৫-১৯ মে ২০১৬ থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত হয় জাতিসংঘের সহযোগী সংস্থা এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের

দেশগুলোর জন্য অর্থনৈতিক ও সামাজিক কমিশন (ESCAP)-এর ৭২তম অধিবেশন। এ অধিবেশনের শেষ দিন, ১৯ মে ২০১৬ গৃহীত হয় কাগজবিহীন বাণিজ্য সহজীকরণ কাঠামো চুক্তি (Framework Agreement on Facilitation of Cross-border Paperless Trade in Asia and the Pacific)। ১ অক্টোবর ২০১৬ ESCAP-এর ৫৩টি সদস্যর জন্য চুক্তিটি স্বাক্ষরের জন্য উনুক্ত করা হয়, যা ৫টি দেশ অনুমোদন দেয়ার ৯০ দিন পরে তা কার্যকর হবে।

২৯ আগস্ট ২০১৭ থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে ESCAP-এর সদর দপ্তরে বাংলাদেশ, কম্বোডিয়া ও চীন কাগজবিহীন বাণিজ্য সহজীকরণ কাঠামো চুক্তি স্বাক্ষর করে। আর বাংলাদেশ প্রথম দেশ হিসেবে চক্তিটিতে স্বাক্ষর করে। বাংলাদেশ



United Nation
ESCAP

প্রথম দেশ হিসেবে চুক্তিটিতে স্বাক্ষর করে। বাংলাদেশের পক্ষে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এ চুক্তিটিতে স্বাক্ষর করেন। কাগজবিহীন বাণিজ্য (Paperless Trade): বিশ্বের উনুত দেশগুলো আন্তর্জাতিক বাণিজ্যে খরচ ও সময় বাঁচাতে কাগুজে নথি নিয়ে কাজ করার বদলে ডিজিটাল পদ্ধতি ব্যবহার করছে। যেখানে কোনো কাগুজে ফাইলের দরকার পড়ছে না। এটাই কাগজবিহীন বাণিজ্য (Paperless Trade) নামে পরিচিত।

মিয়ানমারের বর্বরতা ও রোহিঙ্গা গণহত্যা



২৫ আগস্ট ২০১৭ আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মির (ARSA) যোদ্ধারা মিয়ানমারের উত্তর-পশ্চিমাঞ্চলীয় রাখাইন রাজ্যে ৩০টির মতো পুলিশ ও সেনা চৌকিতে হামলা চালায়। এতে ১২ পুলিশ সদস্য নিহত হয় বলে দাবি করে দেশটির সরকার। এর পর থেকে রাখাইন রাজ্যজুড়ে শুরু হয় 'অপারেশন ক্লিয়ারেন্স' নামের বর্বর ও নিষ্ঠুরতম এক সেনা অভিযান। বিদ্রোহী দমনের নামে এ অভিযানের কথা বলা হলেও প্রকৃতপক্ষে তা রূপ নেয় রোহিঙ্গা গণহত্যায়।

অপারেশন ক্রিয়ারেন্স

২৫ আগন্ট ২০১৭ থেকে মিয়ানমার সেনাবাহিনী দেশটির রাখাইন রাজ্যকে রোহিঙ্গামুক্ত করতে যে সামরিক অভিযান শুরু করে, তার

মিয়ানমারের সেনাবাহিনী স্থানীয়ভাবে 'টাটামাড়ো' নামে পরিচিত

নামকরণ করা হয় 'অপারেশন ক্রিয়ারেন্স'। এতে মিয়ানমারের নিরাপতা বাহিনী নিরন্ত্র রোহিন্সা নারী-পুরুষ-শিশুদের ওপর ব্যাপক নির্যাতন ও হত্যাযজ্ঞ চালায়। এ অভিযানে মিয়ানমারের সেনাবাহিনী দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের কুখ্যাত যুদ্ধকৌশল Three All Policy অনুসরণ করে। এ কৌশলের মূলকথা— সবাইকে হত্যা করো, সবকিছু পুড়িয়ে দাও, সবকিছু লুট করো।

রোহিঙ্গা গণহত্যা ২০১৭

২৫ আগন্ট ২০১৭ সংঘটিত কথিত সন্ত্রাসী হামলার জবাবে উত্তর রাখাইনে ভয়ংকর Scorched Earth বা পোড়ামাটি নীতিতে অভিযান চালায় মিয়ানমার সেনাবাহিনী। এতে রাখাইনে সেনা ও মগদের হাতে হাজার হাজার রোহিঙ্গা নিহত হয়। রাখাইনের হেড়, বুথিয়াডং ও রাথেদং শহরতলিতে মোট ৪৭১টি গ্রামের ধ্যে নিশ্চিহ্ন হয়ে যায় ২১৪টি গ্রাম। ঐ তিনটি শহরতলিই ছিল রাহিঙ্গা মুসলিম সংখ্যাগরিষ্ঠ। সাম্প্রতিক জাতিগত নিধন ও তাড়নের প্রধান শিকারও ছিল এসব অঞ্চল। গ্রামের পর গ্রাম মনভাবে জ্বালিয়ে ও ওঁড়িয়ে দেয়া হয়েছে, যাতে সেখানে নববসতির কোনো চিহ্নই না থাকে। রাখাইনে 'অপারেশন যারেঙ্গ' নামের এ অভিযানে মিয়ানমার সেনাবাহিনী রানকভাবে মানবাধিকার লজ্যন করে। নির্বিচারে হত্যা.

শিরক্ছেদ, লোকজনকে ঘরে বন্দি করে জীবন্ত পুড়িয়ে মারা ও ধর্ষণের মতো বর্বরতম ঘটনা ঘটায় তারা। এমনকি শিশুরাও সেনাবাহিনী, নিরাপত্তা বাহিনী, সরকার সমর্থক সশস্ত্র গোষ্ঠী ও দাঙ্গাবাজদের সহিংস আক্রমণ থেকে রেহাই পায়নি।

শুরু থেকেই মিয়ানমার সেনাদের রাখাইন রাজ্যে সাম্প্রতিক অভিযানকে 'গণহত্যা' (Genocide), আর 'জাতিগত নিধন' বলে অভিহিত করে বিশ্বের ক্ষমতাধর প্রেসিডেন্ট থেকে বিশ্ব মানবাধিকার সংগঠনগুলো। ১১ সেপ্টেম্বর ২০১৭ জেনেভায় জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে দেয়া এক বক্তৃতায় OHCHR'র প্রধান জাইদ রাদ আল হুসেইন বলেন, মিয়ানমারের সংখ্যালঘু রোহিঙ্গাদের ওপর পরিকল্পিত নির্যাতনের মাধ্যমে জাতিগতভাবে



তাদের নির্মূল করা হচ্ছে। তিনি রোহিঙ্গাদের বিরুদ্ধে সামরিক বাহিনীর অভিযানকে 'পাঠ্যবইয়ের জাতিগত নির্মূল অভিযানের নৃশংস উদাহরণ' বলে অভিহিত করেন। শুধু তাই নয়, জাতিসংঘঙ রাখাইনে জাতিগত নিধনযজ্ঞ চলছে বলে বিবৃতি দেয়। ১৩ সেপ্টেম্বর ২০১৭ রাখাইনে সহিংসতা বন্ধে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ সর্বসম্মত বিবৃতি প্রদান করে। এর মাধ্যমে ৯ বছর পর রোহিঙ্গা ইস্মূতে মতৈক্যে পৌছে বিশ্বের ক্ষমতাধর রাষ্ট্রগুলো।

ইউরোপীয় ইউনিয়নের (EU) ২৮টি দেশের পার্লামেন্ট ইউরোপীয় পার্লামেন্ট (EP) ১৪ সেপ্টেম্বর ২০১৭ 'মিয়ানমার : বিশেষ করে রোহিঙ্গা পরিস্থিতি' শীর্ষক আলোচনা শেষে ২০ দফা প্রস্তাব গ্রহণ করে সু চি'র মিথ্যাচার

অত্তর্জাতিক সম্প্রদায়ের কঠোর সমালোচনার মুখে দীর্ঘ নীরবতা ভেঙ্গে ১৯ সেপ্টেম্বর ২০১৭ জাতির উদ্দেশ্যে ভাষণ দেন মানবতা



ও গণতন্ত্রের 'আইকন' বলে খ্যাত অং সান সু চি। রাখাইন রাজ্যের রোহিন্সাদের ওপর জাতিগত নিধন শুরু হওয়ার ২৪ দিন পর এ বিষয়ে প্রথম মুখ খোলেন মিয়ানমারের অঘোষিত সরকারপ্রধান। ৩০ মিনিটের ভাষণে সু চি 'পরম্পরবিরোধী তথ্য' দিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়কে বিভ্রান্ত করার চেষ্টা করেন। তার ভাষণে ছিল বাগাড়ম্বতা, যেখানে বাস্তবতার লেশমাত্র ছিল না। মানবাধিকার সংগঠন অ্যামনেষ্টি ইন্টারন্যাশনাল সু

চি'র ভাষণকে মিথ্যাচার হিসেবে আখ্যায়িত করে বালিতে মাথা গুঁজে রাখার সাথে তুলনা করেছে। মিথ্যাচারিতায় ভরা তার এ ভাষণ বিশ্ব নেতৃত্বও তাৎক্ষণিকভাবে প্রত্যাখ্যান করেন।

আন্তর্জাতিক গণআদালত ও বিচার

রোহিঙ্গা গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগে ১৮ সেন্টেম্বর ২০১৭ মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে স্থাপিত রোমভিত্তিক Permanent Peoples Tribunal (PPT) নামের এক গণআদালতে বিচারিক প্রক্রিয়া শুরু হয়। বিচারপ্রক্রিয়ায় আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাত বিশেষজ্ঞের একটি প্যানেল অংশ নেয়। পাঁচদিনের বিচারকার্যে বিচারকরা প্রসিকিউশনের যুক্তি-তর্ক; বিশেষজ্ঞ সাক্ষীদের মতামৃত, ভুক্তভোগীদের জবানবন্দি বিচার-বিশ্লেষণ করেন। শুনানিতে বাংলাদেশ মানবাধিকার কমিশনের



গণহত্যার দুই খলনায়ক সেনাপ্রধান মিন অং হলাইং ও অং সান সু চি

চেয়ারম্যান কাজী রিয়াজুল হকও অংশ নেন। ট্রাইব্যুনালে রোহিঙ্গা, কারেন, কাচিনসহ বিভিন্ন সংখ্যালঘু জাতিগোষ্ঠী তাদের বিরুদ্ধে পরিচালিত রাষ্ট্রীয় অপরাধের বর্ণনা দেন। ২২ সেপ্টেম্বর ২০১৭ সাত সদস্যের বিচারক প্যানেলের সভাপতি আর্জেন্টিনার সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের প্রতিষ্ঠাতা দানিয়েল ফিয়েরেন্ডেইন গণআদালতের 'প্রতীকী রায়' ঘোষণা করেন। রায়ে মানবতাবিরোধী অপরাধ ও গণহত্যার দায়ে মিয়ানমারের সামরিক বাহিনী, পুলিশ, অন্যান্য বৌদ্ধ মিলিশিয়া এবং দেশটির বর্তমান বেসামরিক সরকারকে অভিযুক্ত করা হয়। এ রায়ের আইনগত কোনো ভিত্তি না থাকলেও নীতি-নৈতিকতার দিক থেকে রায়ের আলোকে মিয়ানমার সরকারের ওপর আন্তর্জাতিক সম্প্রদায় জোরালো চাপ সৃষ্টি করতে পারবে। ১৭ দফা সুপারিশ সংবলিত গণআদালতের এ রায় জেনেভায় জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলসহ বিভিন্ন আন্তর্জাতিক সংগঠন ও গোষ্ঠীর কাছে পাঠানো হবে।

এশিয়ার ম্যান্ডেলার পতন

মিয়ানমারের জান্তাবিরোধী আন্দোলনে দৃঢ়তা, নিয়মতান্ত্রিকতা ও শান্তিপ্রিয়তার কারণে দেশটির স্বাধীনতার নায়ক অং সানের মেয়ে অং সান সু চিকে গণতান্ত্রিক আন্দোলনের নেত্রী হিসেবে ১৯৯১ সালে নোবেল শান্তি পুরস্কারে (!) ভূষিত করা হয়। তাকে অভিহিত করা হয় 'এশিয়ার ম্যান্ডেলা' নামে। সাম্প্রতিক সময়ে রোহিঙ্গা ইস্যুতে তার অমানবিক ব্যক্তিত্ব স্পষ্ট হওয়ায় 'এশিয়ার ম্যান্ডেলা' খ্যাত এ নেত্রীর ভাবমূর্তি এখন পতনোনুখি।

ARSA

২৫ আগস্ট ২০১৭ মিয়ানমারের রাখাইন রাজ্যে অন্তত ৩০টি পুলিশ ও সেনা চৌকিতে যে হামলা চালানো হয়, তার দায় স্বীকার



করে বিবৃতি দেয় আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি (ARSA) নামের জাতিগত মৃক্তিকামী সংগঠন। এ সংগঠনকে আগে বলা হতো Faith Movement। ২০১২ সালের সাম্প্রদায়িক সহিংসতার প্রতিক্রিয়া থেকে ২০১৬ সালের অক্টোবরে ARSA'র

স্থানীয়ভাবে এটি পরিচিত 'হারাকাত আল ইয়াতিম' নামে। সংগঠনটির নেতা আতাউল্লাহ 'আবু আমর জুনুনি'।

১০ সেপ্টেম্বর ২০১৭ ARSA সাম্প্রতিক সংঘাতের পর একমাসের জন্য অস্ত্রবিরতির ঘোষণা দিলেও মিয়ানমার সরকার তাদেরকে 'সন্ত্রাসী' আখ্যা দিয়ে তা প্রত্যাখ্যান করে।

গণহত্যায় '৯৬৯'

নিরীহ মুসলিম রোহিঙ্গাদের নির্যাতন, হত্যা এবং তাদের বাংলাদেশে ঠেলে দিতে ২০১৪ সালে মিয়ানমার সেনাবাহিনী গড়ে তোলে '৯৬৯' নামের এক সশস্ত্র সন্ত্রাসী গোষ্ঠী। এ সন্ত্রাসী গোষ্ঠীর সদস্যদের সবাই বৌদ্ধ ধর্মাবলম্বী। সেনবাহিনীর

পাশাপাশি সাস্প্রতিক রোহিঙ্গা গণহত্যায় এরাও মাঠে নামে।

বৌদ্ধ ধর্মের প্রতীক '৯৬৯'। বৌদ্ধ ধর্মে বুদ্ধ, ধর্ম ও সংঘ— এ তিন রত্নকৈ একত্রে 'ত্রিরত্ন' বলে। অর্থাৎ বুদ্ধরত্ব, ধর্মরত্ব ও সংঘরত্ব। ত্রিপিটকে বুদ্ধের প্রধান ৯টি গুণ, ধর্মের ৬ গুণ ও সংঘের ৯ গুণের



কথা বলা হয়েছে। এমন বিশ্বাস থেকেই এসেছে '৯৬৯'।

উগ্র বৌদ্ধ ধর্মগুরু উইরাথু

রোহিঙ্গা বিদ্বেষের জন্য বিশ্বে ব্যাপকভাবে সমালোচিত কট্টর বৌদ্ধদের সংগঠন 'মা বা থা'। এর নেতৃত্বে রয়েছে উগ্র বৌদ্ধ



ধর্মগুরু আশিন উইরাথ। ২০১৪ সালে তিনি মুসলিমবিরোধী এবং জাতীয়তাবাদী এ সংগঠন গড়ে তোলে। ১ জুলাই ২০১৩ টাইম ম্যাগাজিন তাকে নিয়ে সচিত্র প্রতিবেদন করে, যার শিরোনাম ছিল 'একজন বৌদ্ধ সন্ত্রাসীর মুখ'। উইরাথু निष्करक भियानभारतत 'विन लाएनन' আখ্যায়িত করে থাকেন।

Only for job seekers...

১০০% ব্যাংকারদের দ্বারা

(প্রিলি.+লিখিত)

Achievement-এর মং	হা আয়োজন	(প্রি		
গণিত		১৬টি	া বাইরে প্রতি সপ্তাহে ইংরেজি তর উপর সলভ ক্রাস।	
ইংরেজি	:	১৪টি	28.5 -	
Analytical Ability	•	০৬টি	ने ब्रिटि	
বাংলা	•	०४ि	भित्र प्र अन्तर	
সাধারণ জ্ঞান		०४ि	्रे हुन इस्	
কম্পিউটার	:	०एपि	त याच्या उद्यास	
সলভ ক্লাস	, Ť.,	০৬টি	ক্লাসের গণিতে	
ভাইভা বোর্ড		০১টি	৪টি ক্লাসের ব এবং গণিতের	
মোট ক্লাস ৬৪টি ⁺ ও ৬টি S কোর্স শেষে ৫টি মনে	ubject ' ডল টেস্ট।	Γest	বিদ্র: ৬৪টি এবং	
আরো	যা থাক্ত			

Achieven	nent-এর ব্রাঞ্চসমূহ
পাছপথ	01701 66 55 50
নিপক্ষেত	01701 66 55 51
মৌচাক	01701 66 55 52
বাড্ডা	01701 66 55 53
উত্তরা	01701 66 55 54
মিরপুর-১০	01701 66 55 56
মিরপুর-০১	01701 66 55 57
আসাদগেট	01701 66 55 58
ময়মনসিংহ	01701 66 55 59
সিপেট	01701 66 55 61
চট্টগ্রাম	01701 66 55 62
বগুড়া	01701 66 55 63
বরিশাল	01701 66 55 90

- সর্বাধুনিক ৬০টি লেকচার শিট (শিটের বাইরে অন্য বইয়ের প্রয়োজন নেই)।
- প্রতিটি ক্লাসের সময় ২+ ঘন্টা।
- রিডিং রুমের সু-ব্যবস্থা।
- সর্বোচ্চ ৪০ জনের ব্যাচ; প্রতি ব্রাঞ্চে আসন সংখ্যা মাত্র ২০০টি।
- ঢাকার বাইরের ও চাকুরিজীবীদের জন্য শুক্র ও শনিবারের ব্যাচ। www.facebook.com/AchievementCareerCare17

এই নম্বরে (01701 66 55 44) SMS করে আপনার • আসন নিশ্চিত করুন... অথবা, ক্লাস ও ব্যাচ সম্পর্কে বিস্তারিত জানতেও

Exam Batc

Hotline: 01701 66 55 55





বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠী রোহিন্সা সংকটের ইতিহাস সুপ্রাচীন। মিয়ানমারের শাসকগোষ্ঠী ও বর্ণবাদীদের দ্বারা রোহিঙ্গা বিতাড়ন নতুন ঘটনা নয়। এ বিতাড়ন শুরু হয় ১৭৮৪ সালে। এরপর ধারাবাহিকভাবে কোনো একটি কারণ তৈরি করে বিতাড়ন করে ১৯৪২. ১৯৭৮. ১৯৯২ এবং সাম্প্রতিক সময়ে। মূলত ১৯৭০ সাল থেকে রোহিঙ্গারা মিয়ানমার ছাডতে শুরু করে। আর গত চার দশকে ১৫-২০ লাখ রোহিঙ্গা নিজ দেশ থেকে পাড়ি জমিয়েছে অন্যত্র। দেশ ছাড়া এ সকল রোহিন্সাদের প্রথম পছন্দ বাংলাদেশ। এছাড়া মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ভারত, পাকিস্তান, সৌদি আরবসহ বিভিন্ন দেশে ছডিয়ে-ছিটিয়ে আছে তারা। দেশে দেশে রোহিঙ্গা জনগোষ্ঠী

বাংলাদেশ ১০,০০,০০০+ পাকিস্তান 0,000,000 সৌদি আরব 2.00,000 মালয়েশিয়া 5.00,000 80,000 ভারত আমিরাত 30,000 থাইলাাড 0.000 5.000

রোহিঙ্গা শরণার্থী ও বাংলাদেশ মিয়ানমারে ধারাবাহিক মানবাধিকার লজ্মনের শিকার হয়ে ১৯৭৮ সাল থেকে রোহিঙ্গারা প্রতিবেশী বাংলাদেশে আসা শুরু করে। এরপর থেকে সর্বশেষ ঢলের মতো আসা শরণার্থীসহ বাংলাদেশে রোহিঙ্গা শ্বণার্থীর বর্তমানে মোট সংখ্যা ১০ লক্ষাধিক। রোহিঙ্গাদের মূল বাসভূমি রাখাইনের চেয়েও এ সংখ্যা বেশি।

ঘটনাপ্রবাহ ১৯৭৮-২০১৭

১৯৭৮ : মিয়ানমার সেনাবাহিনী কর্তক পরিচালিত 'অপারেশন নাগামিন' (কিং ড্রাগন)-এর ফলে দুই লাখ রোহিঙ্গার বাংলাদেশে প্রবেশ।


৯ জুলাই ১৯৭৮ : বাংলাদেশ ও মিয়ানুমারের মধ্যে শরাণার্থী প্রত্যূর্পণ বিষয়ক একটি চুক্তি স্বাক্ষরিত।

৩১ আগস্ট ১৯৭৮-২৯ ডিসেম্বর ১৯৭৯ : বাংলাদেশ থেকে ১.৮৭,২৫০ জন রোহিঙ্গা শরণার্থীর প্রত্যাবর্তন।

১৯৯১-১৯৯২ : মিয়ানমার সরকার কর্তক পরিচালিত 'অপারেশন পিয়ে থায়া'র ফলে আড়াই লাখ রোহিঙ্গার বাংলাদেশে প্রবেশ।

२४ विश्वन ১৯৯२ : वाश्नारमण उ মিয়ানমারের মধ্যে পুনরায় একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত। সমঝোতা অনুযায়ী ২,৩৬,৫৯৯ রোহিন্সা শরণার্থীকে মিয়ানমারে ফেরত পাঠানো হয়।

২০০৫: বাংলাদেশ থেকে রোহিঙ্গা ঘোষণা করে প্রত্যাবাসন বন্ধ মিয়ানমার।



রোহিঙ্গা সেল গঠন

বাংলাদেশের ভূখণ্ডে রোহিন্সা জনগোষ্ঠীর অনুপ্রবেশের ফলে সার্বিক পরিস্থিতি ও আইন-শুঙ্খলা নিয়ন্ত্ৰণ নিবিড়ভাবে পৰ্যবেক্ষণসহ বিভিন্ন সংস্থার কার্যক্রমের মধ্যে সমন্ত্রয় সাধনের সুবিধার্থে ১০ সেপ্টেম্বর ২০১৭ বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ রোহিঙ্গা সেল গঠন করে।

বায়োমেট্রিক নিবন্ধন শুরু

১১ সেপ্টেম্বর ২০১৭ রাতে কক্সবাজারের উখিয়ার কুতুপালং শরণার্থী ক্যাম্পে রোহিন্সা শরণার্থী নিবন্ধন শুরু হলে রোহিঙ্গা নারী রুবিয়া খাতুন সর্বপ্রথম বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধিত হন। এরপর ১২ সেপ্টেম্বর ২০১৭ বাংলাদেশ সরকার মিয়ানমার থেকে আসা রোহিঙ্গা শরণার্থীদের বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধন শুরু করে।

মাদার অব হিউম্যানিটি

১২ সেপ্টেম্বর ২০১৭ কক্সবাজারের উথিয়া উপজেলায় কুতুপালং রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প পরিদর্শন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ নিয়ে সংবাদ প্রকাশ করে ব্রিটেনভিত্তিক গণমাধ্যম 'চ্যানেল ফোর'। চ্যানেলটির এশিয়া প্রতিনিধি জনাথন মিলার তার প্রতিবেদনে তলে ধরেন ক্যাম্পে থাকা রোহিঙ্গাদের মানবেতর জীবনের কিছু অংশ। ঐ প্রতিবেদনে প্রধানমন্ত্রী শ্রেখ হাসিনাকে 'মাদার অব হিউম্যানিটি' 'মানবতার জননী' নামে আখ্যায়িত

টেকনাফ রোড

পৃথিবীর সবচেয়ে নির্যাতিত সংখ্যালঘু জাতির নাম রোহিঙ্গা। জাতিসংঘ তার এক প্রতিবেদনে রোহিঙ্গা স্থাবনার স্বতেরে নিষের সবচেয়ে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা সংখ্যালঘু জনগোষ্ঠী' হিসেবে আখ্যায়িত করে 'উদ্বাস্তু' ও 'বন্ধুহীন' এবং বিশ্বের একমাত্র রাষ্ট্রহীন নাগরিক ভাগ্যবিভৃম্বিত রোহিঙ্গারা। রোহিঙ্গা জনগোষ্ঠীকে বলা হয় 'বিশ্বের সবচেয়ে কম প্রত্যাশিত জনপদ' এবং 'বিশ্বের অন্যতম নিগৃহীত সংখ্যালঘু'। ঠিকানার খোঁজে গন্তব্যহীন পথে অবিরত হাঁটছে তারা।



রোহিঙ্গা সংকটের আদ্যোপান্ত

স্বাধীন আরাকান ও রোহিঙ্গা

স্বাধীন ও সমৃদ্ধ এক জনপদের নাম ছিল আরাকান। বঙ্গোপসাগর ও নাফ নদীর দক্ষিণ-পশ্চিম মোহনাবেষ্টিত আরাকান-ইয়োমা নামের দীর্ঘ পর্বতশৃঙ্গ আরাকানকে মিয়ানমারের অন্যান্য অঞ্চল থেকে আলাদা করেছে। আরাকানের প্রাচীন নাম ব্রহ্ম জনপদ, বর্তমানে রাখাইন। 'রাখাইন' শব্দটি এসেছে পালি শব্দ 'রাক্ষাপুরা' থেকে, যার প্রতিশব্দ হলো 'রাক্ষসপুরা' অর্থাৎ রাক্ষসদের আবাসভূমি। প্রাচীন হিন্দু ধর্মীয় শাস্ত্রাদিতে অস্ট্রিক (অস্ট্রোলয়েড) মহাজাতিকে রাক্ষস জাতি হিসেবে চিহ্নিত করা হয়েছিল।

আরাকান বা রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের বসবাসের ঐতিহাসিক পটভূমি রয়েছে। রোহিঙ্গারাই যে আরাকানের ভূমিপুত্র তা ইতিহাস নির্ধারিত করেছে। ইতিহাস বলছে, ১৪৩০-১৭৮৪ সাল পর্যন্ত ২২,০০০ বর্গমাইল আয়তনের আরাকান (পরবর্তীকালে মিয়ানমার সরকার এ অঞ্চলকে দুটি প্রদেশে ভাগ করে) স্বাধীন রাজ্য ছিল। ইতিহাস ও ভূগোল বলছে, রাখাইন প্রদেশে প্রায় খ্রিষ্টপূর্ব ১৫০০ বছর আগে পূর্ব ভারত থেকে অস্ট্রিক জাতির একটি শাখা কুরুখ নূগোষ্ঠী প্রথম বসতি স্থাপন করে। ক্রমান্তয়ে বাঙালি হিন্দু (পরবর্তীকালে ধর্মান্তরিত মুসলিম), পার্সিয়ান, তুর্কি, মোগল, পাঠান এবং অষ্টম শতাব্দীতে আরবরা বঙ্গোপসাগরের উপকূল বরাবর বসতি স্থাপন করেছে। এসব নৃগোষ্ঠীর সংকরজাত জনগোষ্ঠীই হলো এ রোহিঙ্গা। বস্তুত রোহিঙ্গারা আরাকান বা রাখাইনের একমাত্র ভূমিপুত্র জাতি।

আরাকানের পতন

১০৪৪ সালে স্বাধীন আরাকান রাজ্য দখল করে কট্টর বৌদ্ধ বর্মী রাজা আনাওহতা। তিনি মগদের বার্মা থেকে এনে দক্ষিণাঞ্চলে রোহিন্সাদের বিতাড়িত করে বৌদ্ধ বসতি স্থাপন করেন। এমনকি তথন মগরা বাংলার কিছু অংশও দখল করে নেয়। অবশ্য তা বাংলার মোগল শাসকরা উদ্ধার করে। এরপর ১৭৮৪ সাল পর্যন্ত আরাকান ছিল স্বাধীন রাজ্য। ফুলে ফলে সুশোভিত স্বর্গরাজ্য হিসেবে পরিচিত আরাকানের পতনকাল শুরু হয় ১৬৬০ সালে আরাকানের রাজা চন্ত্র সু ধর্মা কর্তৃক মোগল রাজপুত্র শাহসুজাকে হত্যার মধ্য দিয়ে। এরপর দীর্ঘ সময় ধরে আরাকানে বিরাজ করে অস্থিরতা। ১৬৬৬ সালে চট্টগ্রামের পতনের পর আরাকান রাজ্য সংকুচিত হয়ে একটি ছোট অঞ্চলে পরিণত হয় এবং রাজনৈতিকভাবে বেশ অস্থিতিশীল হয়ে ওঠে। ১৭৩১-১৭৮৪ সালের মধ্যে আরাকান রাজ্যকে ১৩ জন রাজা শাসন করেন এবং এ রাজাদের গড় শাসনকাল দুই বছরের বেশি ছিল না। আরাকানি সামন্ত রাজাদের মধ্যে কোন্দলের সুযোগে ১৭৮৫ সালের প্রথম দিকে মিয়ানমারের রাজা বোদাওফায়া এটি দখল করে বার্মার (মিয়ানমার) করদ রাজ্যে পরিণত করে।

আরাকান থেকে রাখাইন

১৮২৪ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি তৎকালীন বার্মা দখল করার পর ১৮২৬ সালে আরাকান ব্রিটিশ ডোমিনিয়নের অংশে পরিণত হয়। ৪ জানুয়ারি ১৯৪৮ বার্মা স্বাধীনতা লাভ করলে আরাকান স্থায়ীভাবে দেশটির অংশ হয়। ১৯৮১ সালে মিয়ানমারের সামরিক জান্তা আরাকান রাজ্যের নাম পরিবর্তন করে নতুন নামকরণ করে রাখাইন প্রদেশ।

রোহিঙ্গা সংকটের সূত্রপাত

আরাকান রাজ্যের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে রোহিঙ্গারা। তারা আরাকানে বহিরাগত নয়, বরং বর্মী রাজারাই আরাকানের কুখলদার। মিয়ানমারের সংবিধানে বুনিয়াদি জাতির যে সংজ্ঞা দেয়া হয়েছে, তাতেও রোহিঙ্গারা মিয়ানমারের একটি বুনিয়াদি জাতি। কিন্তু সব ঐতিহাসিক তথ্য-প্রমাণ চাপা দিয়ে আর বাস্তবতা উপেক্ষা করে দীর্ঘদিন ধরে বলা হচ্ছে রোহিঙ্গারা মিয়ানমারের নাগরিক নয়, তারা বহিরাগত। বর্বর বর্মী সরকার বার বার এ অভিযোগ উত্থাপন করে যে, রোহিঙ্গারা ভারতীয় উপমহাদেশ থেকে সদ্য অভিবাসিত একটি উপজাতি । অতএব তাদের স্থানীয় আদিরাসী গণ্য করে বর্মী শাসনতন্ত্র অনুযায়ী বার্মার নাগরিকৃত্ব দেয়া যায় না। মূলত বার্মার প্রকৃত নাগরিক না হওয়ায় রোহিঙ্গাদের বার বার দেশ থেকে বিতাড়নের ঘটনা ঘটছে। রোহিঙ্গা সংকট ইতিহাসের গভীরে প্রোথিত। যুগ যুগ ধরে তারা নির্যাতিত ও নিপীড়িত হয়ে আসছে। ব্রিটিশরা তৎকালীন বার্মার স্বাধীনতা-পূর্ববর্তী ১৩৯টি জাতিগোষ্ঠীর যে তালিকা প্রস্তুত করে তাতে রোহিঙ্গাদের নাম অন্তর্ভুক্ত করেনি। আর এ থেকেই সাম্প্রতিক সংকটের সূত্রপাত।

রোহিঙ্গা নিধনের নীলনকশা

১৯৪৮ সালে তৎকালীন বার্মা স্বাধীন হলেও রোহিঙ্গাদের ভাগ্যে এ স্বাধীনতা নিয়ে আসে নিদারুণ অভিশাপ, যা এখন গোটা বিশ্ববাসীর সামনে উনুক্ত। এরপর ১৯৬২ সালে সেনা অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা দখল করে জেনারেল নে উইন। তখন থেকে শুরু হয় মিয়ানমারে রোহিঙ্গা মুসলমানদের বঞ্চনা, লাঞ্ছনা, অত্যাচার ও নির্যাতনের এক নতুন অধ্যায়।

১৫ অক্টোবর ১৯৮২ মিয়ানমারের সামরিক জান্তা নাগরিকত্ব আইন প্রকাশ করে। এ আইনে মিয়ানমারে ১৩৫টি গোত্রভুক্ত মানুষই মিয়ানমারের পূর্ণাঙ্গ নাগরিক হিসেবে গণ্য করা হয়। রোহিঙ্গাদের গোত্র হিসেবে অস্বীকার করে সামরিক সরকার। এরপর বিভিন্ন সময়ে তাদের চলাচলের ওপর বিধি-নিষেধ আরোপ করা হয়। ফলে তারা হয়ে যায় নিজভূমে পরবাসী। বিশ্বের বুকে জন্ম নেয় রাষ্ট্রবিহীন সবচেয়ে বড় জনগোষ্ঠী।

১৯৭০-এর পর থেকে রোহিঙ্গাদের নাগরিকত্ব সনদ বন্ধ করা হয়। ১৯৭৪ সালে কেড়ে নেয়া হয় ভোটাধিকার। আর ১৯৭৮ সাল থেকে শুরু হয় রোহিঙ্গা নিধন ও বিতাড়ন, যা ধারাবাহিকভাবে বর্তমান সময় পর্যন্ত চলছে।

সংকট নিরসনে পদক্ষেপ

আনান কমিশন ও সুপারিশ

বৈশ্বিক সমালোচনার মুখে মিয়ানমারের স্টেট কাউন্সিলর অং সান সু চি ২৪ আগস্ট ২০১৬ রাখাইন রাজ্য পরিস্থিতির উন্নয়নে গঠন করেন রাখাইন উপদেষ্টা



কমিশন'। জাতিসংঘের সাবেক মহাসচিব ও নোবেল শান্তি পুরস্কারে ভূষিত ঘানার নাগরিক কফি আনানের নেতৃত্বে ৯ সদসারিশিষ্ট এ কমিশন 'আনান কমিশন' নামে পরিচিতি পায়। এ কমিশনের ৬ জন সদস্যই ছিলেন মিয়ানমারের নাগরিক। ২৪ আগস্ট ২০১৭ কমিশন তার প্রতিবেদন প্রকাশ করে। দীর্ঘ ১ বছর মিয়ানমারের সিটওয়ে, মংডু, বুথিডং, ইয়াঙ্গুন, নেপিদো ছাড়াও ব্যাংকক, ঢাকা, কক্সবাজার ও জেনেভায় অন্তত ১৫৫টি বৈঠক করে প্রায় ১১০০ ব্যক্তির সাথে আলোচনা করে কমিশন তাদের প্রতিবেদন তৈরি করে। কমিশন তাদের চূড়ান্ত প্রতিবেদনে ৮৮টি সুপারিশ করে। এতে রাখাইনের অর্থনৈতিক উন্নয়ন, মানবিক সহায়তা, লোকজনের অবাধ চলাচল ও নাগরিকত্ব আইনের বিষয়ে সুপারিশ করা হয়।

আনান কমিশনের সুপারিশ বাস্তবায়নে ১২ সেপ্টেম্বর ২০১৭ মিয়ানমারে প্রেসিডেন্টের দফতর থেকে দেয়া এক বিবৃতির মাধ্যমে গঠন করা হয় ১৫ সদস্যের 'ইমপ্লিমেন্টেশন কমিটি অব রাখাইন অ্যাডভাইজরি কমিটি'। রোহিঙ্গা এলাকাগুলোয় এ কমিটি নিরাপত্তাব্যবস্থা উন্নত, অর্থনৈতিক উন্নয়ন ও রোহিন্সা অধ্যুষিত অঞ্চলে সামাজিক সম্পর্কের বিষয়ে কাজ করবে। পাশাপাশি তারা জাতিগত সংখ্যালঘু বসবাসকারীদের গ্রাম এবং উচ্ছেদ হওয়া মানুষকে শিবিরে স্থিতিশীলতা বজায় রাখার কাজ করবে।

মিয়ানমারের রাখাইন রাজ্যে সংখ্যালঘু রোহিঙ্গা মুসলমানদের নিয়ে যে গভীর সংকট সৃষ্টি হয়েছে, তা নিরসন হতে পারে আনান কমিশনের সুপারিশ বাস্তবায়নের মাধ্যমে। আনান কমিশনের সুপারিশগুলো বাস্তবায়িত হলে রোহিঙ্গা সমস্যার পুরোপুরি সমাধান সম্ভব।

বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রস্তাব


২২ সেপ্টেম্বর ২০১৭ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরে সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনের ভাষণে রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানের দ্রুত কার্যকর উদ্যোগ নিতে জাতিসংঘ এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। তিনি অবিলম্বে মিয়ানমারের সহিংসতা ও জাতিগত নিধন নিঃশর্তভাবে বন্ধ করে শান্তি ও স্থিতিশীলতা ফিরিয়ে আনার লক্ষ্যে সুনির্দিষ্ট ৫টি প্রস্তাব পেশ করেন।



প্রধানমন্ত্রীর 🕻 প্রস্তাব

- ১. অনতিবিলম্বে ও চিরতরে মিয়ানমারে সহিংসতা ও 'জাতিগত নিধন' নিঃশর্তে বন্ধ করা।
- ২. অনতিবিলম্বে মিয়ানমারে জাতিসংঘ মহাসচিবের निजय अनुस्रकानी केन शाठीता।
- ৩. জাতি-ধর্ম নির্বিশেষে সব নাগরিকের নিরাপত্তা বিধানের লক্ষ্যে মিয়ানমারের ভেতরে জাতিসংঘের তত্ত্বাবধানে সুরক্ষাবলয় গড়ে তোলা।
- রাখাইন রাজ্য থেকে জোর করে তাড়িয়ে দেওয়া সব রোহিঙ্গাকে মিয়ানমারে তাদের নিজেদের বাড়িতে প্রত্যাবর্তন ও পুনর্বাসন নিশ্চিত করা।
- ৫. কফি আনান কমিশনের সুপারিশমালার নিঃশর্ত, পূর্ণ এবং দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করা।

উত্তর কোরিয়ার হাইড্রোজেন বোমার পরীক্ষা



৩ সেপ্টেম্বর ২০১৭ উত্তর কোরিয়া যষ্ঠ ও সর্ববৃহৎ পরমাণু পরীক্ষা চালায়। এটি দেশটির দ্বিতীয় হাইড্রোজেন বোমার পরীক্ষা। এ পরীক্ষার জেরে উত্তর কোরিয়ার উত্তর-পশ্চিমে ৬.৩ মাত্রার ভূকম্পন সৃষ্টি হয়। এর গভীরতা ছিল ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার নিচে। ভূকস্পনের মাত্রা বিবেচনা করে অনেক বিশেষজ্ঞ বলছেন, উত্তর কোরিয়ার পরীক্ষা করা সর্বশেষ বোমাটির শক্তি ছিল ১০০ কিলোটনের মতো। অর্থাৎ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ৯ আগস্ট ১৯৪৫ জাপানের নাগাসাকি শহরে Fatman নামে যুক্তরাষ্ট্রের যে পারমাণবিক বোমা তাৎক্ষণিক ৭০ হাজার মানুষের জীবন নিয়েছিল, উত্তর কোরিয়ার সর্বশেষ বোমাটির শক্তি তার চেয়ে পাঁচ গুণ (অনেকে বলছেন আট গুণ) বেশি। উ. কোরিয়ার (৬) পারমাণবিক পরীক্ষা ৯ অক্টোবর ২০০৬ বিশ্বের অষ্টম দেশ হিসেবে পারমাণবিক পরীক্ষা চালায় উত্তর কোরিয়া। এরপর থেকে ৩ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত উত্তর কোরিয়া বিভিন্ন সময়ে মোট ৬টি পারমাণবিক পরীক্ষা চালায়, যার সবগুলোই পুঙ্গে-রি পরীক্ষা কেন্দ্রে চালানো হয়। পারমাণবিক পরীক্ষার সময়কাল : ৯ অক্টোবর

২০১৬। ৩ সেপ্টেম্বর ২০১৭। – ষষ্ঠ দেশ হিসেবে হাইড্রোজেন বোমার প্রথম मकन পরীক্ষা চালায় ৬ জানুয়ারি ২০১৬।

२००७। २৫ म २००৯। ১२ फ्ल्यांति

২০১৩। ৬ জানুয়ারি ২০১৬। ৯ সেপ্টেম্বর

- সর্ববৃহৎ পারমাণবিক পরীক্ষা চালায় ৩ সেপ্টেম্বর ২০১৭।

নিষেধাজ্ঞার কবলে উত্তর কোরিয়া

১১ সেপ্টেম্বর ২০১৭ জাতিসংঘের নিরাপত্তা পরিষদ সর্বসন্মত সিদ্ধান্তে উত্তর কোরিয়ার বিরুদ্ধে নতুন নিষেধাজ্ঞা আরোপ করে। উত্তর কোরিয়ার পরমাণু অস্ত্র ও ক্ষেপণাস্ত্র কর্মসূচি বন্ধ করতে ২০০৬ সাল থেকে পিয়ংইয়ংয়ের বিরুদ্ধে এবার নিয়ে নবমবারের মতো নিষেধাজ্ঞা আরোপ করে জাতিসংঘ। निरंपधांखा चारताशकान : ১৫ जुनार २००५ । ১৪ অক্টোবর ২০০৬ | ১২ জুন ২০০৯ | ২২ জানুয়ারি

२०১७। १ मार्চ २०১७। २ मार्চ २०১७। ७० नएउपत

২০১৬।৫ আগস্ট ২০১৭।১১ সেপ্টেম্বর ২০১৭।

সাবেক সোভিয়েত ইউনিয়ন (বর্তমান রাশিয়া) ও যুক্তরাষ্ট্রের মধ্যকার শীতল যুদ্ধের সময় সাবেক সোভারেত বভানর (এতনা সাম্প্রিক ১৯৪৯ সোভিয়েত ইউনিয়ন পারমাণবিক বাব্যাবিক (Atom) বোমার সফল পরীক্ষা চালানোর পর আরও শক্তিশালী বোমা বানানোর প্রোজনীয়তা থেকেই হাইড্রোজেন বোমা তৈরিতে তৎপর হয় যুক্তরাষ্ট্র। দেশের মধ্যেই অনেক বিরোধিতা থাকা সত্ত্বেও হাঙ্গেরিতে জন্মগ্রহণকারী মার্কিন প্রমাণু পদার্থবিদ এডওয়ার্ড টেলার-এর নেতৃত্বে সরকারি পৃষ্ঠপোষকতায় শুরু হয় যুক্তরাষ্ট্রের হাইড্রোজেন বোমা বানানোর প্রকল্প । এ প্রকল্পের অধীনে ১ নভেম্বর ১৯৫২ প্রশান্ত মহাসাগরীয় মার্শাল দ্বীপের এনিউইটাকে (Enewetak) সর্বপ্রথম সফলভাবে হাইড্রোজেন বোমার বিক্ষোরণ ঘটায় যুক্তরাষ্ট্র। আর এ কারণে এডওয়ার্ড টেলার-কে বলা হয় হাইড্রোজেন বোমার জনক'।

অন্যদিকে সোভিয়েত ইউনিয়নও পরমাণু বিজ্ঞানী আন্দ্রে শাখারভ-এর নেতৃত্বে এক বছরের মধ্যে ১২ আগস্ট ১৯৫৩ হাইড্রোজেন বোমার সফল পরীক্ষা চালায়। এরপর যুক্তরাজ্য, চীন ও ফ্রান্স যথাক্রমে ১৫ মে ১৯৫৭, ১৭ জুন ১৯৬৭ ও ২৮ আগস্ট ১৯৬৮ হাইড্রোজেন বোমার সফল পরীক্ষা চালায়। আর সর্বশেষ ৬ জানুয়ারি ২০১৬ ষষ্ঠ দেশ হিসেবে হাইড্রোজেন বোমার সফল পরীক্ষা চালায় উত্তর কোরিয়া।

হাইড়োজেন বেমা

পারমাণবিক ফিশন + ফিউশন বিক্রিয়া

১. প্রথম ধাপে ফিশন বিক্রিয়া প্রথম ধাপ ইউরেনিয়াম ও প্রটোনিয়ামের ফিশন বোমা ভাঙন বিক্রিয়া (ফিশন) (পারমাণবিক বোমা) ব্যাপক তাপ, এক্স-রশ্মি ও বিক্রিয়ায় ভাঙবে এমন নিউট্রন উৎপন্ন করে উপাদানের মজ্জা

- ইউরেনিয়াম ২৩৫ - প্রটোনিয়াম ২৩৯

দিতীয় ধাপ -ফিউশন বোমা লিথিয়াম-৬ ডুিউটেরাইড জালানি প্রটোনিয়ামের মজ্জা দণ্ড

চাপ ও তাপ পড়ার মাধ্যমে দ্বিতীয় ধাপে প্রবেশ করে ফিশন বিক্রিয়া ইউরেনিয়াম

প্রটোনিয়ামের মজ্জা দণ্ডের ওপর


২. দ্বিতীয় ধাপে ফিশন বিক্রিয়া লিথিয়াম-৬ ডিউটেরাইড ও প্রটোনিয়াম মজ্জা থেকে নিউট্রন উৎপন্ন হয়

ডিউটেরিয়াম (হাইড্রোজেনের স্থিতিশীল আইসোটোপ) ও ট্রিটিয়াম (হাইড্রোজেনের তেজস্ক্রিয় আইসোটোপ) উৎপন্ন হয়



৩. ফিউশন বিক্রিয়া প্রচণ্ড তাপ ও চাপ উৎপন্ন হয়

হাইড্রোজেন আইসোটোপের ফিউশন (ডিউটেরিয়াম ও ট্রিটিয়াম)




২৩৮-এর খোলস

ডিউটেরিয়াম ও ট্রিটিয়ামের বিফোরণ



হাইড্রোজেন বোমার আরেক নাম থার্মোনিউক্লিয়ার বোমা (ডিভাইস)। ধংসের জন্য এর চেয়ে শক্তিশালী অস্ত্র পৃথিবীতে আর নেই। আণবিক বা পারমাণবিক বোমার চেয়ে হাজারগুণ বেশি শক্তিধর হতে পারে হাইড্রোজেন বোমা। এ বোমা বিস্ফোরণে লাখ লাখ ডিগ্রি তাপমাত্রার সৃষ্টি হয়। যুদ্ধক্ষেত্রে এখনো পর্যন্ত হাইড্রোজেন বোমা ব্যবহার করেনি কোনো দেশ। এ পর্যন্ত পরীক্ষিত সবচেয়ে শক্তিশালী হাইড্রোজেন বোমা হচ্ছে ১৯৬১ সালে সোভিয়েত ইউনিয়ন কর্তৃক পরীক্ষা চালানো 'জার বোমা'। রুশ ভাষায় 'জার' অর্থ 'রাজা'। অর্থাৎ 'জার বোমা' মানে 'বোমার রাজা'। এর সক্ষমতা ছিল ৫০,০০০ কিলোটন।



পাকিস্তানের আদমশুমারির রিপোর্ট প্রকাশ

১৫ মার্চ-২৫ মে ২০১৭ পর্যন্ত পাকিস্তানে ১৯ বছরের মধ্যে প্রথম আদমশুমারি করা হয়। এটা ছিল দেশটির ষষ্ঠ আদমশুমারি। ২৫ আগস্ট ২০১৭ কাউন্সিল অব কমন প্রশাসনিক ইউনিটভিত্তিক খানা-জনসংখ্যা-বৃদ্ধির হার (%) ইন্টারেস্ট (RCI) প্রকাশ করে অন্তর্বর্তীকালীন প্রশাসনিক ইউনিট

আদমশুমারির ফলাফল

মোট জনসংখ্যা : ২০,৭৭,৭৪,৫২০ জন পুরুষ : ১০.৬৫ কোটি ● নারী : ১০.১৩ কোটি াট্রাঙ্গ জেন্ডার : ১০,৪১৮ জন

আদমশুমারি রিপোর্ট। প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, পাকিস্তানের বর্তমান জনসংখ্যা

প্রশাসানক হড়ান্টাভাও প্রশাসনিক ইউনিট	খানা	জনসংখ্যা	বৃদ্ধির হার (%)
খাইবার পাখতুনখা	06,84,366	७,०৫,२७,७१১	2.6%
ফেডারেল শাসিত উপজাতীয় এলাকা	८,८४,७१५	60,03,696	2.83
পাঞ্জাব	3,93,00,000	١٤,٥٥,١٤,88٤	2.50
সিম্ব	ba,ba,930	8,96,66,063	২.৪১
বেলুচিস্তান	১৭,৭৫,৯৩৭	3,20,88,806	9.09
ইসলামাবাদ ক্যাপিটাল টেরিটরি (ICT)	৩,৩৬,১৮২	২০,০৬,৫৭২	8.85
মোট	७,२२,०৫,১১১	२०,११,१८,৫२०	₹.80

২০,৭৭,৭৪,৫২০ জন। এর ফলে জনসংখ্যার দিক থেকে পাকিস্তান ব্রাজিলকে পেছনে ফেলে এখন বিশ্বের পঞ্চম জনবহুল দেশ। পাকিস্তানে আদমশুমারি > প্রথম : ১৯৫১। দ্বিতীয় : ১৯৬১। তৃতীয় : ১৯৭২। চতুর্থ : ১৯৮১। পঞ্চম : ১৯৯৮। ষষ্ঠ : ২০১৭।

সিঙ্গাপরে প্রথম নারী প্রেসিডেন্ট

১৩ সেপ্টেম্বর ২০১৭ পার্লামেন্টের সাবেক স্পিকার হালিমা ইয়াকুবকে সিঙ্গাপুরের প্রথম নির্বাচিত নারী প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা করা হয়। ১৪ সেপ্টেম্বর ২০১৭ তিনি দেশটির প্রথম মুসলিম নারী ও অষ্টম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

হালিমা ইয়াকুব দেশটির ৪৭ বছরের ইতিহাসে দিতীয় মালয় প্রেসিডেন্ট। তার জন্ম ২৩ আগস্ট ১৯৫৪। তিনি বাবার দিক থেকে ভারতীয় বংশোদ্ভৃত, আর মায়ের দিক থেকে মালয় বংশের।

হালিমা ইয়াকুবের আগে মালয় সম্প্রদায় থেকে সিঙ্গাপুরের প্রেসিডেন্ট হয়েছিলেন দেশটির প্রথম প্রেসিডেন্ট ইউসুফ

প্রোসভেন্ট হয়েছিলেন দেশটির প্রথম প্রেসিডেন্ট ইউসুফ ইসহাক। ৯ আগস্ট ১৯৬৫-২৩ নভেম্বর ১৯৭০ তিনি সিঙ্গাপুরের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন। সিঙ্গাপুরের ব্যাংক নোটগুলোতে তার ছবি রয়েছে।

বহু সংস্কৃতির নগর-রাষ্ট্র সিঙ্গাপুরের প্রেসিডেন্ট প্রধানত একটি নিয়মতান্ত্রিক পদ। দেশটির নির্বাহী ক্ষমতা প্রধানমন্ত্রীর হাতে।

বিশ্বের প্রথম ফতোয়া বথ

সাধারণ জনগণ এবং পর্যটকদের কাছে বিনামূল্যে ইসলামী বিধি-বিধান বা অনুশাসনের পরামর্শ দেয়ার উদ্দেশ্যে মিসরের রাজধানী

কায়রোর মেট্রোতে বিশ্বের প্রথম ফতোয়া বুথ বা ইসলামিক অনুশাসন কেন্দ্র চালু হয়েছে। মিসরের সুন্নি মুসলিম কর্তৃপক্ষ আল-



আজহারের তত্ত্বাবধানে এসব বুথ স্থাপন করা হচ্ছে। শুরুতে প্রতিটি সাবওয়ে স্টেশনে একটি করে বুথ বসানো হবে। সকাল ৯টা থেকে রাত ৮টা পর্যন্ত এসব বুথে সেবা পাওয়া যাবে। সেখানে বসে থাকা আলেম বা শায়খরা নানা প্রশ্নের উত্তর দিবেন।

ডোকলাম সীমান্ত বিরোধের অবসান 🖟

টানা আড়াই মাস ধরে চলতে থাকা ভারত-চীন-ভূটানের সীমান্ত সংযোগস্থল ডোকলাম নিয়ে চীন-ভারতের বিরোধের অবসান ঘটেছে। উভয় দেশের মধ্যে মাত্র তিন ঘণ্টার এক বৈঠকে নিষ্পত্তি হয়ে যায় ডোকলাম সীমান্ত বিরোধ। ২৭ আগস্ট ২০১৭ এক বৈঠকে বিভেদ ভূলে পারম্পরিক সুম্পর্ক স্থাপনে রাজি হয় চীন ও ভারত। এরপর ২৮ আগস্ট ২০১৭ বিরোধ সমাপ্তির আনুষ্ঠানিক ঘোষণা দেয় দেশ দুটি।

অক্টোবর বিপ্লবের

য় গ যুগ ধরে মানুষ শোষণহীন, সাম্যবাদী সমাজের স্থ দেখেছে। সেই স্বপুকে বাস্তবে রূপ দিতে উনবিংশ শতাব্দীতে বৈজ্ঞানিক সমাজতন্ত্রের রূপরেখা তুলে ধরেছিলেন কার্ল মার্কস ও ফ্রেডারিখ এঙ্গেলস। তাদের মতাদর্শকে ধারণ করে বিশেষত

বলশেভিক পার্টি তথা কমিউনিস্ট পার্টি তৎকালীন রুশ সাম্রাজ্যের জার স্বৈরতন্ত্রের বিরুদ্ধে সংগ্রাম গড়ে তোলে। এ সংগ্রাম ধীরে ধীরে বিপ্লবে রূপ নেয়। ১৯০৫ সালে এরূপ এক বিপ্লব বার্থ হয়। তারপর ১৯১৭ সালে ফেব্রুয়ারি বিপ্লব হয়। সেই বিপ্লবে জার স্বৈরতন্ত্র অর্থাৎ জার দিতীয় নিকোলাস উৎখাত হয় এবং 'অস্থায়ী সরকার' গঠিত হয়। ১০ অক্টোবর ১৯১৭ লেনিনের নেতৃত্বাধীন বলশেভিক পার্টির কেন্দ্রীয় কমিটি অস্থায়ী সরকারের বিরুদ্ধে সশস্ত্র অভ্যুত্থানের পরিকল্পনা গ্রহণ করে। ২৫ অক্টোবর ১৯১৭ কমরেড ভ্লাদিমির ইলিচ উলিয়ানভ লেনিনের পরিচালনায় ও বলশেভিক পার্টির (কমিউনিস্ট পার্টির) নেতৃত্বে 'অক্টোবর বিপ্লব' সংঘটিত হয়। বিপ্লবটি পুরোনো জুলিয়ান বর্ষপঞ্জি অনুসারে ২৫ অক্টোবরে, আর



নতুন গ্রেগরীয় বর্ষপঞ্জি অনুসারে ৭ নভেম্বরে সংঘটিত হয়েছিল। এ কারণে ৭ নভেম্বরে সংঘটিত হলেও এ বিপ্লবকে মহান 'অক্টোবর সমাজতান্ত্রিক বিপ্লব' হিসেবে আখ্যায়িত করা হয়। এ বিপ্লব প্রকৃত্ই মানব জাতির ইতিহাসে সূচনা করেছিল এক নতুন যুগের। অক্টোবর বিপ্লবই প্রথম সফল বিপ্লব, যার মধ্য দিয়ে গড়ে উঠেছিল শোষণহীন এক নতুন রাষ্ট্রব্যবস্থা। সূচিত হয়েছিল শোষ্ণমুক্ত সমাজের দিকে যাত্রা। এ বিপ্লব পুঁজিবাদের ভিত্তিমূলে বড় রকমের এক ভাঙন ও চিড় ধরিয়েছিল। দাসত্ত্বের শৃঙ্খুল থেকে মুক্তি দিয়েছিল বিশ্বের বিপুল সংখ্যক মানুষকে। মানুষ পেয়েছিল মুক্তির স্বাদ। কায়েম হয়েছিল শোষিত শ্রমিক শ্রেণির একনায়কতন্ত্র। তবে বিশ্বব্যাপী এ বিপ্লবকে গ্রহণ করা হয়নি, যার ফলে ৭ নভেম্বর ১৯১৭—২৫ অক্টোবর ১৯২২ পর্যন্ত রাশিয়াতে সংঘটিত হয় গৃহযুদ্ধ। অবশেষে ১৯২২ সালে সমাজতান্ত্রিক সোভিয়েত ইউনিয়নের জন্ম হয়। ২৬ ডিসেম্বর ১৯৯১ সোভিয়েত ইউনিয়ন বিলুপ্ত ঘোষণা করা হয় এবং এরই সাথে সাথে বলশেভিক পার্টির প্রভাবও কমে যায়। ২০১৭ সাল 'অক্টোবর বিপ্লবের' শতবর্ষ।


বিহুলার বাহুল আমার এখারে

মিসরের প্রত্নতাত্ত্বিকরা রাজকীয় এক স্বর্ণকারের সমাধির সন্ধান পেয়েছেন, যাতে এক নারী ও তার দুই সন্তানকে মমি করে রাখা হয়েছিল। খ্রিস্টপূর্ব ১৬০০-১১০০ অব্দের মধ্যে নিউ কিংডমের সময়কালে কায়রোর ৪০০ মাইল দক্ষিণে লুক্সরের নাইল শহরের কাছে ঐ সমাধিস্থল তৈরি হয়েছিল। সমাধির ভেতরে থাকা জিনিসপত্রের মধ্যে স্ত্রীর পাশে বসা স্বর্ণকার আমেনেমহাটের একটি মূর্তিও আছে। মমি করে রাখা নারীর হাড়ে ব্যাকটেরিয়ার সংক্রমণ ছিল, মৃত্যুর সময় তার বয়স ছিল পঞ্চাশের মতো। মমি করার সময় দুই ছেলের বয়স ছিল ২০-৩০ এর মধ্যে। তাদের মৃতদেহগুলো যত্নসহকারে সংরক্ষণ করা ছিল।

ইউরোপের সর্বোচ্চ পর্যবেক্ষণ ডেক

ইউরোপের সর্বোচ্চ পর্যবেক্ষণ ডেক (অবজারভেশন ডেক) চালু হতে যাচ্ছে রাশিয়ার মঙ্কো শহরে। এর অবস্থান মঞ্চোর ভস্তক টাওয়ারের ৮৯ তলায়। ভস্তক টাওয়ারটি মঙ্কোর ফেডারেশন

কমপ্লেক্সে অবস্থিত। ২০১৭ সালের শেষ দিকে ফেডারেশন টাওয়ার কমপ্লেক্সের নির্মাণকাজ শেষ হবে। ২০১৮ সালের গুরুর मिक अपि मर्गनार्थी (मत जना উন্ত করে দেয়া হবে। এ



পর্যবেক্ষণ ডেকে দাঁড়িয়ে চারদিকই দেখা যাবে। থাকবে ১০টি থিম জোন; যার মাধ্যমে দর্শনার্থীরা মঙ্কোর ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জানতে পারবে। মূলত পর্যবেক্ষণ ডেক হলো চারপাশ দেখার একটা প্লাটফর্ম। সাধারণত উঁচু কোনো ভবন কিংবা টাওয়ারে এটি স্থাপন করা হয়।

বিশ্বের সর্বোচ্চ পর্যবেক্ষণ ডেক বর্তমানে চীনের সাংহাইয়ে অবস্থিত। সাংহাই টাওয়ারের ঐ ডেকের উচ্চতা ৫৬১ মিটার। এর পরেই আছে সংযুক্ত আরব আমিরাতের বুর্জ খলিফার পর্যবেক্ষণ ডেক; যার উচ্চতা ৫৫৫ মিটার।

খ্রিস্টপূর্ব নবম শতকে ফিনিশীয়দের হাতে গড়ে উঠেছিল নেপোলিস নগরী। আফ্রিকার তিউনিসিয়ায় অবস্থিত এ নগরীটি প্রাচীনকালে একটি বাণিজ্য কেন্দ্র হিসেবে পরিচিত ছিল। তবে খ্রিস্টপূর্ব ১৪৯-১৪৬ অব্দে তৃতীয় পিউনিক যুদ্ধে কার্থেজের পক্ষে গিয়ে রোমানদের कार्ष्ट ट्रांत या ७ या त भी त भी त थे के के व दातार था त নেপোলিস। খ্রিস্টাব্দ দিতীয় শতকে এ শহরটি পুরোপ্ররি রোমানদের দখলে চলে আসে। ধারণা করা হয়, খ্রিস্টাব্দ চতুর্থ শতকে এক সুনামি গ্রাস করে এ নগরীকে। ফলে তলিয়ে যায় পুরো শহর। ধ্বংস হয় এর অধিকাংশ এলাকা। এক রোমান সৈনিক ও ঐতিহাসিক আমিন মার্সেলিন জানিয়েছিলেন এ নগরীর কথা। তিউনিসিয়া ও ইতালির যৌথ প্রত্নতাত্ত্বিক দল তিউনিসিয়ার নাবিউল এলাকায় সম্প্রতি ঐ প্রাচীন নগরী নেপোলিসের সন্ধান পান।

গুণিতে শূন্যের (০) আকৃতি হলো একটা ছোট গোলাকার বৃত্ত। তবে ওরুতে এর আকৃতি ছিল অন্য রকম। তখন কালো এ বৃত্তটাকৈ ভরাট করে শূন্য বোঝানো হতো। ১৬ সেপ্টেম্বর ২০১৭ শূন্য সম্পর্কিত নতুন এ তথ্য দেয় বিজ্ঞান সাময়িকী ন্যাশনাল জিওগ্রাফি। নতুন এ তথ্য অনুসারে, খ্রিষ্টীয় তৃতীয় শতকের একটি পার্ছলিপিতে ব্যবহৃত কালো ভরাট বিন্দু ই গুণিতশাস্ত্রে ব্যবহৃত প্রথম শূন্য। গণিতের হিসাব-নিকাশে এ বিন্দুই শূন্য হিসেবে ব্যবহার করা হত প্রায় ১৮০০ বছুর আগে।

পাকিস্তানের পেশোয়ার শহরের কাছে বাখশিলা নামে এক থামে পাওয়া এ পাওুলিপির নামকরণ করা হয় 'বাখশিলা পাণ্ডুলিপি'। ১৮৮১ সালে বাখশিলা গ্রামে মাটির নিচে চাপা অবস্থায় উদ্ধার করা হয় এটি। পাণ্ডুলিপিটি ১৯০২ সাল থেকে অক্সফোর্ডের বোদলিয়ান লাইব্রেরিতে সংরক্ষিত রয়েছে।

প্রাচীন ভারতের পণ্ডিতরাই গণিতশাস্ত্রের শূন্যের (০) উদ্ভাবক এটি বিশ্বজুড়ে স্বীকৃত। এ আবিষ্কারের ফলে প্রাচীন ভারতেই যে শূন্যের প্রথম ব্যবহার হয়েছিল, সেটি আরও সুদৃঢ় হলো।

কব্সবাজার জেলায় প্রতি বর্গকিলোমিটারে লোক বাস করে ৯১৯ জন আদমশুমারি ২০১১

'সুপার ম্যালেরিয়া'র বিস্তার

দক্ষিণ-পূর্ব এশিয়ায় 'সুপার ম্যালেরিয়া'র দ্রুত বিস্তার ঘটছে।
এটা বিশ্বব্যাপী ভয়ানক হুমকি হয়ে দাঁড়িয়েছে বলে সতর্ক
করেছেন বিজ্ঞানীরা। সুপার ম্যালেরিয়া হচ্ছে ম্যালেরিয়া জীবাণুর
বিপজ্জনক সংস্করণ, যা ম্যালেরিয়া রোগ সারাতে বর্তমানে
প্রচলিত প্রধান ওষুধে নিরাময়যোগ্য নয়। কম্বোডিয়ায় প্রথম
সুপার ম্যালেরিয়া দেখা যায়। পরবর্তী সময়ে এর জীবাণু
থাইল্যান্ড, লাওস ও ভিয়েতনামের দক্ষিণাঞ্চলে ছড়িয়ে পড়ে।

প্রতিবছর বিশ্বের প্রায় ২১ কোটি ২০ লাখ মানুষ ম্যালেরিয়ায় আক্রান্ত হয়। বিশ্বে ম্যালেরিয়া রোগে আক্রান্ত হওয়া ব্যক্তিদের ৯২ শতাংশই আফ্রিকার। ম্যালেরিয়া রোগ নিরাময়ে প্রধানত ব্যবহার করা হয় যে ওষুধটি, তার নাম *আরতেমিসিনিন*। বর্তমানে পিপরাকুইনের সমন্বয়ে প্রস্তুত করা হয় এ ওষুধ।

আগামীর যুদ্ধার

🥌 প্রথম মনুষ্যবিহীন অ্যাটাক হেলিকপ্টার 🖳

১৫ সেপ্টেম্বর ২০১৭ বিদেশি ক্রেতাদের জন্য নিজেদের মনুষ্যবিহীন প্রথম হেলিক্সীরের প্রদর্শন করে চীন। ৭.২ মিটার



লম্বা হেলিকপ্টারটি চীনের জিয়ার্থশ প্রদেশের জিংদেঝেনে অবস্থিত AVIC'র রিসার্চ ও ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে তৈরি করা হয়। এর ওজন

৪৫০ কেজি এবং ঘণ্টায় গতি সর্বোচ্চ ১৭০ কি.মি.। এটি ৪০০০ কি.মি. উপর দিয়ে/উড়তে সক্ষম এবং ১২০ কেজি ওজনের অস্ত্র নিয়ে কয়েক ঘণ্টা ধরে অনায়াসে উড়তে পারে।

সর্বাধুনিক 'থাভার' যুদ্ধবিমান পাকিন্তান-চীন যৌথভাবে নতুন JF-17B যুদ্ধবিমান তৈরি শুরু

করেছে। এ যুদ্ধবিমান ২০১৮ সালে পাকিস্তান বিমান বাহিনীতে আনুষ্ঠানিকভাবে অন্তর্ভুক্ত হবে।



তপ্তচরবৃত্তির কাজে রোবট সাবমেরিন স্বান্থ্যবিহীন ড্রোন আবিষ্কারের প্রায় এক দশক পর এবার মহাসাগরে ভাসতে যাচ্ছে মনুষ্যবিহীন রোবট সাবমেরিন। যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর হাতে এটি আসতে যাচ্ছে। শিকাগোভিত্তিক বোয়িং কোম্পানি এ সাবমেরিন রোবট তৈরি করছে। ৫১ ফুট দৈর্ঘ্যের এ জল্যানের নাম দেয়া হয়েছে ইকো ভয়েজার'।

তাজিকিস্তানে হিজাব নিষিদ্ধ

মুসলিম দেশ হয়েও সম্প্রতি হিজাব নিষিদ্ধ করে তাজিকিস্তান সরকার। সে দেশের নাগরিকদের ৯৮ ভাগই মুসলিম। তাই স্বাভাবিকভাবেই সরকারের এমন সিদ্ধান্তের বিরুদ্ধে বিরোধিতা এসেছিল। সেই বিরোধিতা উপেক্ষা করেই নতুন এ আইন পাস করা হয়।

অমুসলিমকে বিয়ে

সম্প্রতি তিউনিসিয়ায় ১৯৭৩ সালে প্রণীত বিয়ে সীমাবদ্ধতা আইন বাতিল করা হয়। এর ফলে যে কোনো ধর্মের লোককে নারীরা স্বামী হিসেবে গ্রহণ করতে পারবেন। আগের আইনের অধীনে অমুসলিম পুরুষ কোনো নারীকে বিয়ে করতে চাইলে তাকে ধর্মান্তরিত হয়ে ইসলাম গ্রহণ ও সনদ দাখিল করতে হতো। দেশটির ৯৯% লোক মুসলমান।

কেনিয়া

नेया 🌐

প্রাসিডেন্ট নির্বাচন বাতিল

৮ আগন্ট ২০১৭ কেনিয়ায় অনুষ্ঠিত প্রেসিডেন্ট নির্বাচনে উহুরু
কেনিয়ান্তাকে জয়ী ঘোষণা করে দেশটির নির্বাচন কমিশন।
বিরোধী দল এ নির্বাচনে অনিয়ম ও কারচুপির অভিযোগ করে। এ
পরিপ্রেক্ষিতে ১ সেপ্টেম্বর ২০১৭ দেশটির সুপ্রিমকোর্ট ঐ নির্বাচন
বাতিল করে। একই সাথে আগামী ৬০ দিনের মধ্যে পুনরায়
নির্বাচন অনুষ্ঠানের নির্দেশ দেয়া হয়। কেনিয়াই প্রথম আফ্রিকান
দেশ, যেখানে আদালত প্রেসিডেন্ট নির্বাচনের ফল বাতিল করে।

২৬ অক্টোবর ২০১৭ নতুন করে দেশটিতে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন ক্ষমতাসীন প্রেসিডেন্ট উহুরু কেনিয়ান্তা ও বিরোধী দলীয় প্রবীণ নেতা রাইলা ওডিঙ্গা।

প্রান্টিক ব্যাণের বিরুদ্ধে কঠোর আইন
প্রান্টিক ব্যাণ ব্যবহারের বিরুদ্ধে বিশ্বের সবচেয়ে কঠোর আইন তৈরি
করেছে কেনিয়া সরকার। ২৮ আগস্ট ২০১৭ পাস হওয়া একটি
আইনে বলা হয়, এখন থেকে দেশটিতে কেউ প্রান্টিক ব্যাগ উৎপাদন,
বিক্রি ও বহন করলে তাকে ৩৮,০০০ ডলার জরিমানা কিংবা চার
বছরের কারাদণ্ড দেয়া হবে। পূর্ব আফ্রিকার দেশটির আগে বিশ্বের
আরও ৪০টি দেশ প্রান্টিক ব্যাগ আংশিক বা পুরোপুরি নিষিদ্ধ করে।

বিশেষজ্ঞরা বলছেন, বর্তমানে যে হারে প্লান্টিক ব্যাগ সাগরের পানিতে জমা হচ্ছে সেটা অব্যাহত থাকলে ২০৫০ সালের মধ্যে সাগরে যত মাছ থাকবে, তার চেয়ে বেশি থাকবে পরিবেশের জন্য ব্যাপক ক্ষতিকর এ পণ্যাট। প্লান্টিক ব্যাগ পচতে ৫০০-১০০০ বছর সময় লেগে যায়।

জার্মানিতে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত 🕮

২৪ সেপ্টেম্বর ২০১৭ অনুষ্ঠিত হয় জার্মানির ১৯তম পার্লামেন্ট নির্বাচন। নির্বাচনে সর্বমোট ৪২টি দল অংশ নিলেও মূল প্রতিদ্বন্দ্বিতা হয় ক্ষমতাসীন কোয়ালিশন দলের দুই প্রধান শরিক ক্রিশ্চিয়ান ডেমোক্রেটিক ইউনিয়ন (CDU) ও সোশ্যাল ডেমোক্রেটিক পার্টি (SPD)-এর মধ্যে। নির্বাচনে চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেলের নেতৃত্বাধীন CDU সংখ্যাগরিষ্ঠ আসনে জয়লাভ করে। এর ফলে চতুর্থবারের মতো দেশটির চ্যান্সেলর পদে আসীন হন অ্যাঞ্জেলা মার্কেল।

আঙ্গোলার নতুন প্রেসিডেন্ট

২৩ আগস্ট ২০১৭ অনুষ্ঠিত হয় অ্যান্সোলার প্রেসিডেন্ট নির্বাচন। এতে দেশটির ক্ষমতাসীন Peoples Movement for Liberation of Angola (MPLA) দলের প্রার্থী জোয়াও লরেন্স বিপুল ভোটের ব্যবধানে নির্বাচিত হন। এর মাধ্যমে অ্যান্সোলায় প্রেসিডেন্ট জোসে সান্তোসের ৩৮ বছর ধরে চলা ক্ষমতার অবসান ঘটে। ২৬ সেন্টেম্বর ২০১৭ আনুষ্ঠানিকভাবে প্রেসিডেন্ট হিসেবে দায়িত গ্রহণ করেন জোয়াও লরেন্স।

কলাম্বয়া

___ কলম্বিয়া-ELN যুদ্ধবিরতি ____ অর্ধশতকেরও বেশি সময় ধরে চলা যুদ্ধের পর কলম্বিয়া সরকারের সাথে যুদ্ধবিরতিতে রাজি হওয়ার কথা জানায় দেশটির অন্যতম বিদ্রোহী গ্রুপ ন্যাশনাল লিবারেশন আর্মি (ELN)। ৪ সেন্টেম্বর ২০১৭ কলম্বিয়ার প্রেসিডেন্ট হুয়ান ম্যানুয়েল সান্তোস ও ELN বিদ্রোহীরা সাময়িক যুদ্ধবিরতির ঘোষণা দেয়। তাদের যুদ্ধবিরতি চলবে ১ অক্টোবর ২০১৭-১২ জানুয়ারি ২০১৮ পর্যন্ত। ১০২ দিনের এ যুদ্ধবিরতিতে ELN কিডন্যাপিং বাদ দেওয়ার পাশাপাশি গ্যাসক্ষেত্রসহ সরকারি প্রতিষ্ঠানে হামলা চালানো হবে না বলে প্রতিশ্রুতি দেয়। অন্যদিকে জেলে থাকা ELN নেতাদের অবস্থার উন্নতি এবং বাইরে থাকা শীর্ষ নেতৃত্বের নিরাপত্তা বাড়ানোর আশ্বাস দেয় কলম্বিয়া সরকার।

_____ নতুন পরিচয়ে FARC

কলম্বিয়ার বিদ্রোহী গোষ্ঠী FARC অস্ত্র সমর্পণ করে নতুন পরিচয়ে



নবযাত্রা শুরু করেছে। ২৭ আগস্ট-১ সেপ্টেম্বর ২০১৭ FARC'র প্রথম কংগ্রেস অনুষ্ঠিত হয়। এ কংগ্রেস থেকে নতুন নাম নিয়ে রাজনৈতিক কার্যক্রম তক্ত করে বিদ্রোহী সংগঠনটি। নামকরণ করা হয় 'দ্য কমন অন্টারনেটিভ রেভলিউশনারি ফোর্স', যার সংক্ষিপ্ত রূপ আগের মতোই FARC।

ইংলাক সিনাওয়াত্রার দেশতাগ

२०১১ সালে थाইन्যारভর প্রথম নির্বাচিত নারী প্রধানমন্ত্রী হন ইংলাক সিনাওয়াত্রা। তিনি দেশটির স্বেচ্ছানির্বাসনে থাকা সাবেক প্রধানমন্ত্রী থাকসিন সিনাওয়াত্রার বোন। ২০১৪ সালে ক্ষমতার

অপব্যবহারের অভিযোগে সাংবিধানিক আদালত তাকে বরখাস্ত করে। ২০১৫ সালে জান্তা সমর্থিত সরকার ইংলাককে ইমপিচ করার পাশাপাশি পাঁচ বছরের জন্য রাজনীতি থেকে নিষিদ্ধ করে। ২০১৬ সালে চালে ভর্তুকি দেওয়ার একটি প্রকল্পে হওয়া দুর্নীতি এড়িয়ে যাওয়ার অভিযোগে তার



বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হয়। ২৫ আগস্ট ২০১৭ ঐ মামলায় ইংলাকের আদালতে হাজিরা দেয়ার কথা থাকলেও তিনি উপস্থিত ছিলেন না। তার অনুপস্থিতিতে সংশ্লিষ্ট আদালত তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে। এরপরই দেশত্যাগ করেন দেশটির প্রথম নারী প্রধানমন্ত্রী ইংলাক সিনাওয়াত্রা।

কউবায় ক্যান্তো যুগের অবসান

কিউবার প্রেসিডেন্ট রাউল ক্যাস্ত্রোর প্রেসিডেন্ট পদের ক্ষমতা ছাড়ার প্রক্রিয়ার অংশ হিসেবে ৪ সেপ্টেম্বর ২০১৭ থেকে পাঁচ মাসের রাজনৈতিক পালাবদল শুরু করে দেশটি। এর মধ্য দিয়ে কিউবায় অবসান হতে যাচ্ছে ক্যাস্ত্রো যুগের। প্রায় ৬০ বছর ধরে দেশটির রাজনৈতিক পদ্ধতিতে ক্যাস্ত্রো ও তার পরিবারের আধিপত্য ছিল।

ভারতের বিতর্কিত ধর্মগুরু দণ্ডিত

ভারতের এক বিতর্কিত ধর্মগুরু গুরুমিত রাম রহিম সিং। দুই শিষ্যকে ভারতের এক বিভাগের ২০১৭ তাকে দোষী সাব্যস্ত করেন আদালত। ধর্মণের অপরাধে ২৫ আগস্ট ২০১৭ তাকে দোষী সাব্যস্ত করেন আদালত। ববণের অণ্যাত্র ব্যাল্য হরিয়ানা, পাঞ্জাব ও দিল্লিতে তাওব চালায় তার এরপর উত্তরাধ্বলীয় রাজ্য হরিয়ানা, পাঞ্জাব ও দিল্লিতে তাওব চালায় তার এরশর ভত্তরাক্ষার রাশ্র বার্নির ত৮ ব্যক্তি। পরিস্থিতি নিয়ন্ত্রণে মোতায়েন ভক্তরা। সহিংসতায় প্রাণ হারান ৩৮ ব্যক্তি। পরিস্থিতি নিয়ন্ত্রণে মোতায়েন ভক্তরা। সাংখ্যালার করা হয় সেনা। ২৮ আগন্ট ২০১৭ বিতর্কিত ঐ ধর্মগুরুকে দুই মামলায় ১০ বছর করে ২০ বছরের কারাদণ্ড দেন আদালত।

হিন্দু-মুসলিম-শিখ— সব ধর্মের চেতনা মিশিয়ে গড়ে ওঠা হরিয়ানাভিত্তিক অলাভজনক সমাজকল্যাণ ও আধ্যাত্মিক সংগঠন

'ডেরা সাচা সৌদা'র প্রধান গুরমিত রাম রহিম সিং-এর জনা ১৯৬৭ সালে রাজস্থানের এক শিখ পরিবারে। 'আধ্যাত্মিক ঋষি, জনহিতৈষী, বহুমুখী गायक, होकिम की ज़ाविम, हलिक व পরিচালক, অভিনেতা, শিল্প নির্দেশক, সংগীত পরিচালক, লেখক, গীতিকার, জীবনীকার...' ভেরিফায়েড টুইটার



অ্যাকাউন্টে এ রকমই পরিচয় ছিল তার। ভারতে ৩৬ জন VVIP-কে জেড প্লাস নিরাপত্তা দেয়া হয়, যাদের মধ্যে অন্যতম ছিলেন ধর্মগুরু রাম রহিম। এক সময়ের VVIP এখন কয়েদি, যার নম্বর ১৯৯৭।

লিসবৈষ্ণাহীৰ পাসপোঁট

কানাডার যেসব নাগরিক নিজেদের লিঙ্গ নিয়ে দ্বিধাবিভক্ত, মানুষের বাইরে গিয়েশনিজেদের পুরুষ বা নারী ভাবতে নারাজ: তারা পাসপোর্টে নিজেদের লিঙ্গ উল্লেখ নাও করতে পারে। পাসপোর্টসহ অন্য সব সরকারি পরিচয়পত্রে লিঙ্গের জায়গায় তারা এখন 'এক্স' লিখবে। ২৪ আগস্ট ২০১৭ এ সিদ্ধান্তের কথা জানানো হয় কানাড়া সরকারের তরফ থেকে। এ নতুন নিয়ম কার্যকর হয় ৩১ আগস্ট ২০১৭ থেকে।

শতবর্ষে পাম অয়েল

২০১৭ সালে শতবর্ষে পা রাখে বিশ্বের শীর্ষস্থানীয় ভোজ্যতেল পাম অয়েল। আফ্রিকা থেকে কুড়িয়ে পাওয়া পাম অয়েল গাছ থেকে উৎপাদিত পাম অয়েল এ ১০০ বছরে বিশ্বের স্বচেয়ে বেশি ব্যবহৃত ভোজ্যতেলে পরিণত হয়েছে। বিশ্বের ১৭টি তেল ও চর্বির মধ্যে পাম অয়েল আজ গুরুত্বপূর্ণ স্থান দখল করে নিয়েছে। বর্তমানে বিশ্বের ১৫০টি দেশের প্রায় ৩০০ কোটি মানুষ ব্যবহার করছে ভিটামিন-ই সমৃদ্ধ এ ভোজ্যতেল।

পাম অয়েলের আদি উৎস পশ্চিম আফ্রিকা। দক্ষিণ-পূর্ব এশিয়াতে সর্বপ্রথম পাম অয়েল উদ্ভিদ রোপণ করা হয় ১৮৪৮ সালে ইন্দোনেশিয়ার জাভার বোগোর বোটানিক্যাল গার্ডেনে। ১৯১১ সালে মালয়েশিয়াতে শোভাবর্ধনকারী উদ্ভিদ হিসেবে প্রথম পামগাছ (ডেলি ডিউরা) রোপণ করা হয় এবং ১৯১৭ সালে সেলাঙ্গরের তেনামারান এস্টেটে প্রথম বাণিজ্যিক চাষ শুরু হয়। ১৯৭৮ সালে বাংলাদেশে প্রথম দফা পাম বীজ মালয়েশিয়া থেকে আনা হয় धवः পनिथिन वार्रां जका वाजिनिकान गार्छत् हाता उल्लामन করা হয়। ১৯৭৯ সালে মালয়েশিয়া ও নাইজেরিয়া থেকে আনা চারা দ্বারা প্রথম পাম চাষ শুরু হয়। বর্তমান বিশ্বে ইন্দোনেশিয়া হচ্ছে সর্বাধিক পাম তেল উৎপাদনকারী ও রপ্তানিকারক দেশ।

নেপাল সীমান্তে চীনের মহাসড়ক চালু

ক

5 1

In

১৫ সেপ্টেম্বর ২০১৭ তিব্বতের নেপাল সীমান্তবৰ্তী এলাকায় কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ একটি মহাসড়ক আনুষ্ঠানিকভাবে চালু করে চীন। তিব্বতের শাইগাস শহরের কেন্দ্রের সাথে শাইগাস বিমানবন্দরকে যুক্ত করা ৪০.৪ কিলোমিটার দীর্ঘ ও ২৫ মিটার প্রশক্ত এ মহাসড়কটি চালু হওয়ায় শহর থেকে বিমানবন্দরে যেতে সময় লাগবে আগের তুলনায় অর্ধেক। বেসামরিক ব্যবহারের পাশাপাশি প্রয়োজনে সামরিক উদ্দেশ্যেও মহাসড়কটি ব্যবহার করা যাবে।

মার্কিন মুলুকে

- ে ২৫ আগস্ট ২০১৭ পেন্টাগনের সামরিক বাহিনীতে তৃতীয় লিঙ্গের নিয়োগ বন্ধ সংক্রান্ত এক নির্দেশনায় স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মেয়াদ শেষ হওয়ার আগে ওবামা প্রশাসন তৃতীয় লিঙ্গের মানুষকে সেনাবাহিনীতে যুক্ত করার প্রস্তাব অনুমোদন করেছিলেন।
- । ৫ সেন্টেম্বর ২০১৭ মার্কিন প্রেসিডেন্ট ডোনান্ড ট্রাম্প তার পূর্বসূরী বারাক ওবামার আমলে জারিকৃত Deferred Action for Childhood Arrivals (DACA) আইনটি বাতিল করেন। ১৫ জুন ২০১২ তৎকালীন প্রেসিডেন্ট বারাক ওবামা অনিবন্ধিত তরুণ অভিবাসীদের বিতাড়নের হাত থেকে রেহাই দিয়ে দেশটিতে বসবাস, পড়াশোনা ও ভবিষ্যতে কর্মসংস্থানের সুযোগ করে দিতে DACA চালু করেছিলেন। কর্মসূচির সুবিধাভুক্ত এ সকল তরুণরাই DREAMers নামে পরিচিত।
- । ২৪ সেপ্টেম্বর ২০১৭ মুসলিম সংখ্যাগরিষ্ঠ ৫টি দেশের বাইরে নতুন করে উত্তর কোরিয়া, ভেনিজুয়েলা ও শাদের নাগরিকদের বিরুদ্ধে ভ্রমণ নিষেধাজ্ঞা জারি করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনান্ড ট্রাম্প। নতুন নিষেধাজ্ঞা কার্যকর হবে ১৮ অক্টোবর ২০১৭ থেকে। আগের নিষেধাজ্ঞায় ৬ মানের সীমাবদ্ধতা থাকলেও নতুন নিষেধাজ্ঞায় সময়ের কোনো সীমাবদ্ধতা রাখা হয়নি। তার জারি করা নতুন ঘোষণায় সুদানের নাগরিকদের ওপর আরোপ করা ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নেয়া হয়।

ভূমিকম্প-হারিকেনে বিপর্যস্ত উত্তর আমেরিকা

সম্প্রতি উত্তর আমেরিকায় ভূমিকম্প ও হারিকেনের মতো প্রাকৃতিক দুর্যোগ আঘাত হানে। এসব দুর্যোগের কাছে মানুষের অসহায়ত্বই ফুটে ওঠে।

ভূমিকম্পে বিধ্বস্ত মেক্সিকো

৭ সেন্টেম্বর ২০১৭ মেক্সিকোর দক্ষিণ উপকূলে ৮.১ মাত্রার ভূমিকম্প হয়। ভূমিকম্পের পর প্রশান্ত মহাসাগরের মেক্সিকো উপকৃলে ২.৩ ফুট উচ্চতার সুনামি হয় বলে জানায় প্রশান্ত মহাসাগরীয় সুনামী সতর্কীকরণ কেন্দ্র। গত ৮৫ বছরের মধ্যে এটাই



ছিল সবচেয়ে শক্তিশালী ভূমিকম্প। শক্তিশালী এ ভূমিকম্পের উপকেন্দ্র ছিল মেক্সিকোর পিজিজিআন শহর থেকে ৮৭ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে এবং উৎপত্তিস্থল ছিল ভূপুষ্ঠের ৬৯ কিলোমিটার গভীরে। ভূমিকম্পে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয় দেশটির তিন রাজ্য— তাবাঙ্কো, ওহাকা এবং চিয়াপাস। মেক্সিকোর প্রেসিডেন্ট এনরিক পেনা নিয়েতো এ ভূমিকম্পকে গত এক শতকের মধ্যে সবচেয়ে শক্তিশালী ভূমিকম্প হিসেবে অভিহিত করেন। মেক্সিকোতে এর আগে সবচেয়ে শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে ১৯ সেপ্টেম্বর ১৯৮৫। ৮ মাত্রার ঐ ভূমিকম্পে প্রায় ১০ হাজার মানুষের মৃত্যু হয়। কিন্তু ২০১৭ সালের

ভূমিকম্পটি বেশি শক্তিশালী হলেও কম জনবহুল এলাকা হওয়ায় হতাহতের ঘটনা তুলনামূলকভাবে কম হয়। এরপর ১৯ সেপ্টেম্বর ২০১৭ মেক্সিকোর মধ্যাঞ্চলে ৭.১ মাত্রার আরেকটি ভূমিকম্প আঘাত হানে। এতে বহু লোক হতাহত হয়।

হারিকেন আক্রান্ত উত্তর আমেরিকা

সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্র ও কিউবাসহ উত্তর আমেরিকার ক্যারিবীয় অঞ্চলে বেশ কয়েকটি শক্তিশালী হারিকেন আঘাত হানে। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো— হার্ভে, ইরমা ও মারিয়া।

। হার্ভে : মেক্সিকো উপসাগরে উৎপন্ন হয়ে ঘণ্টায় ২০৯-২৫১ কিলোমিটার গতিবেগে ক্যাটাগরি-৪ মাত্রার ঘূর্ণিঝড় হার্ভে ২৫ আগস্ট ২০১৭ যুক্তরাষ্ট্রের টেক্সাস রাজ্যে আঘাত হানে। গত এক যুগের মধ্যে যুক্তরাষ্ট্রে এটাই ছিল সবচেয়ে বড় ঘূর্ণিঝড়। ২০০৫ সালের অক্টোবরে ফ্রোরিডায় আঘাত হানা হারিকেন 'উইলমা'র পর এটাই ছিল সবচেয়ে ভয়াবহ হারিকেন। একই সালে যুক্তরাষ্ট্রে আঘাত হেনেছিল আরেক শক্তিশালী হারিকেন 'ক্যাটরিনা'।

। ইরমা : আটলান্টিক মহাসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড়ের ইতিহাসে সবচেয়ে শক্তিশালী ঘূর্ণিঝড় হলো 'ইরমা'। ক্যাটাগরি-৫ মাত্রার এ হারিকেন ৬-৮ সেপ্টেম্বর ২০১৭ ক্যারিবীয় অঞ্চলের বিভিন্ন দ্বীপ ও কিউবায় আঘাত হানার পর ১০ সেন্টেম্বর ২০১৭ যুক্তরাষ্ট্রের ফ্রোরিডা উপকূলে আঘাত হানে। যুক্তরাষ্ট্রের ন্যাশনাল হারিকেন সেন্টারের স্কেল অনুযায়ী, পাঁচ মাত্রার হারিকেন সবচেয়ে শক্তিশালী। ১৮৫১ সালের পর থেকে তিনবার এ ধরনের পাঁচ মাত্রার বড় হারিকেন প্রত্যক্ষ



করে যুক্তরাষ্ট্র। সর্বশেষ ১৯৯২ সালে যে পাঁচ মাত্রার হারিকেন 'অ্যান্ড্র' আঘাত হেনেছিল, ইরমা তার চেয়েও অনেক বেশি শক্তিশালী। । মারিয়া : আটলান্টিক মহাসাগরের উত্তর-পশ্চিমাংশে ২০১৭ সালে সৃষ্ট চতুর্থ বড় ধরনের হারিকেন 'মারিয়া'। পাঁচ মাত্রার এ হারিকেন ১৮-১৯ সেপ্টেম্বর ২০১৭ ক্যারিবীয় অঞ্চলে আঘাত হানে। হারিকেন 'মারিয়া' ক্যারিবীয় দ্বীপ ডোমিনিকা ও ফ্রান্স নিয়ন্ত্রিত গুয়াডেলোপ দ্বীপে ব্যাপক ধ্বংসযজ্ঞ চালায়। এরপর ২০ সেপ্টেম্বর ২০১৭ হারিকেন 'মারিয়া' আঘাত হানে পুয়ের্তোরিকোয়। মারিয়ার তান্তবে বিধ্বস্ত হয় পুয়ের্তোরিকো। এরপর তা পাঁচ মাত্রার হারিকেন থেকে দুর্বল হয়ে দুই মাত্রার হারিকেনে পরিণত হয়।



মন্ত্রিসভা রদবদল ও সম্প্রসারণ

৩ সেপ্টেম্বর ২০১৭ ভারতের কেন্দ্রীয় সরকারের মন্ত্রিসভায় বড় ধরনের রদবদল করা হয়। এবার নিয়ে তৃতীয়বারের মতো নরেন্দ্র মোদি তার সরকারের মন্ত্রিসভার রদবদল ও সম্প্রসারণ ঘটান। এতে পুরনো মন্ত্রিদের মধ্যে বাদ দেয়া হয় ৫ জনকে, নেয়া হয় নতুন ৯ জন। এছাড়া ৪ জন প্রতিমন্ত্রী থেকে পূর্ণমন্ত্রী হিসেবে উন্নীত হন। রদবদলের পর নরেন্দ্র মোদির মন্ত্রিসভার বর্তমান মোট সদস্য সংখ্যা ৭৬।

দেশটির সংবিধান অনুযায়ী লোকস্ভার মোট সদস্যের ১৫% মন্ত্রী করা যায়। লোকসভার মোট সদস্যসংখ্যা ৫৪১। সেই হিসাবে মন্ত্রিসভার সদস্য সংখ্যা ৮১'র বেশি হতে পারবে না।

বুলেট ট্রেন প্রকল্পের উদ্বোধন

উচ্চগতির প্রথম বুলেট ট্রেন প্রকল্পের কাজ শুরু করেছে ভারত। ১৪ সেপ্টেম্বর ২০১৭ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং জাপানি প্রধানমন্ত্রী শিনজো অ্যারে গুজরাটের আহমেদাবাদে এর নির্মাণ কাজ উদ্বোধন করেন। ২০২২ সালের মধ্যে প্রকল্পের কাজ শেষ হবে। বুলেট ট্রেনটি ১৫ আগস্ট ২০২২ উদ্বোধন করা হবে। ট্রেনটি পশ্চিম ভারতের গুজরাটের প্রধান বাণিজ্যিক শহর আহমেদাবাদকে দেশটির বাণিজ্যিক রাজধানী মুম্বাইয়ের সাথে যুক্ত করবে। ৭৫০ জন যাত্রী ধারণক্ষমতাসম্পন্ন এ বুলেট ট্রেন গুজরাট এবং মুম্বাইয়ের মধ্যকার ৫০৮ কিমি দীর্ঘ পথের যাতায়াতের সময় ৮ ঘণ্টা থেকে কমিয়ে ৩ ঘণ্টায় নিয়ে আসবে।

मीर्च व तूलि द्वितनत करि ८७৮ किलाभिरोत (৯২%) रत এলিভেটেড। ২১ কিলোমিটার দীর্ঘ টানেল অতিক্রম করতে বুলেট ট্রেনের পাড়ি দিতে হবে সমুদ্রের তলদেশে সাত কিলোমিটারপথ। ঘণ্টায় ৩২০ কিলোমিটার থেকে সর্বোচ্চ ৩৫০ কিলোমিটার গতিতে চলবে এ বুলেট ট্রেন।

বিশ্বের দিতীয় বৃহত্তম বাধের উদ্বোধন

১৭ সেপ্টেম্বর ২০১৭ উদ্বোধন করা হয় ভারতের বৃহত্তম ও বিশ্বের দ্বিতীয় বৃহত্তম বাঁধের। 'সরদার সরোবর বাঁধ' নামের এ বাঁধটি গুজরাটে অবস্থিত। ৫ এপ্রিল ১৯৬১ ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু বাঁধটির ভিত্তিপ্রস্তর স্থাপন করলেও ১৯৮৭ সালে শুরু হয় এর নির্মাণ কাজ। এ বাঁধের দৈর্ঘ্য ১,২১০ মিটার (৩,৯৭০ ফুট) ও উচ্চতা ১৬৩ মিটার (৫৩৫ ফুট)। বাঁধের একেকটি ফুটকের ওজন ৪৫০ টন।

কংক্রিট ব্যবহারের দিক দিয়ে সরদার সরোবর বাঁধটি বিশ্বের বৃহত্তম। তবে দৈর্ঘ্য বিবেচনায় এর আগে আছে কেবল যুক্তরাষ্ট্রের গ্যান্ড কুলি বাঁধ; যার দৈর্ঘ্য ১,৫৯২ মিটার (৫,২২৩ ফুট) ও উচ্চতা ১৬৮ মিটার (৫৫০ ফুট)।

প্রথম একক নারী প্রতিরক্ষামন্ত্রী

ভারতের ইতিহাসে প্রথমবারের মুতো কোনো নারী হিসেবে পূর্ণ প্রতিরক্ষা মন্ত্রীর দায়িত্ব লাভ করেন নির্মূলা সীতারমণ। ৩ সেপ্টেম্বর ২০১৭ দেশটির

কেন্দ্রীয় সরকারের মন্ত্রিসভায় বড় ধরনের রদবদলকালে তিনি এ পদে শপথ গ্রহণ করেন। তার আগে দেশটির প্রথম ও একমাত্র নারী প্রধানমন্ত্রী প্রার্থী ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী থাকাকালীন প্রতিরক্ষ চেয়ার মন্ত্রণালয়ের দায়িত্ব তার হাতে রেখেছিলেন প্রার্থী তবে নির্মলা সীতারমণ হলেন পূর্ণসময়ের চেয়া প্রতিরক্ষামন্ত্রী। নির্মলার প্রতিরক্ষা মন্ত্রী হিসেরে

মো.


নিযুক্তির মাধ্যমে নিরাপত্তা বিষয়ক কেবিনেটের সদস্য হিসেবে দুই নারীর প্রার্থী অবস্থান (অন্যজন পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ) ভারতের ইতিহাসে প্রথম।

পশ্চিমবঙ্গের নাম হবে 'বাংলা'

২ আগস্ট ২০১৬ পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের নাম পরিবর্তন করে 'বাংলা' রাখলেও ইংরেজিতে এ নাম রাখা হয় Bengal, আর হিন্দিতে 'বাঙ্গাল'। মন্ত্রিসভায় এ সিদ্ধান্তের পর ২৯ আগস্ট ২০১৬ পশ্চিমবঙ্গ রাজ্যের বিধানসভায় নাম পরিবর্তনের এ প্রস্তাব পাস হয়। পরে নাম পরিবর্তনের এ প্রস্তাব যথারীতি অনুমোদনের জন্য পাঠানো হয় কেন্দ্রীয় সরকারের কাছে। কিন্তু কেন্দ্রীয় সরকার একই রাজ্যের তিন ভাষায় তিনটি নাম থাকায় আপন্তি তুলে তা জানিয়ে দেয় রাজ্য সরকারকে। কেন্দ্রের প্রস্তাব মেনে নিয়ে রাজ্য মন্ত্রিসভা ৯ সেপ্টেম্ব ২০১৭ পশ্চিমবঙ্গ রাজ্যের নাম বাংলা, হিন্দিও ইংরেজিতে 'বাংলা' হবে বলে সিদ্ধান্ত নেয়।

♦ ২০০ রুপির নোট চালু

২০১৬ সালের নভেম্বরে ৫০০ ও ১০০০ রুপির নোট বাতিল করে সরকার। এরপর ছাড়া হয় নতুন ২০০০ ও ৫০০



♦ ১০০ টাকার কয়েন

ভারতের বাজারে আসতে চলেছে নতুন ১০০ টাকার কয়েন। ভারতের কেন্দ্রীয় 🗬 মন্ত্রণালয় ১১ সেপ্টেম্বর ২০১৭ একটি নির্দেশিকা জারি করে। AIDMK'র প্রতিষ্ঠাত থয়াত ড. এমজি রামাচন্দ্রণ ও কর্নাটকের বিখ্যাত গায়িকা ড. এমএস সুব্বালন্ধী জন্মবার্ষিকীতে এ নতুন কয়েন বাজারে ছাড়া হবে। ৪৪ মিলিমিটার ব্যাসবিশিষ্ট কয়েন্টি তৈরি হয়েছে রূপা (৫০%), তামা (৪০%), নিকেল (৫%) এবং জিঙ্ক (৫%) দিয়ে। তথু ১০০ টাকারই নয়, বাজারে আসবে নতুন ৫ ও ১০ টাকার কয়েনও।

কক্সবাজার জেলায় পৌরসভা ৪টি, ইউনিয়ন ৭১টি ও গ্রাম ৯৮৯টি



৩৪তম বিসিএস Both Cadre ভাইভায় অংশগ্রহণ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক শিক্ষার্থী মো. ইয়াসির আরাফাত। বর্তমানে তিনি প্রশাসন ক্যাডারে কর্মরত। তার ভাইভার উল্লেখযোগ্য অংশ তুলে ধরা হলো এবারের সংখ্যায়।

: আসসালামু আলাইকুম। আসতে পারি, স্যার? প্রার্থী **७** शानारक्रूम मानाम । पामून, वमून । চেয়ারম্যান

: ধন্যবাদ, স্যার। প্রার্থী

আপনি ইয়াসির আরাফাত; আপনার নামে

একজন বিখ্যাত ব্যক্তি ছিলেন, বলুন তিনি কে? : ফিলিস্তিনের প্রয়াত রাষ্ট্রপতি ইয়াসির আরাফাত।

প্রার্থী : What is Women's Empowerment? চেয়ারম্যান

প্রীর্থী

: Women's Empowerment refers to increase and improve the social, economic, political and legal strength of the women, to ensure equal-right to women and to make them confident enough to claim their rights.

চেয়ারম্যান : পিতার পাশে মাতার নাম কার সময় চালু হয়ং

: ২০০০ সালে তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী প্রার্থী

শেখ হাসিনার সময়ে।

চেয়ারম্যান : দেশের শীর্ষস্থানীয় পদে অধিষ্ঠিত কিছু নারীর নাম বলুন। প্রার্থী

: শেখ হাসিনা– সভানেত্রী, বাংলাদেশ আওয়ামী লীগ ও প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংশাদেশ সরকার; বেগম রওশন এরশাদ- বিরোধী দলীয় নেত্রী: ড. শিরীন শারমিন চৌধুরী– স্পিকার, জাতীয় সংসদ;

বেগম মতিয়া চৌধুরী – মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়। সৈয়দা সাজেদা চৌধুরী কোন পদে আছেন?

চেয়ারম্যান Sorry Sir, এ মুহুর্তে মনে পড়ছে না। (জাতীয় সংসদের উপনেতা)। প্রার্থী

পরীক্ষক-১ : 'অসমাপ্ত আত্মজীবনী' পড়েছেনং বলুন, বঙ্গবন্ধু পাড়ায়

পাড়ায় মুষ্ঠি চাল সংগ্রহ করে কী কাজে লাগাতেন?

: জী স্যার, পড়েছি। বঙ্গবন্ধু পাড়ায় পাড়ায় যেসব প্রার্থী মুষ্ঠি চাল সংগ্রহ করতেন তা বিক্রি করে গরীব মুসলমান ছাত্রদের বই কেনা, পরীক্ষার ফি ও

অন্যান্য খরচ প্রদান করা হতো।

পরীক্ষক-২ : বঙ্গবন্ধ দিল্লিতে মুসলিম লীগের সম্মেলনে গিয়ে কোন কোন দর্শনীয় স্থান/মাজারে গিয়েছেন?

: লালকেল্লা, দেওয়ানি আম, দেওয়ানি খাস, কুতৃব মিনার, প্রার্থী

নিজামউদ্দিন আওলিয়ার দরগাহসহ বিভিন্ন স্থানে গিয়েছেন। পরীক্ষক-১ : তাহলে বঙ্গবন্ধু আজমীর শরীফ, তাজমহল, ফতেহপুর

সিক্রি, তানসেনের বাড়ি ইত্যাদি কবে দর্শন করেন? প্রার্থী : ১৯৪৬ সালে বঙ্গবন্ধ যখন দ্বিতীয়বারের মতো দিল্লিতে যান। পরীক্ষক-১ : ভারতবর্ষ বিভক্তির পূর্বে বঙ্গবন্ধু কতবার দিল্লি গিয়েছিলেনঃ

প্রার্থী : দু'বার; ১৯৪৩ ও ১৯৪৬ সালে।

F-3

চেয়ারম্যান : টুঙ্গিপাড়া গেছেন কখনোঃ টুঙ্গিপাড়া গ্রাম কোন নদীর তীরে অবস্থিত?

: জী স্যার, টুঙ্গিপাড়া বাইগার নদীর তীরে অবস্থিত। প্রার্থী

: किता, मधूमि नमीत जीत ना! अनमार्थ চেয়ারম্যান আত্মজীবনীতে তো মধুমতির নাম উল্লেখ আছে।

: স্যার, অসমাপ্ত আত্মজীবনীতে ইউনিয়নের কথা বলা প্রার্থী হয়েছে, টুঙ্গিপাড়া গ্রামটি পাটগাতী ইউনিয়নের অন্তর্ভুক্ত।

পাটগাতী ইউনিয়নটি মধুমতি নদীর তীরে অবস্থিত, কিন্তু টুঙ্গিপাড়া গ্রামটি বাইগার নদীর তীরে অবস্থিত।

বঙ্গবন্ধুর সন্তানদের নাম বলুন সিরিয়ালি, এদের পরীক্ষক-১: মধ্যে কে কে ১৫ আগস্ট মারা যানং শেখ হাসিনা.

শেখ রেহানা এ সময় কোথায় ছিলেন?

শেখ হাসিনা, শেখ কামাল, শেখ জামাল, শেখ রেহানা ও প্রার্থী শেখ রাসেল। ১৫ আগস্ট ১৯৭৫ মারা যান শেখ কামাল, শেখ জামাল ও শেখ রাসেল। ১৯৭৫ সালের ১৫ আগস্ট শেখ হাসিনা স্বামীর সাথে জার্মানির বনে ছিলেন, ছোট

বোন শেখ রেহানাও এ সময় তার সাথে ছিলেন।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর পেশায় কী ছিলেনং তার অবদান কীং পরীক্ষক-২ : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর পেশায় ছিলেন একাধারে সংস্কৃত প্রার্থী পণ্ডিত, লেখক, শিক্ষাবিদ, সমাজসংস্কারক, জনহিতৈষী। তার অবদানের মধ্যে উল্লেখযোগ্য বিধবা-বিবাহ চালু,

वर्ष्टिवार ७ वानाविवार निषिक्ष यवः श्वी-निक्का विखात ।

টিউলিপ কে? তিনি কোন দেশে নির্বাচন করেছেন? পরীক্ষক-২:

বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট বোন প্রার্থী শেখ রেহানার কন্যা। তিনি ব্রিটেনে নির্বাচন করেছেন।

টিউলিপ ফুল ফোটে কোথায়? চেয়ারম্যান

টিউলিপ ইউরোপ ও এশিয়ায় বিশেষ করে প্রার্থী নেদারল্যান্ডস, তুরস্ক ও চীনে ফোটে।

আপনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন হলে থাকতেনঃ চেয়ারম্যান

यास्रोतमा पूर्यरमन रल। প্রার্থী

এ হলের পূর্বনাম কী ছিল এবং কত সালে প্রতিষ্ঠিত হয়ঃ চেয়ারম্যান জিন্নাহ হল; ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত হয়।

প্রার্থী জিন্নাহ হলকে কত সালে সূর্যসেন হল নামে চেয়ারম্যান :

নামকরণ করা হয়? প্রার্থী

: বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে ব্রিটিশ-বিরোধী বিপ্লবী মান্টারদা সূর্যসেনের নামানুসারে এ হলের নামকরণ করা হয়।

Ok, আপনি এবার আসুন। চেয়ারম্যান :

ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম। প্রার্থী

কক্সবাজার জেলায় সাক্ষরতার হার ৩৯.৩% এবং সাক্ষরতা আন্দোলনের নাম 'জাগ্রত'

বিসিএস প্রিলিমিনারি বিষয়ভিত্তিক টিপস

৩৮তম বিসিএস নিয়োগ পরীক্ষার আবেদন গ্রহণ প্রক্রিয়া শেষ। ২৪টি ক্যাভারে ২০২৪টি পদের বিপরীতে রেকর্ডসংখ্যক প্রার্থী আবেদন করেছে। এ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুদের জন্য রয়েছে বিষয়ভিত্তিক প্রস্তৃতিমূলক টিপসের ধারাবাহিক আয়োজন

বাংলা ভাষা ও সাহিত্য

পূৰ্ণমাদ ৩৫



ভাষা #১৫

প্রয়োগ-অপপ্রয়োগ

- 'সকল বন্যার্তদের'– বাক্যটি যে কারণে অশুদ্ধ—বহুবচনের অপপ্রয়োগজনিত।
- 'ইতিমধ্যে' শব্দটি যে কারণে অগুদ্ধ শব্দের গঠনগত অপপ্রয়োগজনিত।
- 'ভাষাভাষী' শব্দটি যে কারণে অশুদ্ধ শব্দের অপপ্রয়োগজনিত।
- 'তথুমাত্র' শব্দটির সঠিক প্রয়োগ— তথু/মাত্র।
- 'একত্রিত' শব্দের সঠিক প্রয়োগ— একত্র।

বানান শুদ্ধি

– ঘনিষ্ঠতা, ঘ্রাণেন্দ্রিয়, জ্যেষ্ঠ, জ্যৈষ্ঠ, জ্যোতিষী, জ্যোতিষ্ক, তত্তাবধান, দ্বেষ, দৈত, নির্দিধ, প্রাতর্ভোজন, পিপীলিকা, বহিরিন্দ্রিয়, ব্যবচ্ছেদ।

বাক্য শুদ্ধি

- অতদ্ধ : ধৈর্যতা, সহিষ্ণুতা মহত্ত্বের লক্ষণ। তদ্ধ : ধৈর্য ও সহিষ্ণুতা মহত্ত্বের লক্ষণ।
- অন্তদ্ধ : রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য। ওদ্ধ : রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য।
- অতদ্ধ : তাদের মধ্যে বেশ সখ্যতা দেখতে পাই। তদ্ধ : তাদের মধ্যে বেশ সখ্য দেখতে পাই।
- অঙ্জ : তার দূরাবস্থা দেখে দুঃখ হয়। তদ্ধ : তার দুরবস্থা দেখে দুঃখ হয়।

পরিভাষা

Deputation— প্ৰেমণ I Detective— গোয়েন্দা / Diplomat— কূটনীতিক । Document— मनिन । Efficiency— কর্মক্ষমতা 🛭 Emigrant— প্রবাসী । Employee— কর্মচারী। Fundamental right— মৌলিক অধিকার 🛚 Housing project— আবাসন প্রকল্প | Goodwill— সুনাম। Hygiene— शाञ्चाविमा Income tax— আয়ুকর।

সমার্থক শব্দ

পুত্র : ছেলে, তনয়, নন্দন, সূত, দুলাল, আত্মজ । পর্বত : পাহাড়, অচল, গিরি, ভূধর, শৈল, অদ্রি, নগ, শিখরী, ভূভ়ং। পাখি: পক্ষী, বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, কুন্ত, পত্ৰী, খেচর, খগ । বাতাস : বায়ু, বাত, অনিল, পবন, হাওয়া, সমীরণ, সমীর, মরুৎ, মারুত, গন্ধবহ, গন্ধবাহ।

বিপরীতার্থক শব্দ

🗕 ব্যষ্টি— সমষ্টি । বিরক্ত— অনুরক্ত । মনীষা-निर्तिथ । याक्य— वक्षन । तिकः— পূर्व । तीकि— নারাজ। লম্ব— তির্যক। শ্রম— বিশ্রাম া শায়িত— উত্থিত। শঠ— সাধ।

ধ্বনি

- যে ধানি উচ্চারণে বাধাপ্রাপ্ত হয় না তাকে वना रग़— ऋत्रक्षिन (ज, जा, रू, ঈ)।
- বর্গের ১ম, ৩য় ও ৫ম ধ্বনিকে বলা হয়— অল্পপ্রাণ ধ্বনি (ক, গ, ঙ)।
- বাংলা ভাষায় ব্যবহৃত যৌগিক স্বরধ্বনির সংখ্যা—২৫টি।
- 'ফলাহার' থেকে 'ফলার' শব্দ হওয়ার কারণ— অন্তর্হতি।
- 'ম' বর্ণ উচ্চারিত হয়— ওষ্ঠ্য থেকে। বর্ণ
- यत्रवर्ण পূर्वभावात ७ि वर्ण श्ला-ष, षा, इ, इ, छ, छ।
- वाक्षनवर्ष अर्थमाजात १ वि वर्ष श्ला-च, ग, ग, थ, ४, भ, भ।
- वाञ्चनवर्षि मावारीन अपि वर्ष राला— ४, वव, ९९, ३, ।
- ব্যঞ্জনবর্ণে পূর্ণমাত্রার বর্ণ— ২৬টি।
- বর্ণের বিশিষ্ট রূপ: গ্র্ = ঞ্ + ছ । अ = व्य + ज। य = ए + छ। य = ग् + छ । छ = ज्+ छ । ख = ज्+ র । छ = ज्+ त + छ। थ = छ + थ। कि = म् + ४।

'মুখ, গোলাপ, ভাই, বোন' যে ধরনের শব্দ— মৌলিক শব্দ।

- 'চলন্ত, পড়ন্ত, ঢাকাই' যে ধরনে শব্দ- সাধিত শব্দ।
- 'হন্তী, বাঁশি' যে ধরনের শব্দ— রুঢ়ি শব্দ।
- 'কামার, চামার, চাঁদ' যে ধরনের শব্দ— তদ্ভব শব্দ।
- 'ঢেঁকি, পাতিল, হাঁড়ি' যে ধরনে শব্দ— দেশি শব্দ।

পদ

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
কুষ্ঠা	কুষ্ঠিত	প্রণোদনা	প্রণোদিত
কায়	কায়িক	দহন	দশ্ধ
কোণ	কৌণিক	দাঁত	দেতো
গ্রাম	গ্রাম্য	ধন	ধনী
গাঁ	গেঁয়ো	ধান	ধেনো

- বাক্যের তিনটি গুণ— আকাজ্ঞা, আসত্তি ও যোগ্যতা।
- 'গরু মাংস খায়' বাক্যটি যে কারণে অঙ্ক্ষ— যোগ্যতার অভাব।
- বাক্যের অর্থ সঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই হলো— আসত্তি।
- 'মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয়নি' এটি একটি— সরল বাক্য।
- 'তুমি না বলেছিলে আগামীকাল আসবে?' এখানে 'না'-এর ব্যবহার যে অর্থে—হাা-বাচক।

প্রত্যয়

- প্রাকৃত শব্দের পরে ব্যবহৃত প্রত্যয়কে বলা হয়— বাংলা কৃৎ প্রত্যয়।
- মৌলিক শব্দের অত্তে যুক্ত হয়ে গঠিত প্রত্যয়কে বলে— তদ্ধিত প্রত্যয়।
- 'উৎকর্ষতা' যে কারণে অশুদ্ধ—প্রত্যয়জনিত।

প্রকৃতি ও প্রত্যয়

ওকালতি— ওকালত + ই। ওড়না— √ উড় + না ঃ গরিমা — গুরু + ইমন্ । গাড়োয়ান গাড়ি + ওয়ান। গেয়ো-গাঁ + ইয়া = গাঁইয়া > গোঁয়ো ৷ গেছো-গাছ + উয়া = গাছুয়া > গেছো।

সন্ধি বিচ্ছেদ

गतिষণা = গো + এষণা । গুরুপদেশ =
 গরু + উপদেশ । প্রৌঢ় = প্র + উঢ়
 । চিন্তৌদার্য = চিন্ত + ঔদার্য । জলোক্ষাস =
 জল + উক্ষাস । জনৈক = জন + এক
 । জলাতংক = জল + আতংক । জলৌকা =
 জল + ওকা । নদ্যুপকণ্ঠ = নদী +
 উপকণ্ঠ । নরাধম = নর + অধম।

সমাস

উড়োজাহাজ— উড়ে যে জাহাজ (কর্মধারয়)
 কলাবেচা— কলাকে বেচা (দ্বিতীয়া
 তৎপুরুষ) । কাজলকালো— কাজলের ন্যায়
 কালো (উপমান কর্মধারয়) । কানাকানি—
 কানে কানে যে কথা (ব্যতিহার বহুরীহি)
 । গৌরাঙ্গ— গৌর অঙ্গ যার (বহুরীহি সমাস)
 । ঘরবাড়ি— ঘর ও বাড়ি (দ্বন্ধ্ব)।

সাহিত্য #২০

(ক) প্রাচীন ও মধ্যযুগ

- চর্যাপদের পদগুলো রচিত— মাত্রাবৃত্ত ছন্দে।
- চর্যাপদের পদকর্তাদের পরিচয় পাওয়া যায়— গানের মাঝে ও শেষের ভনিতা থেকে।
- চর্যাপদবিষয়ক গ্রন্থ 'Buddhist Mystic Songs'-এর রচয়িতা— ড. মৃহমদ শহীদুল্লাহ্।
- চর্যাপদের আদি কবি— লুইপা।
- 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রধান চরিত্র তিনটি — কৃষ্ণ, রাধা ও বড়াই।
- 🗕 বসন্তরঞ্জন রায়ের উপাধি ছিল বিদ্বদ্ম্প্রভ।
- ব্রজবুলি ভাষা হলো বাংলা ও মৈথিলি ভাষার সংমিশ্রণে তৈরি একটি কৃত্রিম ভাষা।
- মধ্যযুগের অন্যতম সাহিত্য— মঙ্গলকাব্য।
- মুকুনরাম চক্রবর্তীর উপাধি— কবিকঙ্কণ।
- 'জঙ্গনামা' বা 'মঞ্চুল হোসেন' কাব্য রচনা করেছিলেন— দৌলত উজির বাহরাম খান।
- কবি হাফিজকে বাংলাদেশে আমন্ত্রণ জানিয়েছিলেন
 নিয়সউদ্দিন আযম শাহ।
- লৌকিক কাহিনির প্রথম রচয়িতা— দৌলত কাজী।
 আরাকান রাজসভার উল্লেখযোগ্য
- অারাকান রাজসভার উল্লেখ্যোগ্য কবি— আলাওল, দৌলত কাজী, কোরেশী মাগন ঠাকুর।
- গাথা, কাহিনি, গান, ছড়া, প্রবাদ— লোকসাহিত্যের আওতাভুক্ত।

(খ) আধুনিক যুগ (১৮০১-বর্তমান) ১৫

- ফোর্ট উইলিয়াম কলেজ থেকে প্রকাশিত দ্বিতীয় বই— উইলিয়াম কেরি রচিত 'কথোপকথন'।
- সিকান্দার আবু জাফর সম্পাদিত প্রিকার নাম—সমকাল।
- বাংলা উপন্যাস রচনার প্রথম প্রচেষ্টা করেন— ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়।

- অবাঙালি কর্তৃক রচিত বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস— 'ফুলমণি ও করুণার বিবরণ' (১৮৫২); রচয়িতা— হ্যানা ক্যাথারিন ম্যালেন্স।
- বাঙালি কর্তৃক রচিত বাংলা সাহিত্যের প্রথম
 উপন্যাস— 'আলালের ঘরের দুলাল'
 (১৮৫৮); রচয়িতা— প্যারীচাঁদ মিত্র।
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক
 উপন্যাস— 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫);
 রচয়িতা– বন্ধিমচন্দ্র চট্টোপাধ্যায়।
- ইতিহাস থেকে উপকরণ নিয়ে বাংলা সাহিত্যে প্রথম উপন্যাসজাতীয় গ্রন্থের রচয়িতা— ভূদেব মুখোপাধ্যায়।
- বাংলা সাহিত্যে মুসলিম সাহিত্যিক রচিত প্রথম উপন্যাস— 'রত্নবতী' (১৮৬৯); রচয়িতা
 – মীর মশাররফ হোসেন।
- 'চাঁদের অমাবস্যা' যে শ্রেণির উপন্যাস


 মনঃসমীক্ষামূলক।
- বাংলা সাহিত্যের প্রথম সাংকেতিক নাটক— শারদোৎসব (১৯০৮); রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।
- প্রথম প্রকাশের সময় রচনাকারীর নাম উল্লেখ ছিল না— 'নীলদর্পণ' নাটকে।
- সরকারের রোষানলে পড়ে গ্রেফতার হন 'নীলদর্পণ' নাটকের প্রকাশক— জেমস লঙ।
- বাংলা প্রবন্ধের সূত্রপাত হয়়— উনিশ শতকের দ্বিতীয়ার্ধে।
- সেয়দ মুজতবা আলীর যে প্রবন্ধে কারুল শহরের কাহিনি বর্ণিত হয়েছে— দেশে বিদেশে।
- 🗕 বাংলা কাব্যের সূচনা— সপ্তম শতাব্দীর মধ্যভাগে।

রচনা ও রচয়িতা

উপন্যাস : নদী উপাখ্যান— ইমদাদুল হক
মিলন । হুতোম পাঁ্যাচার নকশা— কালীপ্রসন্ন
সিংহ । আবদুল্লাহ— কাজী ইমদাদুল হক
। কুহেলিকা— কাজী নজরুল ইসলাম
। বোবা কাহিনী— জসীমউদুদীন । মাল্যবান—
জীবনানন্দ দাশ । হাঁসুলী বাঁকের উপকথা—
তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় । আনোয়ারা—
নজিবর রহমান । রূপলাল— নওয়াব
ফয়জুন্নেসা চৌধুরানী । এক পথ দুই
বাঁক— নীলিমা ইবাহীম ।

- নাটক: অবরোধ— বিজন ভট্টাচার্য
 । কিত্তনখোলা— সেলিম আল দীন
 । ওরা কদম আলী— মামুনুর রশীদ
 । অয়োময়— হুমায়ূন আহমেদ
 । আবর্ত— রাজিয়া খান । নরকে লাল গোলাপ— আলাউদ্দিন আল আজাদ ।
- কাব্যগ্রন্থ: সদ্ভাবশতক— কৃষ্ণচন্দ্র
 মজুমদার। রক্তরাগ— গোলাম মোন্তফা। ফেরারী
 ফৌজ— প্রেমেন্দ্র মিত্র। বঙ্গসুন্দরী—
 বিহারীলাল চক্রবর্তী। ময়নামতির চর—
 বন্দে আলী মিয়া। সঞ্চিতা— কাজী নজরুল
 ইসলাম। সঞ্চয়িতা— রবীন্দ্রনাথ ঠাকুর।
- প্রবন্ধ : লেখকের কথা— মানিক বন্দ্যোপাধ্যায় । বাঙালী মানস ও বাংলা সাহিত্য— ড. নীলিমা ইবাহিম । জাগ্রত বাংলাদেশ— আহমদ ছফা । আরণ্য জনপদে— আবদুস সাতার । তেল নুন লকড়ি— প্রমথ চৌধুরী । নয়াজাতির স্রষ্টা হ্যরত মুহম্মদ— মোহাম্মদ বরকতুল্লাহ ।
- ছোটগল্প: ক্ষুধিত পাষাণ— রবীন্দ্রনাথ ঠাকুর। নয়নচারা— সৈয়দ ওয়ালীউল্লাহ। ডাকহরকরা— তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়। আত্মজা ও একটি করবী গাছ— হাসান আজিজুল হক। শিউলিমালা— কাজী নজরুল ইসলাম। ইঁদুর— সোমেন চন্দ। পথ জানা নেই— শামসুন্দীন আবুল কালাম।

সংবাদপত্র ও সম্পাদক



English Language and Literature

Mark



Part-I: Language #20

A. Parts of Speech

I had a talk with him. Here "talk" is a - noun

 The word 'diabetic' is— both noun and adjective.

The feminine gender of a horse is called—a mare.

The plural form of 'Nucleus' is-Nucleuses.

 The climate is congenial health. — to

Check — beast in you. — the

Neither Jane nor — have been

to the opera.—I

 My uncle has three sons — work in the same office. — all of whom

Slow and steady — the race. — wins.

Times have changed and so — . — have I.

'To and fro' is an idiom. Here 'to' is used as an-adverb.

B. Idioms and Phrases (Underlined Parts)

- We look for the brilliant students. — Verbal phrase.

The people in the room stood up to greet him. — Adjective phrase

'I spoke to him quite often' -

Adverb phrase

A woman with a veil over her body approached the doctor-Adjective phrase

 Important Idioms and Phrases : Weed out—To get rid of In the bargain— In addition I Give a hand—To help I Tall talk—to frown | High-handed-Insolent | Be in a fix - In a difficult situation.

C. Clauses (Underlined Parts) Please tell me how you did it.

Noun clause

Please tell me the way how you did it. — Adjective clause

This is the book I lost. Adjective clause

Inform me when they will come. - Noun clause

Tell me the place where the man lives. — Adjective clause

That he is very intelligent is known to me. - Noun clause

The question is how he will respond—Noun clause

D. Corrections

Inc. : Did you see her lately?

Cor. : Have you seen her lately?

Inc. : Many years have passed since I had seen you.

Cor. : Many years have passed since I saw you.

Inc.: The patient died before the doctor had come.

Cor.: The patient had died before the doctor came.

Inc. : He does not goes to school.

Cor.: He does not go to school.

Inc.: No sooner had he reached the station than the train had started.

Cor.: No sooner had he reached the station than the train started.

E. Sentences and Transformations

Affir: Only he can do the work. Neg: None but he can do the work.

Ass.: I was sincere to my duties. Int.: Was I not sincere to my duties?

Ass.: The garden is very beautiful.

Exc.: How beautiful the garden is!

Simple: The man is too weak to walk Complex: The man is so weak that he cannot walk. Compound: The man is very weak and cannot walk.

Active : The people selected him chairman. Passive : He was selected chairman by the people.

F. Words

(i) Meaning (One word substitutions)

- Having several husbands -Polyandry I The study of development human Anthropology I One who hates women - Misogynist I The state of being father Paternity I A system ruled by father/men - Patriarchy.

(ii) Synonyms

Homogenous—Uniform I Illusive-Deceptive I Industrious-Active I Instigate- Incite I Jovial— Happy I Malafide— Bad faith | Meticulous— Carefu and exact ! Mishap -- Acciden Morose — Depressed | Obdurate Stubborn | Obscene - Indecen Periphery—Edge.

(iii) Antonyms


 Elated— Disappointed I Flamboyant-Dull | Fraudulent— Genuin | Germane | Irrelevant | Grandiose Modest | Hamper—Facilitate | Imbecility: Wisdom | Impermeable-Porous I Ineffable Definable Inimical—Friendly.

(iv) Spelling

Familiar | Fascination | Frustration Hierarchy | Influenza | Judgeme | Judiciary | Leisure | Lieutena | Magazine | Maintenant Millennium.

(v) Usage of words as variou Parts of Speech

	ecn	_
Verb	Noun	Adver
falsify	The second lives and the second	falsely
gladden	The state of the s	gladly
-		happi
-	innocence	innoen
intensify	intensity	intense
justify	justification	justly
	Verb falsify gladden - - intensify	falsify falsehood gladden gladness - happiness - innocence intensify intensity



কক্সবাজার জেলার উল্লেখযোগ্য দর্শনীয় স্থান— কুতৃবদিয়া বাতিঘর, হিমছড়ি ঝর্ণা, ইনানী সমুদ্র সৈকত, শাহপরীর দ্বীপ্র সোনাদিয়া দ্বীপ ও সেই মার্টিন ै

- (vi) Formation of new words by adding Prefixes and Suffixes
 Prefixes
- Em + Bitter = Embitter | En +
 Able = Enable | Mis + Rule =
 Misrule | Ir + repressible =
 Irrepressible | II + Literacy =
 Illiteracy.

Suffixes

Submit + sion = Submission | Celebrate + tion = Celebration | Reprehend + sion = Reprehension | Fuse + ion = Fusion | Ail + ment = Ailment.

Part-II: Literature #15

- In 'Under The Greenwood Tree' the 'Tree' refers to—forest.
- 'The Tempest' is known as Shakespeare's—swan song.
- 'Three Witches' are important characters in—Macbeth.
- Julius Caesar was the ruler of Rome about—2000 years ago.
- Alexander Pope is the best known for—Satirical verse.
- The central idea of "I wandered lonely as a cloud" is that— we
- can find solace in nature.

 P.B. Shelley's Adonais is an elegy
- on the death of—John Keats.

 The statue of Ozymandias is—
- in a desert.

 Keats belonged to—Nineteenth century.
- Poet of sensuousness—John Keats. The poet, Alfred Tennyson, belongs to—Victorian period.
- Lord Tennyson is known as— Lyric poet.

Vorks and Authors

Novels: Around the World in Eighty Days— Jules Verne
I Crime and Punishment—
Dostoyevsky | David Copperfield— Charles Dickens
I Emma— Jane Austen | Far From Madding Crowd—
Thomas Hardy | For Whom the Bell Tolls— Ernest Hemingway
I The Ministry of Utmost Happiness— Arundhuti Roy
I Great Expectations— Charles Dickens | Gulliver's Travels—

Jonathan Swift.

- Poems: Kubla Khan—S.T.
 Coleridge | Lycidas—John
 Milton | Ode to the West
 Wind—P.B. Shelley | Waste
 Land—T.S. Eliot | Tintern
 Abbey—W. Wordsworth.
- Plays: St. Joan—G.B. Shaw | The Alchemist—Ben Jonson | Winter's Tale—W. Shakespeare | Candida—G. B. Shaw | Tempest—W. Shakespeare.

Literary Works and Characters

Pride and Prejudice (Novel):
Mr. Darcy, Elizabeth Bennet,
Jane Bennet, Charles Bingley,
Mr. William Collins, Kitty
Bennet, Lydia Bennet I King
Lear (Play)— King Lear,
Goneril, Regan, Cordelia
I Hamlet (Play)— Hamlet,
Ophelia, Claudius, Gertrude
I Othello (Play)— Othello,
Desdemona I Macbeth (Play)—
Lady Macbeth, Duncan,
Banquo, Three Witches.

Literary Persons and Titles - Samuel Johnson— Father of

English One Act Play I James
Joyce—Father of English Stream
of Consciousness Novel I Francis
Bacon—Father of English Essay
I Jane Austen— Anti-Romantic
in Romantic Age I Sigmund
Freud— A Great psychoanalysist

Pseudonyms and Real Names

and Psychiatrist & G.B. Shaw-

The Greatest Modern Dramatist.

 Charles Lamb— Elia | Mary Ann Evans— George Eliot | Eric Arthur Blair— George Orwell | Pearl S. Buck— John Sedges | Jozef Teodor Konrad— Joseph Conrad.

Literary Period and Writers

The Modern Period (1901-1939):
 Robert Frost, W. Somerset
 Maugham, Winston Churchill,
 E.M. Forster, James Joyce,
 Virginia Woolf, D.H. Lawrence,
 T.S. Eliot, Ernest Hemingway,
 George Orwell, Samuel Beckett.

Quotations

- Men's vows are women's traitors. — William Shakespeare
- Never interrupt your enemy when he is making a mistake. — Napoleon Bonaparte

- No man can be wise on an empty stomach.—George Eliot
- No sword bites so fiercely as an evil tongue. — Sir P. Sidney
- Our enemies are our outward consciences. William Shakespeare
- Order is heaven's first law. —
 Alexander Pope
- Our sweetest songs are those that tell of saddest thoughts.
 P.B. Shelley
- Patience is bitter, but its fruit is sweet. — Jean Jacques Rousseau
- Perfection is attained by slow degrees; it requires the hand of time. — Voltaire
- Poets utter great and wise things which they do not themselves understand. — Plato
- Prosperity's right hand is industry, and her left hand is frugality. — Samuel Johnson
- Questioning is not the mode of conversation among gentlemen. — Samuel Johnson
- Quiet people have the loudest minds. — Stephen Hawking

Literary Terms

- Paradox: A statement or opinion seeming to be self contradictory or absurd which may really be well-founded or true.
- Parody: Imitation of a poem or a writing.
- Pathos: That quality in literature which evokes pity, tenderness or sorrow in the reader.
- PEN: An international association of Poets, Play-wrights, Editors, Essayists and Novelists.
- Personification : A figure in which lifeless objects or ideas are given life.
- Platonic Love : Love of a purely spiritual nature, free from sensual desire.
- Plot: The logical arrangement of events designed to excite curiosity or suspense. It is the structure of a literary work.
- Poetic Justice: The natural judgement which gives the wicked his due punishment and the virtuous his due reward.

HSC/সমমান পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে আমাদের প্রাণঢালা শুভেচ্ছা ও অভিনন্দন



Dhaka Institute of Fashion & Technology ffiliated to National University, Code: 6603)

জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অধীনে ২০১৭-১৮ সেশনে প্রফেশনাল কোর্সসমূহে সরাসরি-

সেশন জট ও রাজনীতি মুক্ত

বি.এস.সি. (অনার্স)-ইন

- এ্যাপারেল ম্যানুফেকচার এন্ড টেকনোলজি (AN
- ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি (F

তর যোগ্যতা এইচএসসি/ সমমান যে কোন বিভাগ

- MBA in Apparel Marchandising (2 Years)
- Post Graduate Diploma in Library Science (1 Year)



- > Fashion Marketing & Merchandising (6 Months)
- > Apparel Merchandising (6 Months)
- ➤ Fashion Design & Technology (FDT)-1 Year
- > Garments Design & Pattern Making (6 Months)

Plot-9, Block- Ka, Main Road, Mirpur-2, Dhaka- 1216. (Opposite to Mirpur National Cricket Stadium Gate-5) Tel: 88-02909012544, Cell: 01779991111, 01970008808. Web: www.dift.edu.bd

উচ্চ শিক্ষায় বিদেশ যাও, দেশ গড়ায় অংশ নাও

সঠিক তথ্য জেনে বৈধ অফিসের মাধ্যমে যাও

nina থেকে বিশ্বমানের ডাক্তার হতে চান???

BMDC, WHO, USMLE, CMC & CHINA MOE APPROVED GOVT. U

Tuition & Hostel Full Free (04 years)

| CSE, EEE, EIE, ETE, ME, CIVIL, CHEMICAL, MARINE, AERONAUTICAL ENGINEERING | BBA, PHARMACY, NURSING IN CHINESE GOVT. UNIVERSITY



এসএসসি ও এইচএসসি-তে সর্বমোট জিপিএ ৯.০ পয়েন্টের কম নিয়েও ভর্তি হওয়া যাবে।

প্রতিবছর টিউশন ফি ১ লক্ষ ৯০ হাজার টাকায় MBBS

01619500999, 01790500999, 01681300400



INTERNATIONAL ADMISSION OFFICE

OPEN SATURDAY-THURSDAY 10.00AM-06.00PM)

150, GM TOWER (4TH FLOOR), GREEN ROAD (PANTHAPATH SIGNAL), DHAKA-1215, BANGLADESH.

Phone: 02-9115734, Mobile: 01711 99 29 09, 017 51 52 51 00, 01970 500 999 E-mail: admission.universebd@gmail.com, Website: www.universe-bd.com

www.facebook.com/universeconsultantbd

বাংলাদেশ বিষয়াবলি

পূৰ্ণমান



১. বাংলাদেশের জাতীয় বিষয়াবলি : ০৬ বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে— অন্ট্ৰিক জাতি থেকে। আর্য সংস্কৃতি সমধিক বিকাশ লাভ

করে—পাল শাসনামলে।

- সুপ্রাচীন বঙ্গ দেশের সীমা উল্লেখ আছে— ড. নীহাররঞ্জন রায়ের 'বাঙালির ইতিহাস' এন্থে। ্ চীনা পরিব্রাজক ফা-হিয়েন ভারতবর্ষে আগমন
- করেন— দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলে। _ চীনা বৌদ্ধ পণ্ডিত হিউয়েন সাঙ ভারতে আসেন— হর্ষবর্ধনের আমলে। ১৯৫৪ সালে পূর্ব পাকিস্তানে প্রাদেশিক নির্বাচন
- অনুষ্ঠিত হয়— ১০ মার্চ। [সূত্র : www.albd.org] পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদের আসন সংখ্যা— ৩০৯টি: এর মধ্যে মুসলিম আসন ২৩৭
- এবং অমুসলিমদের জন্য সংরক্ষিত ৭২টি। ১৯৭১ সালের অসহযোগ আন্দোলন শুরু হয়েছিল— ২ মার্চ।
- ৩ মার্চ বঙ্গবন্ধুর উপস্থিতিতে 'স্বাধীনতার ইশতেহার' ঘোষণা করে— ছাত্র সংগ্রাম পরিষদ।
- 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি'-সঙ্গীতটি পূর্ব পাকিস্তানের জাতীয় সঙ্গীত হিসেবে নিৰ্বাচিত হয়— ৩ মাৰ্চ ১৯৭১।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির জনক ঘোষণা করা হয়— ৩ মার্চ ১৯৭১।
- ৭ মার্চের ভাষণে দাবি ছিল— ৪টি। স্বাধীনতার ঘোষণাপত্র সংবিধানে সংযোজন
- হয় পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে। স্বাধীন বাংলাদেশকে মার্কিন যুক্তরাষ্ট্র
- স্বীকৃতিদান করে— ৪ এপ্রিল ১৯৭২। দেশের একমাত্র পাহাড়ি আদিবাসী বীর বিক্রম— নায়েব সুবাদার উইকে চিং (মারমা)।
- মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য ছবি 'আগামী'-এর পরিচালক— মোরশেদুল ইসলাম।
- বাংলাদেশের জাতীয় পতাকা গৃহীত হয়— ১৭ জানুয়ারি ১৯৭২।
- ২. বাংলাদেশের কৃষিজ সম্পদ : ০৩
- জিডিপিতে কৃষিখাতের অবদান-১৪.৭৯% (অর্থনৈতিক সমীক্ষা ২০১৭)।
- দেশের বৃহত্তম 'দত্তনগর কৃষি খামার' অবস্থিত— ঝিনাইদহ জেলার মহেশপুর।
- স্বাধীন বাংলাদেশে প্রথম কৃষিশুমারি অনুষ্ঠিত হয়— ১৯৭৭ সালে।
- বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রবর্তন করা হয়— ৫ এপ্রিল ১৯৭৩।
- বাংলাদেশের প্রধান ধান চাষ— বোরো।
- অউশ ধান রোপন করা হয়— জুলাই-আগস্ট মাসে।

- পাট উৎপাদনের বিশ্বে বাংলাদেশের অবস্থান— ২য়।
- বাংলাদেশে সর্বাধিক গম উৎপাদিত হয়— ঠাকুরগাও জেলায়।
- বাংলাদেশে উৎপাদিত চা দুই প্রকার; যথা— কালো চা ও সবুজ চা।
- দেশের প্রথম রাবার বাগান করা হয় -কব্রবাজারের রামুতে।
- যে ব্রিটিশ গভর্নরের উদ্যোগে বাংলায় আলু চাষের
- বিস্তার লাভ করে— ওয়ারেন হেস্টিংস-এর উদ্যোগে। সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয়— ফরিদপুরে।
- ৩. বাংলাদেশের জনসংখ্যা, আদমশুমারি, জাতি, গোষ্ঠী ও উপজাতি সংক্রান্ত বিষয়াদি: ০৩
- বর্তমানে বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গকিমি)— ১,০৭৭ জন। [বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৭]
- অবিভক্ত বাংলায় প্রথম আদমশুমারি হয়— ১৮৭২ সালে।
- বিশ্বের মেগাসিটির তালিকায় ঢাকা প্রথম অন্তর্ভুক্ত হয়— ১৯৮০ সালে।
- সরকারি হিসাব মতে বাংলাদেশিদের গড় আয়ু— ৭০.৯ বছর।
- যে বিভাগে সাক্ষরতার হার সর্বাধিক— বরিশাল বিভাগ। [পঞ্চম আদমশুমারি ২০১১]
- মান্দি যে জাতিসন্তার ভাষার নাম— গারো।
- বাংলাদেশের বৃহত্তম উপজাতি— চাকমা। বাংলাদেশের দিতীয় সংখ্যাগরিষ্ঠ উপজাতি— সাঁওতাল।
- WHO যে শহরকে দক্ষিণ এশিয়ার 'Healthy City' ঘোষণা করে— চট্টগ্রাম মহানগরীকে।
- বর্তমানে দেশে সরকারি মেডিকেল বিশ্ববিদ্যালয়— ৩টি।
- ৪. বাংলাদেশের অর্থনীতি :
- _ বাংলাদেশে এ পর্যন্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়িত হয়েছে— ৬টি।

- कात्ना निर्पिष्ठ সময়ে कात्ना प्रत्नेत অভ্যন্তরে দেশের নাগরিক কিংবা বিদেশি নাগরিক কর্তৃক যে উৎপাদন হয় তার সমষ্টিকে বলা হয়— GDP।
- কোনো নির্দিষ্ট সময়ে দেশীয় নাগরিক কর্তৃক দেশের অভ্যন্তরে কিংবা দেশের বাইরে যে উৎপাদন হয় তার সমষ্টিকে বলা হয়— GNP। ট্যারিফ হলো— আমদানি বা রপ্তানিকৃত পণ্যের হল্ক।

বার্ষিক উন্নয়ন কর্মসূচি যে বাজেটের অন্তর্ভুক্ত— উনুয়নমূলক বাজেটের।

- ২০১৭-১৮ অর্থবছরে বার্ষিক উনুয়ন কর্মসূচির জন্য বরান্দের পরিমাণ— ১,৫৩,৩৩১ কোটি টাকা।
- অর্থনৈতিক সমীক্ষা ২০১৭ অনুযায়ী দেশে বর্তমানে দারিদ্রের হার— ২৩.২%।
- দারিদ্র্যের হার সবচেয়ে বেশি— কুড়িগ্রাম জেলায়; সবচেয়ে কম কুষ্টিয়া জেলায়। বর্তমানে বয়স্ক ভাতার হার— ৫০০ টাকা (মাসিক)।
- ৫. বাংলাদেশের শিল্প ও বাণিজ্য: ০৩
- বাংলাদেশের প্রথম গার্মেন্টসের নাম— রিয়াজ গার্মেন্টস লি.।
- বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বাধিক বৈদেশিক মূদা অর্জনকারী শিল্প— তৈরি পোশাক শিল্প।
- বেসরকারি ইপিজেড আইন সংসদে পাস হয়— ১৯৯৬ সালে।
- বাংলাদেশে সরকারি EPZ সংখ্যা— ৮টি।
- বাংলাদেশ সবচেয়ে বেশি পণ্য রপ্তানি করে— যুক্তরাষ্ট্রে (মুদ্রার হিসাবে)।
- বাংলাদেশ-ভারত বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হয়— ২৮ মার্চ ১৯৭২।
- वाःलारम-निभान द्वानिकि इकि সর্বপ্রথম স্বাক্ষরিত হয়— ১৯৯৬ সালে।
- বাংলাদেশ সবচেয়ে বেশি আমদানি করে— চীন থেকে।
- মুক্তবাজার অর্থনীতি বিশ্বব্যাপী চালু হয়— ২০০৫ সাল থেকে।

38th BCS Professo নির্ভরযোগ্য উৎস থেকে সংগৃহীত নির্ভুল ও CIP ASILITA সজীব তথ্যের সন্নিবেশে DCS PRELIMINARY

পরীক্ষার সর্বোত্তম অবলম্বন

BCS প্রিলিমিনারি

- যুক্তরাষ্ট্র বাংলাদেশের জিএসপি সুবিধা স্থগিত করে— ২৭ জুন ২০১৩।
- Alliance যে দেশভিত্তিক বিশ্বসেরা গার্মেন্টস ব্যাভগুলোর সংগঠন— যুক্তরাষ্ট্রের।
- BGMEA যাত্রা শুরু করে— ১৯৮৩ সালে।
- ৬. বাংলাদেশের সংবিধান: ০৩
- সংবিধানে মৌলিক অধিকারের নিশ্চয়তা দেওয়া
 হয়েছে—২৬ থেকে ৪৭ অনুচ্ছেদ পর্যন্ত
- বাংলাদেশের সংবিধান সর্বপ্রথম গণপরিষদে উত্থাপিত হয়— ১২ অক্টোবর ১৯৭২।
- 'গণতন্ত্র ও মৌলিক মানবাধিকারের' নিশ্চয়তা দেয়া আছে— ১১ নং অনুচ্ছেদে।
- ্ন-চরতা দেরা আছে— ১১ নং অনুদেখনে।

 সংবিধান সংশোধন বিল রাষ্ট্রপতি পাস
 করবেন— ৭ দিনের মধ্যে।
- পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে যে অনুচ্ছেদে
 ধর্মনিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা বিষয়টি
- পুনর্বহাল করা হয়— ১২ নং অনুচ্ছেদে।
ত সেপ্টেম্বর ২০১৭ শ্রীলংকার বিরুদ্ধে সিরিজের পঞ্চম ও শেষ ওয়ানডে ম্যাচে এবং নিজের ৩০১তম ওয়ানডেতে দুটি বিশ্বরেকর্ড গড়েন ভারতের দু'বারের বিশ্বজয়ী অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি। বিশ্বরেকর্ড দুটি—

। একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে উইকেটকিপার হিসেবে সর্বাধিক ১০০টি স্ট্যাম্পড আউট করেন তিনি।

া সবচেয়ে বেশিবার একদিনের ক্রিকেটে ব্যাট হাতে নটআউট থাকার নজির গড়েন তিনি। ৩০১ ম্যাচে ধোনি অপরাজিত ছিলেন ৭৪টি ইনিংসে।

বিশ্ব ক্লাব র্যাংকিং

দলীয় সামর্থ্য এবং সাম্প্রতিক সফলতা বিবেচনায় এনে গোল ডট কমের সম্পাদকরা বিশ্বের ৩০টি শীর্ষ ক্লাব নির্বাচন করেছে। এর মধ্যে শীর্ষ ২০টি ক্লাবের সবগুলোই ইউরোপের ।

শীর্ষ ১০টি ক্লাবের তালিকা : ১. রিয়াল



মাদ্রিদ, স্পেন; ২. প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি), ফ্রাঙ্গ; ৩. জুভেন্টাস, ইতালি; ৪. বার্সেলোনা, স্পেন; ৫. বায়ার্ন মিউনিখ, জার্মানি; ৬. আটলেটিকো

মার্দ্রিদ, স্পেন; ৭. ম্যানচেন্টার ইউনাইটেড, ইংল্যান্ড; ৮. চেলসি, ইংল্যান্ড; ৯. ম্যানচেন্টার সিটি, ইংল্যান্ড এবং ১০. নেপোলি, ইতালি।



১৩ সেপ্টেম্বর ২০১৭ পেরুর রাজধানী লিমায় অনুষ্ঠিত আন্তর্জাতিক অলিম্পিক কমিটির (আইওসি) বৈঠকে ২০২৪ ও ২০২৮ সালের অলিম্পিক আয়োজকদের নাম ঘোষণা করা হয়। এবারই প্রথমবারের মতো একই দিনে দুটি অলিম্পিক ভেন্যুর নাম ঘোষণা করা হয়। ঘোষণা অনুযায়ী, ২০২৪ সালে প্যারিসে এবং ২০২৮ সালে লঙ্গ অ্যাঞ্জেলেসে অনুষ্ঠিত হবে ৩৩ ও ৩৪তম গ্রীম্মকালীন অলিম্পিক। অন্য কোনো প্রার্থী র্না থাকায় ২০২৪ ও ২০২৮ অলিম্পিকে আয়োজক কারা হবে, তা আগেই নির্ধারিত ছিল। কিন্তু ২০২৪ সালের অলিম্পিক আয়োজক হতে মূল লড়াইটা ছিল প্যারিস আর লস অ্যাঞ্জেলেসের। পরে নিজেদের মধ্যে সমঝোতায় আলাদা সময়ে অলিম্পিকের আয়োজক হতে রাজি হয় তারা। এতে কেটে যায় জটিলতা।

এর আগে প্যারিসে আরো দু'বার বিশ্ব ক্রীড়ামহাযজ্ঞের সবচেয়ে বড় এ আসর অনুষ্ঠিত হয়েছিল যথাক্রমে ১৯০০ ও ১৯২৪ সালে। আর লস অ্যাঞ্জেলেসেও অনুষ্ঠিত হয়েছিল দুটি আসর যথাক্রমে ১৯৩২ ও ১৯৮৪ সালে।



বাংলাদেশ ক্রিকেট সংব



বাংলাদেশের যত টেস্ট জয়

२१ (मल्पेश्वत २०১१ পर्यन्न वाश्नातमा जित्मा মোট ১০২টি টেস্ট ম্যাচে অংশগ্রহণ করে। এর মধ্যে ১০টিতে জয়লাভ করে বাংলাদেশ

জ	প্রতিপক্ষ	ব্যবধান	ভেন্য	সাল
7	জিম্বাবুয়ে	২২৬ রান	চউগ্রাম	2000
2	উইন্ডিজ	৯৫ রান	কিংস্টন	২০০৯
9	উইভিজ	৪ উইকেট	সেন্ট জর্জ	2008
8	জিম্বাবুয়ে	১৪৩ রান	হারারে	२०५७
¢	জিম্বাবুয়ে	৩ উইকেট	মিরপুর	२०३८
6	জিম্বাবুয়ে	১৬২ রান	খুলনা	2018
9	জিম্বাবুয়ে	১৮৬ রান	চট্টগ্রাম	२०५८
6	रेश्नांड	১০৮ রান	মিরপুর	२०५७
5	শ্রীলংকা	৪ উইকেট	কলম্বো	२०५१
0	অস্ট্রেলিয়া	২০ রান	মিরপুর	२०५१

টেক্টে বাংলাদেশের যত সিরিজ ড্র

২০০০ সালে টেস্ট মর্যাদা লাভের পর সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বাংলাদেশ যতগুলো টেস্ট সিরিজ খেলেছে তার ৭টি সিবিজ ড করতে সক্ষম হয়।

প্রতিপক্ষ	ম্যাচ	ফল	সাল	স্বাগতিক
জিম্বাবুয়ে	2	3-3	२०५७	জিম্বাবুয়ে
নিউজিল্যান্ড	1 2	0-0	2030/38	বাংলাদেশ
ভারত	3	0-0	२०५४	বাংলাদেশ
দ. আফ্রকা	2	0-0	२०५४	বাংলাদেশ
ইংল্যাভ	२	5-5	२०३७/३१	বাংলাদেশ
শ্রীলংকা	2	2-2	२०১७/১१	শ্ৰীলংকা
অস্ট্রেলিয়া	2	2-2	२०১१	বাংলাদেশ

সাকিব ঐতি

♦ চক্রপরণ

ক্রিকেটের তিন ফ্রম্যাটের বিশ্বসেরা অলরাউভার বাংলাদেশের সাকিব আল হাসান ক্রিকেট ইতিহাসের চতুর্থ

২৭ আগন্ট ২০১৭ বাংলাদেশ-অস্ট্রেলিয়ার মধ্যকার দুই ম্যাচ সিরিজের ব্র আর্ড ২০১৭ আন্তর্জাতিক ম্যাচের মাইলফলক স্পর্শ করে প্রথম ম্যাচ দিয়ে ১৫০তম আন্তর্জাতিক ম্যাচের মাইলফলক স্পর্শ করে

মিরপুর শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম (SBNCS)। ১৮ ডিসেম্বর ২০০৫ স্কটল্যান্ডের বিপক্ষে ওয়ানডে ম্যাচ দিয়ে ভেন্ম হিসেবে অভিষেক হয়েছিল SBNCS'র। এখানে প্রথম টেস্ট হয়েছিল ২৫ মে ২০০৭, ভারতের বিপক্ষে। আর প্রথম টি২০ হয়েছিল উইন্ডিজের বিপক্ষে ১১ অক্টোবর ২০১১।

আন্তর্জাতিক ফরম্যাট ম্যাচ টেম্ট ১৫টি ওয়ানডে ১৯টি টি২০ ०५ि

SBNCS-9

ক্রিকেটের ইতিহাসে সবচেয়ে বেশি ম্যাচ হয়েছে অন্ট্রেলিয়ার মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে

(MCC)। সব ফরম্যাট মিলিয়ে এ যাবং MCCতে ম্যাচ হয়েছে ২৬৬টি।

আন্তর্জাতিক ক্রিকেটে বাংলাদেশের ৫০০ ম্যাচ

৩১ মার্চ ১৯৮৬ পাকিস্তানের বিপক্ষে ওয়ানডে দিয়ে আন্তর্জাতিক বাংলাদেশের ৫০০ ম্যাচের হিসাব পরাজয় ড্র/ফল হয়নি সংস্করণ ম্যাচ জয় টেম্ট 95 505 20

220

88

20 28

ক্রিকেটের যাত্রা শুরু হয় বাংলাদেশের। ৩১ বছর পর ২৭ আগস্ট ২০১৭ অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজের প্রথম টেস্ট দিয়ে বাংলাদেশ স্পর্শ করে আন্তর্জাতিক ক্রিকেটে তিন ফরম্যাট মিলিয়ে ৫০০

ম্যাচ খেলার মাইলফলক। এক্ষেত্রে সবচেয়ে বেশি সংখ্যক ম্যাচ খেলেছে অস্ট্রেলিয়া।

৫০তম টেন্টে সাকিব-তামিম

200

23

800 SOR 080

ওয়ানডে

টি২০

মোট

७७२

49

২৭-৩১ আগস্ট ২০১৭ অট্রেলিয়ার বিপক্ষে মিরপুরে অনুষ্ঠিত বাংলাদেশের সিরিজের প্রথম টেন্টে সাকিব আল হাসান ও তামিম ইকবাল ৫০ টেন্টের মাইলফলকে পা দেন। তাদের আগে বাংলাদেশের হয়ে এ মাইলফলক স্পর্শ করেছিলেন আরো তিনজন— হাবিবুল বাশার সুমন, মোহাম্মদ আশরাফুল ও মুশফিকুর রহিম।



বোলার হিসেবে ৯টি টেস্ট খেলুড়ে দেশের বিপক্ষে ইনিংসে ৫ উইকেট নেয়ার কীর্তি গড়েন। ২৮ আগস্ট ২০১৭ অস্ট্রেলিয়ার বিপক্ষে তিনি এ মাইলফলক স্পর্শ করেন। সব টেস্ট দলের বিপক্ষে ইনিংসে ৫ উইকেট নেয়া অন্য তিনজন হলেন— মুত্তিয়া মুরালিধরন (শ্রীলংকা), ডেল স্টেইন (দ. আফ্রিকা) ও রঙ্গনা হেরাথ (শ্রীলংকা)।

♦ দ্রুততম ৩৫০০ রান ও ১৫০ উইকেট

টেস্ট ক্রিকেটে দ্রুততম্ সময়ে ৩৫০০ রান ও ১৫০ উইকেটের 'ডাবল' অর্জন করেন অলরাউভার সাকিব আল হাসান। নিজের ৫০তম টেক্টে এ মাইলফলকে পৌছেন তিনি। তার আগে উইভিজের গ্যারি সোবার্স ও ইংল্যান্ডের ইয়ান বোথাম উভয়েই ব্যক্তিগত ৬৩তম টেস্টে এমন কীর্তি গড়েছিলেন।

দুদকের শুভেচ্ছাদৃত

দুর্নীতিবিরোধী দেশের একমাত্র রাষ্ট্রীয় প্রতিষ্ঠান দুর্নীতি দমন কমিশন (দুদক)। দুর্নীতির বিরুদ্ধে নতুন জাগরণ সৃষ্টির লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন (দুদক) ১১ সেপ্টেম্বর ২০১৭ সাকিব আল হাসানকে আনুষ্ঠানিকভাবে তার শুভেচ্ছা দৃত হিসেবে নিয়োগ দেয়।





রেকর্ড কর্নার

দেশ-বিদেশের রেকর্ড গড়া বিষয়গুলো জানুন আমাদের এ আয়োজনে

মৌমাছির পোশাক

কানাডার এক মৌমাছি পালক জুয়ান



কার্লোস নোগুয়েজ
অর্টিজ সারা
শরীরে জীবন্ত
মৌমাছি জড়িয়ে
বিশ্বয় সৃষ্টি করেন।
মূলত হরর ফিলা
রোড হানি'র মুক্তি
উপলক্ষে প্রচারণা
চালানোর জন্য

'মৌমাছি পোশাক' পরে এ বিশ্বরেকর্ড গড়েন ডিকার বি হানি ফার্মের কর্মী অর্টিজ।

সর্ববৃহৎ কেক

যুক্তরাজ্যের ডরসেটে অক্সফোর্ড বেকারির স্বত্যধিকারী স্টিফেন অক্সফোর্ড তার তিন বছর বয়সী ছেলে স্যামুয়েলের জন্মদিনে ৩০০ কেজি ওজনের একটি স্পঞ্জ কেক উপহার দেন। এটাই বিশ্বের সর্ববৃহৎ ভিক্টোরিয়া স্পঞ্জ কেক। ১০ সেপ্টেম্বর ২০১৭ বার্ষিক পনির উৎসবে জ্যাম ও মাখনের সমন্বয়ে তৈরি এ কেক প্রদর্শন করা হয়। কেকটি তৈরিতে ৭০০ ডিম, ৫০ কেজি মাখন, ৩৫ কেজি জ্যাম, ৬৮ কেজি ময়দা, ৫৯ কেজি চিনিসহ বিভিন্ন উপকরণ ব্যবহার করা হয়। প্রায় পাঁচ ফুট প্রশস্ত ও সাড়ে আট ইঞ্চি উচ্চতার কেকটি তৈরি করতে পুরো একটি দিন সময় লাগে।

সবচেয়ে দামী মোবাইল

বিশ্ববিখ্যাত গাড়ি কোম্পানি ল্যাম্বরগিনি নিয়ে এসেছে সবচেয়ে দামী মোবাইল ফোন। এর দাম ২,৪৫০ ডলার। 'আলফা ওয়ান' নামের মোবাইলটি শুধু ইউরোপ ও আরব আমিরাতেই পাওয়া যায়। মোবাইলটিতে রয়েছে সাড়ে পাঁচ ইঞ্চি ডিসপ্লে, ২০ মেগাপিক্সেল ক্যামেরা, ৮ মেগাপিক্সেল ফ্রন্ট ক্যামেরা, ৪ জিবি র্যাম, ৬৪ জিবি ইন্টারনাল মেমোরি স্টোরেজ, ফিঙ্গার প্রিন্ট ক্যানার।

আজব সব বিশ্বরেকর্ড

বিশ্বের সবচেয়ে লম্বা, দীর্ঘ, খাটো অথবা উদ্ভট বিষয়গুলো নিয়ে মানুষের আগ্রহের কর্মতি নেই। আর বিষয়গুলো তালিকাভুক্ত করে গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডস। গিনেস বুকের ৬৩তম সংস্করণে স্থান পেয়েছে এরকমই কিছু আজব আজব বিশ্বরেকর্ড।

লম্বা পা রাশিয়ার মডেল একতারিনা লিসিনা বিশ্বের সবচেয়ে লম্বা পায়ের অধিকারী নারী। ৬ ফুট ৯ ইঞ্চি উচ্চতাবিশিষ্ট লিসিনার ডান পায়ের দৈর্ঘ্য ১৩২.৮ সেন্টিমিটার বা ৫২.২ ইঞ্চি এবং বাম পা ১৩২.২ সেন্টিমিটার বা ৫২ ইঞ্চি। একই সাথে তিনি উচ্চতার দিক থেকেও সবচেয়ে লম্বা পেশাদার মডেল হিসেবে রেকর্ড গড়েন।

বয়স্ক বডিবিল্ডার

মার্কিন যুক্তরাষ্ট্রের জিম আরিংটন বিশ্বের সবচেয়ে বয়ঙ্ক বডিবিন্ডার হিসেবে বিশ্বরেকর্ড গড়েছেন। তিনি ৮৩ বছর বয়সে পেশাদার বডিবিন্ডিং প্রতিযোগিতায় অংশ নিয়ে ১০০ জনকে হারিয়ে



বিজয় ছিনিয়ে নেন। এ পর্যন্ত ৬২ বার এ ধরনের প্রতিযোগিতায় অংশ নিয়ে ১৬ বার জয় পান তিনি।

লম্বা লেজের বিড়াল বিশ্বের স্বচেয়ে লম্বা লেজের বিড়ালটির নাম 'চিংগুশ'। যুক্তরাষ্ট্রের মিশিগানের এ বিড়ালটির লেজের দৈর্ঘ্য ৪৪.৬৬ সেন্টিমিটার।

 দীর্ঘ পাপড়ি: চীনের ইয়ু জিয়ানজিয়ার চোখের পাতার উপর গজেছে ১২.১ সেটিমিটার পাপড়ি। এটিই বিশ্বের সবচেয়ে দীর্ঘ পাপড়ির রেকর্ড।

শতাধিক দড়িতে শত লাফ: ওয়াং ঝুক্সিন নামের চীনের এক ক্ষুল ছাত্রী ১১০ জন সহপাঠীর এক সঙ্গে দোলানো দড়িতে শতাধিকবার লাফ দিয়ে বিশ্বরেকর্ড গড়ে। তার আগে ২০১০ সালে ৯০টি দড়ির উপর দিয়ে লাফ দিয়ে গিনেস ওয়ার্ল্ড রেকর্ড গড়েছিলেন চীনের আরেক শিক্ষার্থী মা লিয়াং।

দুই হাতে বিশ্বের সবচেয়ে দীর্ঘ নখ গজিয়ে গিনেস বুকে নাম লিখিয়েছেন যুক্তরাষ্ট্রের টেক্সাসের বাসিন্দা আয়ানা উইলিয়ামস নামের এক নারী। পেশায় সেলুন ব্যবসায়ী আয়ানার সবগুলো নখের দৈর্ঘ্য ৫৭৬.৪ সেন্টিমিটার বা ১৮ ফুট ১১ ইঞ্চি। বিল ক্লিনটন মার্কিন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্বে আসার পর থেকে এ নখ রাখতে শুরু করেন তিনি। এরপর গত ২৩ বছর ধরে নখ না কেটে সেগুলো বেশ যত্ন নিয়ে বড় করেন।





অক্টোবর অক্টোবর অক্টোবর _{অত্যার} অক্টোবর অক্টোবর অটোবর অন্ত অক্টোবর অক্টোবর অক্টোবর <mark>অক্ট</mark>াবর অক্টাবর অক্টোবর অক্টোবর অক্টোবর _{অক্টো}ব

গ্রেগরীয় ও জুলিয়ান বর্ষপঞ্জি অনুসারে বছরের দশম মাস অক্টোবর। এর দিন সংখ্যা ৩১। অক্টোবর মাসের ঐতিহাসিক ঘটনাগুলোকে আসুন দেখে নেই তারিখ অনুযায়ী ইতিহাসের আয়নায়।

। ১৯৪৯ : মাও সে তুং কর্তৃক গণচীন প্রতিষ্ঠার ঘোষণা; চীনের প্রতিষ্ঠা লাভ।

। ১৯৫৮ : মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা NASA র প্রতিষ্ঠা।

। ১৯৭৫ : ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় অনুষ্ঠিত Thrilla in Manila



নামের বক্সিংযুদ্ধে জো ফ্রেজিয়ারকে হারিয়ে দিয়ে বিশ্ব হেভিওয়েট বক্সিং শিরোপা পুনরুদ্ধার করেন কিংবদন্তী বক্সার মহামদ আলী।

। ১১৮৭: ৮৮ বছর পর ক্রুসেডারদের শাসন থেকে সালাউদ্দিন আইয়ুবী জেরুজালেম মুক্ত করেন।

 ১৯২৫ : জন লগি বেয়ার্ড তার গবেষণাগারে প্রথমবারের মতো টেলিভিশনে ছবি দেখানোর কৃতিত্ব লাভ করেন।


। ১৯৫২ : যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়নের পর তৃতীয় পারমাণবিক শক্তিধর দেশ হিসেবে যুক্তরাজ্য পারমাণবিক অস্ত্রের প্রথম সফল পরীক্ষা চালায়।

। ১৯৯০ : পূর্ব ও পশ্চিম জার্মানির পুনঃএকত্রীকরণ আনুষ্ঠানিকভাবে সম্পন্ন।

। ১৯৫৭ : মহাকাশে পাঠানো হয় প্রথম কৃত্রিম উপগ্রহ Sputnik-1। ইউক্রেনের রকেট বিজ্ঞানী ও মহাকাশযান ডিজাইনার সের্গেই কোরোলভ-এর নকশাকৃত Sputnik-1 মহাকাশে প্রেরণ করে সোভিয়েত ইউনিয়ন।

। ২০০৬ : বিশ্বের ক্ষমতাধর রাষ্ট্র ও করপোরেশন প্রতিষ্ঠানগুলোর গোপন নথি ফাঁস করে বিশ্বব্যাপী আলোড়ন তোলা বিকল্পধারার সংবাদ মাধ্যম Wikileaks যাত্রা শুরু করে। এর প্রতিষ্ঠাতা অস্ট্রেলীয় সাংবাদিক, প্রকাশক, কম্পিউটার প্রোগ্রামার জুলিয়ান

এটি আাসেঞ্জ। ইন্টারনেটে প্রথম তথ্য প্রদর্শন করে ডিসেম্বর ২০০৬। গোপন তথ্য ফাঁস করে **मि**रा विश्ववााशी दे के ফেলে দেয়া ওয়েবসাইট এর Wikileaks.



 ১৯৪৭ : হোয়াইট হাউসের ভাষণ প্রথমবারের मर्ला रिनिভिশन প্রচারিত, या প্রদান করেন ৩৩তম মার্কিন প্রেসিডেন্ট হ্যারি এস, ট্রম্যান।

। ১৯৬২ : জেমস বন্ড সিরিজের প্রথম চলচ্চিত্র Dr. No'র মুক্তি লাভ।

১৯৮১ - ১৯৭০ সালের সালের ইসরাইল গুয়ের বার্ষকী উপশ্বেক্সকে সামারে

कारक। इसाव প্রিদেশ্রের ব্যয় নালবের এলিডেন আলেয়ার সালাত বাজধানী কায়ারোতে ardira escicife কেওঁক নিহেড হল



 ১৯৫০ : কলকাতায় মিশনারিজ অব চাারিটি প্রতিষ্ঠা করেন মাদার তেরেসা।

 ২০০১ : আফগানিস্তানে সন্ত্রাসবিরোধী সামরিক অভিযান 'অপারেশন এনডিউরিং ফ্রিডম' শুরু করে যুক্তরষ্ট্র।

। ১৮৫৬: দ্বিতীয় আফিম যুদ্ধ শুরু।

১৯১২ : প্রথম বলকান যুদ্ধ শুরু।

 ১৮৭৪ : ব্রেন চুক্তির মাধ্যমে প্রতিষ্ঠিত হয় General Postal Union, যার মাধ্যমে বিশ্ব ডাক ব্যবস্থার সূচনা ঘটে। এটাই বর্তমানে Universal Postal Union নামে পরিচিত।

 ২০০৬ : অষ্টম পরমাণু শক্তিধর রাষ্ট্র হিসেবে পারমাণবিক বোমার সফল পরীক্ষা চালায় উত্তর কোরিয়া।

7 ر اق



यहाचा गांकी मानताकि विन मर्जुबा कामिनी द्राय थ एक कुनुन हक



। ১ অক্টোবর ১৯০৬ : গীতিকার ও সঙ্গীতশিল্পী শচীন দেব বর্মন। ২ অক্টোবর ১৮৬৯ : ভারতের জাতির জনক মহাত্মা গান্ধী।

। ৫ অক্টোবর ১৯৮৩ : জাতীয় ক্রিকেট দলের অধিনায়ক মাশরাফি বিন মর্তুজা।

। ১১ অক্টোবর ১৯২১ : সাহিত্যিক নীলিমা ইব্রাহিম।

। ১২ অক্টোবর ১৮৬৪ : কবি কামিনী রায়।

২০ অক্টোবর ১৮৭১ : গীতিকবি অতুল প্রসাদ সেন।

। ২১ অক্টোবর ১৯০০ : ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী লীলা নাগ।


২৩ অক্টোবর ১৯২৯ : কবি শামসুর রাহমান।

🛚 ২৩ অক্টোবর ১৯৪১ : চলচ্চিত্র পরিচালক চাষী নজরুল ইসলাম।

২৫ অক্টোবর ১৮৮১ : চিত্রকর পাবলো পিকাসো।

২৬ অক্টোবর ১৮৭৩ : শেরে বাংলা এ কে ফজলুল হক।

২৭ অক্টোবর ১৯০১ : লোকসঙ্গীত শিল্পী আব্বাসউদ্দীন। ৩০ অক্টোবর ১৮৮৭ : শিশুসাহিত্যিক সুকুমার রায়।



30

। ৬৮০ : কারবালার যুদ্ধ সংঘটিত। । ১৯৭২ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

১৯৭২ : বঙ্গবন্ধ শোষ স্থান্তর্ম : জুলিও কুরী পুরস্কারে ভূষি<u>ত</u>।

১২

। ১৪৯২ : ইতালিয় নাবিক ক্রিস্টোফার কলম্বান আমেরিকা মহাদেশ আবিষ্কার করেন।



 ১৯৭২ : গণপরিষদে উত্থাপিত হয় বাংলাদেশের সংবিধান ।

20

১৮৯৩ : জন্মদিনের গান হিসেবে বিশ্বব্যাপী পরিচিত **Happy Birthday to You** গানের কপিরাইট নিবন্ধন করা হয়।

18

- ১৯৩৩ : জার্মানি বিশ্ব নিরন্ত্রীকরণ সম্মেলন থেকে নিজেকে প্রত্যাহার করে নেয় এবং জাতিপুঞ্জ ত্যাগ করে।
- ১৯৫৫ : পূর্ববাংলার নাম পরিবর্তন করে 'পূর্ব পাকিস্তান' করা হয়, য়া ১৯৫৬ সালের পাকিস্তানের প্রথম সংবিধান দ্বারা স্বীকৃত হয়।

50

 ১৮১৫ : আটলান্টিক মহাসাগরের সেন্ট হেলেনা দ্বীপে নেপোলিয়ন বোনাপার্টের

নির্বাসন জীবন শুরু।

২০০৩ : প্রথম
মনুষ্যবাহী খেয়াযান
'শেনবুা-৫'
উৎক্ষেপণ করে
চীন। প্রথম চীনা
ব্যক্তি হিসেবে



মহাকাশে যান ইয়াং লিউই।

১৬

১৯০৫ : বঙ্গভঙ্গ কার্যকর। ফলে 'পূর্ববঙ্গ ও আসাম' নামে নতুন প্রদেশ সৃষ্টি হয়, যার রাজধানী হয় ঢাকা।

19

২০০৯ : জলবায়ু পরিবর্তনের বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির ফলে সৃষ্ট ভূমকি মালদ্বীপের জন্য ক্ষতিকর— এ ব্যাপারে বিশ্বের দৃষ্টি আকর্ষণের লক্ষ্যে সাগরতলে মালদ্বীপের মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত।

3,57

১৮৬৭ : রাশিয়ার কাছ থেকে ৭,২ মিলিয়ান সার্বিন ভলারে ক্রয়কুত আলাজা অসরাজা অনুষ্ঠানিকভাবে যুক্তরাষ্ট্রের কাছে হতার্থন।

১৯

১৭৮১: যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ার ইয়র্কটাউনে স্বাধীনতা আন্দোলনের প্রধান সেনাপতি জর্জ ওয়াশিংটন-এর কাছে ব্রিটিশ সেনাপতি লর্ড কর্নওয়ালিস-এর আত্মসমর্পণের মধ্য দিয়ে

আমেরিকার স্বাধীনতা যুদ্ধের আনুষ্ঠানিক সমাপ্তি ঘটে।



20

- ১৮১৮ : ব্রিটেন ও আমেরিকার মধ্যে সম্পাদিত এক চুক্তি বলে ৪৯ ডিগ্রি উত্তর অক্ষরেখাকে আমেরিকা ও কানাডার সীমানা হিসেবে নির্ধারণ করা হয়।
- । ১৯৭৩ : দীর্ঘ ১৪ বছরব্যাপী নির্মাণকাজ



শেষে ব্রিটিশ রানি দ্বিতীয় এলিজাবেথ কর্তৃক 'সিডনি অপেরা হাউজ' উদ্বোধন।

23

- । ১৯৪৫ : ফ্রান্সে প্রথমবারের মতো নারীদের ভোটাধিকার স্বীকৃত হয় ।
- ১৯৫৫ : আওয়ামী মুসলিম লীগের কাউসিল অধিবেশনে দলের নাম থেকে 'মুসলিম' শব্দটি প্রত্যাহার করা হয়।

ঽঽ

১৮৮৪ : ইংল্যান্ডের গ্রিনউইচ শহরকে শূন্য ডিগ্রি দ্রাঘিমাংশ ও সময় গণনার জন্য গ্রিনিচ মান সময় নির্ধারণ করা হয়।

28

১৯৪৫ : জাতিসংঘ-এর যাত্রা শুরু।

> (1

- । ১৯১৭ : বাশিয়ার ভাসিরির সেনিন-এর সোজতে জাজারর বিপ্রবের সূত্রপাত।
- । ১৯৪৫ : খিডীয় বিশ্বযুদ্ধে জাপান মিল্লশুটের নিকট আত্মসমপ্রের পর চীন তাইওয়ানের শাসনভার এইণ করে।

26

১৯৪৭ : মুসলিম জনসংখ্যা অধ্যুষিত জম্মু ও কাশ্মীর রাজ্যকে ভারতের অংশ বলে ঘোষণা করেন তৎকালীন হিন্দু রাজা হরি সিং ।

২৮

- ১৪৯২ : ক্রিস্টোফার কলম্বাস কিউবা আবিষ্কার করেন।
- ১৯৬২ : কিউবার ক্ষেপণান্ত্র সংকটের সমাপ্তি ঘটে।

60

১৯৮৪ : ভারতের প্রথম ও একমাত্র নারী প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী শিখ দেহরক্ষীদের গুলিতে নিহত হন।



() ()

🚦 ৫ অক্টোবর ২০১১ : স্মার্টফোনের জনক স্টিভ জবস।

👔 ১০ অক্টোবর ১৯৭১ : ঔপন্যাসিক সৈয়দ ওয়ালীউল্লাহ।

🔢 ১০ অক্টোবর ১৯৯৪ : চিত্রশিল্পী এস.এম. সুলতান।

🔋 ১৩ অক্টোবর ২০০২ : তেভাগা আন্দোলনের নেত্রী ইলা মিত্র।

🛙 ১৭ অক্টোবর ১৮৯০ : বাউল সম্রাট লালন সাঁই।

🛚 ১৮ অক্টোবর ১৮৭১ : আধুনিক কম্পিউটারের জনক চার্লস ব্যাবেজ।

💈 ২০ অক্টোবর ২০১১ : লিবিয়ার লৌহমানব কর্নেল মুয়ামার গাদাফি।

🛚 ২০ অক্টোবর ২০১২ : ভাষাসৈনিক অলি আহাদ।

🛚 ২২ অক্টোবর ১৯৫৪ : রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশ।

🛚 ২৪ অক্টোবর ২০১৩ : জনপ্রিয় সঙ্গীতশিল্পী মানা দে।








। ২৮ অক্টোবর ১৯৭১ : বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান।

। ২৮ অক্টোবর ২০০২ : সাহিত্যিক অনুদাশঙ্কর রায়।

৩০ অক্টোবর ১৯৮৫ : বিশিষ্ট সাংবাদিক ফজলে লোহানি।
 ৩১ অক্টোবর ১৯৭৫ : গীতিকার ও সঙ্গীতশিল্পী শচীন দেব বর্মন।



প্রশু আপনার আশাণের উত্তর

মো. এস আই সুমন, পীরগাছা, রংপুর। সুমন সরকার। মো. মিজানুর রহমান সিনহা, ইবি । মো. সদকল হাসান, ময়মনসিংহ । সাদাম, শেরপুর । মাহমুদুল হাসান, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। খ্রী বন্ধন কুমার দাস, রানীনগর, নওগা। মো. হেলাল উদ্দিন, চুয়াডাঙ্গা। শাওন, শেরপুর। জান্নাতুল ফেরদৌস, ময়মনসিংহ।

প্রশ্ন : কাবুকি (Kabuki) বলতে কী বোঝায়?

উল্ল : কাবুকি এক শ্রেণির জাপানি নাটক। পুরুষ অভিনেতাই এখানে নারী চরিত্রে অভিনয় করে। সাধারণত জনপ্রিয় উপকথা বা পৌরাণিক ঘটনা নিয়ে নাটকের কাহিনী গড়ে ওঠে।

প্রশ্ন : ভারতীয় উপমহাদেশে কখন থেকে সিভিল সার্ভিস পরীক্ষা শুরু হয়?

উত্তর : ভারতীয় সিভিল সার্ভিসের পরীক্ষা ১৯২২ সাল থেকে যুগপৎ ইংল্যান্ড ও ভারতে শুরু হয়।

প্রশ্ন : CPR দ্বারা কী বোঝানো হয়?

উত্তর : CPR (Contraceptive Prevalence Rate) হলো জনানিয়ন্ত্রণের সামগ্রী ব্যবহারের হার।

প্রশ্ন : হিটট্রোক কী?

উত্তর : হিটস্ট্রোক হলে দেহের তাপমাত্রা নিয়ন্ত্রণের বাইরে চলে যায়, যা ১০৪ ডিগ্রি ফারেনহাইটের বেশি হয়। ত্বক লালচে, গরম, ভঙ্ক হয়; আক্রান্ত ব্যক্তি প্রলাপ বকতে শুরু করে, শ্বাসকষ্ট হতে পারে, হ্রৎম্পন্দন দ্রুত হয়, এমনকি খিচুনিও হতে পারে।

প্রশ্ন : ভারতের অফিসিয়াল ভাষা কতটি?

উত্তর : ২টি— হিন্দি ও ইংরেজি (বিদেশি ভাষা)।

প্রশ্ন : আকর্ড (Accord) কী?

উত্তর : অ্যাকর্ড হলো বিভিন্ন ব্র্যান্ড ও ট্রেড ইউনিয়নগুলোর মধ্যে একটি আইনগত বাধ্যতামূলক স্বতন্ত্ৰ চুক্তি, যা সুস্থ ও নিরাপদ বাংলাদেশি তৈরি পোশাক শিল্প সৃষ্টির উদ্দেশ্যে করা হয়।

প্রশ্ন : কার্টোগ্রাফি (Cartography) কাকে বলে?

উজ্ঞ : মানচিত্র তৈরি সংক্রান্ত শিক্ষণ-গবেষণা ও এর অনুশীলন পদ্ধতিই হলো কার্টোগ্রাফি। বিজ্ঞান, নন্দনতত্ত্ব (Aesthetics) ও কৌশলের মিশ্রণে এখানে বাস্তব স্থানিক তথ্য কার্যকরভাবে ফুটিয়ে তোলা হয়।

প্রশ্ন : বিভিন্ন দিক সম্পর্কে জানতে চাই।

উত্তর : দিক মোট ১০টি। যথা— উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম, উত্তর-পূর্ব বা ঈশান, উত্তর-পশ্চিম বা বায়ু, দক্ষিণ-পূর্ব বা অগ্নি, দক্ষিণ-পশ্চিম বা নৈঋত, উর্ধ্ব বা আকাশ এবং অধঃ বা পাতাল।

প্রশ্ন : পরিমাপ কী?

উত্তর : সাধারণভাবে কোনো কিছুর পরিমাণ নির্ণয় করাকেই পরিমাপ বলে। যেমন— ঢাকা থেকে কোনো স্থানের ু দূরত্ব ৩০০ কিমি, পত্রিকাটির দৈর্ঘ্য ২২ সেমি, জমিটির ক্ষেত্রফল ২০০ বর্গমিটার, বইটির ভর ২০০ গ্রাম ইত্যাদি।

প্রশ্ন : FIFA'র প্রকৃত পূর্ণরূপ জানতে চাই।

উত্তর : Fédération Internationale de Football Association I

প্রশ্ন : Sierra Club কী ধরনের সংগঠন?

উল্ল : এটা যুক্তরাষ্ট্রভিত্তিক র্একটি পরিবেশবাদী সংগঠন, যা ২৮ মে ১৮৯২ প্রতিষ্ঠিত হয়। এটাই বিশ্বের প্রথম বড আকারের পরিবেশ রক্ষা আন্দোলনকারী সংগঠন।

প্রশ্ন : ব্ল্যাক সোয়ালোয়ার (Black Swallower) কী?

উজ্ঞ : এটা গভীর সমুদ্রে বসবাসকারী একটি বিচিত্র শিকারী মাছ। এরা নিজের শরীরের (পেটের) চেয়ে দিখণ বড় লম্বা ও দশগুণ বেশি ওজনের শিকার অনায়াসে গিলে ফেলতে পারে। প্রায় ২৫ সেমি (৯.৮ ইঞ্চি) দীর্ঘ বাদামি-কালো বর্ণের এ মাছটি উত্তর আটলান্টিক মহাসাগরে বেশি দেখা যায়।

প্রশ্ন : ICII কী?

উত্তর : ICIJ'র পূর্ণরূপ International Consortium of Investigative Journalists। এটা যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনভিত্তিক অনুসন্ধানী সাংবাদিকদের একটি সংগঠন।

প্রশ্ন : স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠান 'জল্লাদের দরবার'-এর পরিচালক কে?

উত্তর : 'জল্লাদের দরবার' ব্যঙ্গাত্মক নাটিকাটির নাট্যকার ও পরিচালক ছিলেন কল্যাণ মিত্র। এখানে জেনারেল ইয়াহিয়া খানের অমানবিক চরিত্রকে ফুটিয়ে তোলা হয়েছিল।

প্রশ্ন : Vassal State কাকে বলে?

উজ্ঞ : আন্তর্জাতিক আইনে যে সব রাষ্ট্র অন্য কোনো রাষ্ট্রের কর্তৃত্বাধীন অবস্থায় থাকে, তাকে নিয়ন্ত্রণাধীন রাষ্ট্র বা করদ রাষ্ট্র (Vassal State) বলে। প্রধানত পররাষ্ট্র সংক্রান্ত ব্যাপারে এ রাষ্ট্র সম্পূর্ণভাবে অভিভাবক রাষ্ট্রের দ্বারা নিয়ন্ত্রিত থাকে।

প্রশ্ন : কাবাডি খেলাকে বাংলাদেশের জাতীয় খেলা হিসেবে ঘোষণা করা হয় কবে?

উত্তর : ১৯৭২ সালে।

সাধারণ জ্ঞান বিষয়ক আপনার যে কোনো জিজ্ঞাসা পাঠিয়ে দিন ca@professorsbd.com ঠিকানায় অথবা ডাকে। ফোনে কোনো প্রশ্ন গ্রহণযোগ্য নয়।

ত্তাবা তিত্তাবা হ

আমাজন অরণ্য

পৃথিবীর বৃহত্তম রেইনফরেস্ট

আমাজন নদীর অববাহিকায় পৃথিবীর সবচেয়ে বড় নিরক্ষীয় বন আমাজন অরণ্য, যা দক্ষিণ আমেরিকা মহাদেশের উত্তর ভাগের ৯টি দেশের অন্তর্ভুক্ত। আমাজন অরণ্যের ৬০% ব্রাজিল, ১৩% পেরু এবং বাকী অংশ কলম্বিয়া, ভেনিজুয়েলা, ইকুয়েডর, বলিভিয়া, গায়ানা, সুরিনাম ও ফ্রেঞ্চ গায়ানাতে অবস্থিত। পৃথিবী জুড়ে যে রেইনফরেন্ট রয়েছে, তার অর্ধেকটাই



এ অরণ্য নিজেই। অত্যন্ত দুর্গম এ অরণ্যের আয়তন প্রায় সাড়ে পাঁচ মিলিয়ন বর্গকিমি। এ নদী আমাজন অঞ্চলের প্রাণীবৈচিত্র্যের প্রধান উৎস। এ বনে রয়েছে প্রায় ১৬,০০০ প্রজাতির প্রায় ৩৯০ বিলিয়ন উদ্ভিদ; ২.৫ মিলিয়ন প্রজাতির কীট-পতঙ্গ; ১,২৯৪ প্রজাতির পাথি; ৩৭৮ প্রজাতির সরীসৃপ; ৪২৮ প্রজাতির

উভচর এবং ৪২৭ প্রজাতির স্তন্যপায়ী প্রাণীসহ হাজারো প্রজাতির অজানা জীব-অণুজীব।
পৃথিবীর ২০ ভাগ অক্সিজেন আসে 'পৃথিবীর ফুসফুস' খ্যাত এ বন থেকে। প্রাণিকুলের
শনাক্তকৃত দশ ভাগের এক ভাগ প্রাণী এবং সব পাথির পাঁচ ভাগের এক ভাগ এ অঞ্চলে
বাস করে। এ বনের ভিতরে ছড়িয়ে-ছিটিয়ে থাকা জলাশয়সহ আমাজন নদীতে রয়েছে
কমপক্ষে ৩০০০ প্রজাতির মাছ ও অন্যান্য জলজ প্রাণী। বিশ্বের মোট ওমুধের কাঁচামালের
২৫ ভাগ আসে এ বনের ৪০০ প্রজাতির গাছ থেকে। এছাড়া এখানে রয়েছে ৩০০-এর
বেশি উপজাতির বাস। উদ্ভিদ ও প্রাণীবৈচিত্র্যে ভরা এ বনের অজানাকে জানতে প্রতি বছর
বহু পর্যটক ও বিজ্ঞানী এখানে অভিযান চালিয়ে নতুন নতুন প্রজাতির সন্ধান নিয়ে আসেন।

ওয়াটার গ্যাসে কিন্তু পানি নেই!

ওয়াটার গ্যাস মূলত কার্বন মনোক্সাইড (CO) ও হাইড্রোজেনের (H2) মিশ্রণ। আয়তন হিসাবে এটাতে মোটামুটি ৪৮% হাইড্রোজেন, ৪২% কার্বন মনোক্সাইড, ৬% নাইট্রোজেন, ৩% কার্বন ডাই-অক্সাইড ও ১% মিথেন থাকে। শ্বেত-তপ্ত (১০০০°C-১১২৫°C) কোকের (কার্বন) উপর দিয়ে স্টিম চালিত করে ওয়াটার গ্যাস (CO + H₂) প্রস্তুত করা হয়। ১৮৭০ সালে ইতালীয় পদার্থবিজ্ঞানী ফেলিস ফনটানা প্রথম ওয়াটার গ্যাস প্রস্তুত করেন। ওয়াটার গ্যাস জ্বালানিরূপে, হাইড্রোজেনের উৎসরূপে, ধাতু নিষ্কাশনে বিজারক হিসেবে এবং মিথাইল অ্যালকোহলের পণ্য উৎপাদনে ব্যবহৃত হয়। প্রয়োজনীয় অনুপাতে স্টিম ও বায়ুর মিশ্রণ উত্তপ্ত কোকের উপর চালিত করে প্রাপ্ত সেমি-ওয়াটার গ্যাস জ্বালানিরূপে এবং হাইড্রোজেন ও নাইট্রোজেনের উৎসরূপেও ব্যবহৃত হয়। এ গ্যাসে কার্বন মনোক্সাইডের পরিমাণ (৪২%) বেশি হওয়ায় এটা বিষাক্ত।

দিনে চাঁদ দেখা যায় না কেন?

- সূর্যের চারদিকে পৃথিবী কেন উপবৃত্তাকার পথে ঘুরছে?
- মহাকর্ষ বলের জন্য মহাশূন্যে কোনো বস্তুর প্রভাবে চারপাশের স্পেস (মহাশূন্য) বক্রাকার ধারণ করলে সেই স্পেস দিয়ে অতিক্রমের সময় অন্য বস্তুও বক্রাকার পথেই চলে। এজন্যই পৃথিবী সূর্যের চারদিকে উপবৃত্তাকার পথে ঘুরছে।
- শনি গ্রহের বলয় ভেঙে পড়ে না কেন?
- শত শত কোটি পাথর ও বরফের টুকরো দ্বারা গঠিত শনির বলয়কে শনির মহাকর্ষ কেন্দ্রমুখী বলে নিচে টানছে, আর এরা বৃত্তাকারে নিচে পড়তে পড়তে শনিকে উপগ্রহের মতো প্রদক্ষিণ করছে। তাই এটা ভেঙে পড়ে না।

লিপি : ভাবপ্রকাশের অপরিহার্য মাধ্যম

মানুষ যখন সভ্য হলো, তখন অন্যের কাছে মনের ভাব প্রকাশের উপায়
খুঁজতে গিয়েই ঘটে লিপির উদ্ভব। প্রথমে চিত্রভিত্তিক লিপি তথা
চিত্রলিপির আবির্ভাব ঘটলেও কালের বিবর্তনে সৃষ্টি হয় বর্ণলিপি। এ
পর্যন্ত জানা সবচেয়ে প্রাচীন বর্ণমালাভিত্তিক লিপি হলো ফিনিশীয় লিপি,
যা ভূ-মধ্যসাগরের তীরে অবস্থিত ফিনিশীয় জাতির লিপি ছিল। এ
লিপিতে বাইশটি ব্যঞ্জনবর্ণ ছিল। থিকরা এর সাথে যোগ করেন স্বরবর্ণ।

পরে গ্রিকদের কাছ থেকে রোমানরা লিপির ধারণা নেয়। বিশ্বের সবচেয়ে বেশি ব্যবহৃত এ অশন্দীয় বর্ণমালা (স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ ভিত্তিক) রোমান লিপি থেকেই প্রায় সমস্ত ইউরোপের বিভিন্ন ভাষার বর্ণমালা তৈরি



হয়। প্রাচীন ভারতে ব্রাহ্মী'ও 'খরোষ্টি' নামে দুটি লিপির ইতিহাস পাওয়া যায়। ভারতবর্ষের প্রাচীনতম ও বহুল প্রচলিত এ ব্রাহ্মীলিপি থেকেই বাংলালিপির বিকাশ। যুগে যুগে বাংলা বর্ণমালার আকার-আকৃতি পরিবর্তিত হতে হতে ইউরোপীয় কর্তৃক ১৭৭৮ সালে মোটামুটি স্থির রূপ পায়। এভাবে নানা বিবর্তনের মধ্য দিয়ে বিভিন্ন জাতি-গোষ্ঠীর বিভিন্ন লিপি তাদের মনের ভাব প্রকাশের অপরিহার্য মাধ্যমে পরিণত হয়েছে।



প্রায় ৫০০০ বছর আগে বর্তমান পাকিস্তান ও ভারতের কিছু অংশে সিন্ধু নামে একটি প্রাচীন সভ্যতা গড়ে উঠেছিল। কোনো কোনো প্রত্নতত্ত্ববিদের মতে, এটি ছিল পৃথিবীর প্রাচীনতম সভ্যতা। তবে সাধারণভাবে ধারণা করা হয় যে, সিন্ধু সভ্যতা মিসরীয় ও মেসোপটেমীয় সভ্যতার কিছু পরে সৃষ্টি হয়েছিল। তবে সিন্ধু সভ্যতা ভারতীয় উপমহাদেশের প্রাচীনতম সভ্যতা।

আবিষ্কার

আনুমানিক ১৮২৬ খ্রিন্টাব্দে চার্লস ম্যাসন পাঞ্জাবে মহারাজা রণজিৎ সিংহের সাথে সাক্ষাৎ করতে এসে একটি সম্ভাবনাময় টিবি দেখেছিলেন বর্তমান পাকিস্তানের পশ্চিম পাঞ্জাবের 'হরপ্লা' নামেক স্থানে। অতঃপর ভারতের প্রত্নতত্ত্ববিভাগের প্রধান এবং ভারতে প্রত্নতত্ত্ববিভাগের প্রধান এবং ভারতে প্রত্নতত্ত্ব চর্চার পথপ্রদর্শক মেজর জেনারেল স্যার আলেকজান্ডার কানিংহাম ১৮৫৩-১৮৭৩ খ্রিন্টাব্দের মধ্যে কয়েকবার জায়গাটি পরিদর্শন করে একটি সচিত্র রিপোর্টও প্রকাশ করেছিলেন, যা সাডা ফেলে দেয় চারদিকে।

১৯২১ সালে পাকিস্তানের পশ্চিম পাঞ্জাবের হরপ্পা নামক স্থানে শুরু হয় প্রত্নতাত্ত্বিক উৎখনন। এরপর ১৯২২ সালে উৎখনন শুরু হয় পাকিস্তানের সিন্ধু প্রদেশের মহেঞ্জোদারো অঞ্চলে। তথু হরপ্পা আর মহেঞ্জোদারোতেই নয়, আশেপাশেও ক্রমাগত খনন কাজ চলতে থাকে। অব্যাহত খনন কাজের ফলে ভারত ও পাকিস্তানের অন্যান্য অঞ্চলেও সিন্ধু সভ্যতার নিদর্শন পাওয়া যেতে থাকে। সেই সময় ভারত ও পাকিস্তানের নানা জায়গায় এ রকম আরো শহরের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয়। ঐতিহাসিক ও পুরাতাত্ত্বিকদের মতে, এসব শহর একটি স্বতন্ত্র সভ্যতার অন্তর্গত ছিল। এ সভ্যতাই 'সিন্ধু সভ্যতা', মেসোপটেমীয় সাহিত্যে সম্ভবত যার নাম 'মেলুহা'।

সিন্ধু সভ্যতার আবিষ্কারে গুরুত্বপূর্ণ অবদান রাখেন ব্রিটিশ পুরাতত্ত্ববিদ স্যার জন মার্শাল, বাঙালি প্রত্নতত্ত্ববিদ রাখালদাস বন্দ্যোপাধ্যায়, পঞ্জিত দয়ারাম সাহনি প্রমুখ।

নামকরণ

মূলত ভারতীয় উপমহাদেশের পশ্চিমাঞ্চলে অবস্থিত সিন্ধু নদ অববাহিকাকে কেন্দ্র করে গড়ে ওঠেছিল বলে এটি 'সিন্ধু সভ্যতা' নামে পরিচিতি পায়। প্রত্নতাত্ত্বিকগণ সিন্ধু সভ্যতাকে 'হরপ্পা সংস্কৃতি' বলার পক্ষপাতী। ভারতীয় উপমহাদেশের সবচেয়ে বিখ্যাত এ প্রাচীন সভ্যতাটি প্রথম পাকিস্তানের পশ্চিম পাঞ্জাবের 'হরপ্পা' নামক স্থানে আবিষ্কৃত হয়েছিল বলে এমন নামকরণ জনপ্রিয়তা পায়।



সিন্ধু সভ্যতার বিস্তার

সিন্ধু সভ্যতার কেন্দ্র ছিল মূলত ভারতীয় উপমহাদেশের পশ্চিমাঞ্চলে অবস্থিত সিন্ধুনদ অববাহিকা। প্রথম দিকে সিন্ধুন্সভ্যতা পাঞ্জাব অঞ্চলের সিন্ধু অববাহিকায় বিকাশ লাভ করে। পরে তা প্রসারিত হয় ঘ'রভাকরা নদী উপত্যকা ও গঙ্গা-যমুনা দোয়াব অঞ্চল পর্যন্ত। বর্তমান পাকিস্তান রাষ্ট্রের প্রায় সম্পূর্ণ অংশ, ভারতীয় প্রজাতন্ত্রের পশ্চিমদিকের রাজ্যগুলো, দক্ষিণ-পূর্ব আফগানিস্তান এবং ইরানের বালোচিস্তান প্রদেশের পূর্ব অংশ এ সভ্যতার অন্তর্গত ছিল। ঐতিহাসিকদের

মতে, পাঞ্জাব থেকে আরব সাগর পর্যন্ত বিস্তীর্ণ ভৌগোলিক এলাকাজুড়ে সিন্ধু সভ্যতা গড়ে ওঠেছিল। ভৌগোলিক বিস্তারের দিক থেকে বিচার করলে সিন্ধু সভ্যতা ছিল প্রাচীন পৃথিবীর বৃহত্তম সভ্যতা। এ সভ্যতার ব্যাপক বিস্তৃতি বিশ্বের অন্যান্য প্রাচীন সভ্যতা থেকে এ সভ্যতাকে একদমই আলাদা করে তুলেছে।

সিন্ধু সভ্যতার সময়কাল

সিন্ধু সভ্যতার কাল নির্ণয় নিয়ে প্রতান্ত্বিকদের কাছে মতবিরোধ রয়েছে। ঐতিহাসিকদের মতে, সিন্ধু সভ্যতা ছিল তাম্র-ব্রোঞ্জ (ক্যালকোলিথিক) যুগের সভ্যতা। কারণ লোহার ব্যবহার এ অঞ্চলের অধিবাসীদের অজ্ঞাতই ছিল। এ সভ্যতার সামগ্রিক সময়কাল ধরা হয় ৩৫০০-১৩০০ খ্রিষ্টপূর্বান্ধ।

সিন্ধু সভ্যতার পতন

পৃথিবীতে কোনো কিছুই অনন্তকাল ধরে টিকে থাকে না। সিন্ধু সভ্যতার পতনও ঘটেছে এ অবধারিত নিয়মে। হরপ্পা ও মহেজ্ঞোদারোর উপরের স্তর পরীক্ষা করে দেখা গিয়েছে নগর পরিকল্পনা থেকে শুরুকরে জীবনের সর্বক্ষেত্রে একটি ভগুদশা চলছিল। এ সংকট সংকুল অবস্থায় বিদেশি আক্রমণের মোকাবিলা করতে হয় সিন্ধু বাসীদের। প্রাকৃতিক ও অভ্যন্তরীণ সংকটের সাথে সিন্ধু সভ্যতার উপর বিদেশি আক্রমণের চ্ড়ান্ত আঘাত সংযুক্ত হয়েছিল। আর এসবের সম্মিলনেই সিন্ধু সভ্যতার পতন ঘটেছিল। সিন্ধু সভ্যতার ধ্বংস হয়েছিল থাইপূর্ব ১৮০০-১৩০০ অব্দের মধ্যে।

খাগড়াছড়ি জেলার উল্লেখযোগ্য দর্শনীয় স্থান— আলুটিলা পর্যটন কেন্দ্র, রিছাং ঝর্ণা ও পানছড়ি শান্তিপুর অরণ্য কুটির

নগর পরিকল্পনা

সিন্ধু সভ্যতা ছিল একটি নগর সভ্যতা। এ সভ্যতার অন্যতম প্রধান বৈশিষ্ট্য ছিল চমৎকার নগর পরিকল্পনা। নগরসমূহের গঠনশৈলী দেখে ধারণা করা হয়, এ সভ্যতার মানুষেরা গ্রামীণ জীবন পরিত্যাগ করে পরিকল্পিত নগর গড়ে তুলেছিল। এ নগরসমূহের পরিকল্পনা দেখলে ধারণা করা যায় যে, নগরবাসী সৃশৃঙ্খল ও স্বাস্থ্যসম্মত নগরায়ণ করার ব্যাপারে মনোযোগী ছিল।

সিন্ধু সভ্যতায় নগরসমূহ দুটি অংশে বিভক্ত ছিল। এক অংশে সাধারণ নাগরিকরা বাস করত এবং অন্য অংশ ছিল দেয়াল দিয়ে ঘেরা। মনে করা হয়, সম্ভাত রাজপুরুষরা এবং পুরোহিতরা এ অংশে বাস করত। সিন্ধু সভ্যতার শহরগুলোর রাস্তাঘাট, দালানকোঠা সবকিছু ছিল পোড়ামাটির ইট দিয়ে তৈরি। এখানকার রাস্তাঘাট ছিল প্রশস্ত ও বাঁধানো। সিন্ধু সভ্যতার দালান-কোঠা ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ছিল উনুত ধরনের। ঘরবাড়ির অভ্যন্তরে ছিল শয়নকক্ষ, রান্নাঘর, পাকা নর্দমা, উপরে ওঠার সিড়ি ইত্যাদি। এ সভ্যতায় জনসাধারণের জন্য ছিল জলাশয়. স্নানাগার, কৃপ ও শৌচাগার। পাশাপাশি ছিল পানি সরবরাহ ও নিষ্কাশনের জন্য উপযুক্ত ব্যবস্থা। নাগরিক জীবনের অনেক সুবিধা বিদ্যমান ছিল সিন্ধু সভ্যতায়।

সমাজ ব্যবস্থা

শ্রেণীভেদ প্রথা : বৈদিক যুগের মতো বর্ণপ্রথা চালু না থাকলেও সিন্ধু সভ্যতার সমাজ ৪টি শ্রেণীতে বিভক্ত ছিল— ১. শিক্ষিত, ২. যোদ্ধা, ৩. ব্যবসায়ী ও কারিগর এবং ৪. শ্রমজীবী।

পোশাক-পরিচ্ছদ: সিন্ধু সভ্যতায়
পুরুষরা নিম্ন অংশে ধুতির মত কাপড়
এবং উপরিভাগে সুতা দিয়ে তৈরি চাদর
পরিধান করত। নারীরা দুই প্রস্থ কাপড়
পরিধান করত। পুরুষ ও মহিলা উভয়ে
বড় চুল রাখতো এবং অলংকার
পড়তো। নারীদের প্রসাধন সামগ্রী
ব্যবহারের কথাও অনুমান করা হয়।

ধর্মবিশ্বাস: সিন্ধু সভ্যতায় কোনো মন্দির বা মঠের অন্তিত্ব পাওয়া না গেলেও স্থানে স্থানে অসংখ্য পোড়ামাটির নারীমূর্তি পাওয়া গেছে। ধারণা করা হয়, তারা ঐ ধরনের দেবী মূর্তির পূজা করত। সিন্ধুবাসীদের মধ্যে মাতৃপূজা খুব জনপ্রিয় ছিল। ঐতিহাসিকরা অনুমান করেন যে, সিন্ধু সভ্যতায় বিভিন্ন প্রাকৃতিক শক্তিসহ যাঁড়, কুমির, সাপ ও গাছের পূজা হতো। সিন্ধুবাসীরা পরলোকে বিশ্বাস করত। খাদ্য : সিন্ধু সভ্যতার লোকজনের প্রধান খাদ্য ছিল গম, বার্লি এবং সম্ভবত ভাত। এছাড়া সবজি, ফল বিশেষ করে খেজুর তাদের খাদ্য তালিকায় ছিল। মাংস হিসেবে গরু, ছাগল, মুরগি, কাঁকড়া, কচ্ছপ, মাছ তাদের প্রোটিনের চাহিদা পূরণ করতো।

অর্থনীতি

সিন্ধু সভ্যতায় মানুষের প্রধান জীবিকা ছিল কৃষি। গম ও যব ছিল তাদের প্রধান শস্য। পাশাপাশি কার্পাসের চাষওু হতো। এ অঞ্চলের মাটি ছিল খুবই উর্বর এবং সেচ ব্যবস্থা ছিল অত্যন্ত উন্নত।

সিন্ধু সভ্যতায় বিভিন্ন শিল্প গড়ে উঠেছিল। তুলা ও পশমের সূতা কাটা ও বস্ত্র তৈরিতে মহেঞ্জোদারো ও হরপ্লার তাঁতিরা পারদর্শী ছিল। মৃৎশিল্পীরা নানা রকম পাত্র তৈরি ছাড়াও কাঁচের মত চকচকে ও মসৃণ চীনা মাটির পাত্র নির্মাণে দক্ষ ছিল। তামা ও ব্রোঞ্জের সাহায্যে ধাতু শিল্পীরা বিভিন্ন অস্ত্রশস্ত্র, হাতিয়ার ও নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র তৈরি করত। অলংকার তৈরিতেও তারা পারদর্শী ছিল।

বাণিজ্যের ক্ষেত্রেও সিন্ধু সভ্যতা বেশ অগ্রসর ছিল। সমৃদ্র পথে প্রাচীন মেসোপটেমিয়ার বিভিন্ন নগর রাষ্ট্র, পারস্য, আফগানিস্তান ইত্যাদি অঞ্চলের সাথে সিন্ধু সভ্যতার বাণিজ্যিক যোগাযোগ ছিল। তারা কাঠ, হাতির দাঁতের তৈরি জিনিস, মণি-মুক্তা, ময়ূর, সূতিবন্ত্র ইত্যাদি রপ্তানি করত এবং আমদানি করত মূল্যবান পাথর, রূপা, পশমি বন্ত্র, খাদ্য-দ্রব্য ইত্যাদি। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে এ সভ্যতার অধিবাসীরা উন্নত পরিমাপ পদ্ধতি ব্যবহার করতো।

পরিমাপ পদ্ধতি

দ্রব্যাদি ক্রয়-বিক্রয় সঠিক পরিমাপের স্বার্থে সিন্ধু সভ্যতার অধিবাসীরা ওজন ও পরিমাপ পদ্ধতি উদ্ভাবন করেছিল। ওজনের জন্য বাটখারা ব্যবহৃত হতো। ছোট বাটখারা ছিল চারকোণা এবং বড়গুলো গোলাকার। বাটখারা তৈরি হতো শক্ত পাথর দিয়ে। বড় বড় জিনিসের ওজন করার জন্য ব্যবহার করা হতো ব্রোঞ্জের ক্লেল। খুব ভারী বস্তু ওজন করার জন্য কাঠখণ্ড ব্যবহার করা হতো, যার একপ্রান্তে দ্রব্য বাঁধা থাকত। তাদের ওজন ছিল ১৬ ভিত্তিক। যেমন— ১৬, ৬৪, ১৬০, ৩২০, ৬৪০। কোনো জিনিসের দৈর্ঘ্য পরিমাপের জন্য সিন্ধু সভ্যতায় ব্যবহৃত

হতো ক্ষেল। তাদের ক্ষেলের দৈর্ঘ্য ছিল আধুনিক ২০.৬২ ইঞ্চির সমান। পরিমাপ দণ্ডে নির্দিষ্ট ইঞ্চি ঘর কাটা থাকতো।

শিল্পকর্ম

শিল্পকলার বিভিন্ন ক্ষেত্রে সিন্ধু সভ্যতা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। সিন্ধু অঞ্চলের অধিবাসীদের শিল্পকর্মের মধ্যে হাড় ও হাতির দাঁতের তৈরি চিরুনি ও সুঁচ, তামা ও রোঞ্জের তৈরি কুঠার, কান্তে, চুরি, ক্ষুর প্রভৃতি পাওয়া গেছে। এছাড়া রয়েছে পোড়ামাটির খেলনা, কুমোরের চাক, পোড়ামাটির তৈরি গরু, মহিষ, কুকুর, ভেড়া, মানুষের মূর্তি ইত্যাদি। মানুষের মূর্তিগুলোর মধ্যে নৃত্যুরত পুরুষ ও নারীর মূর্তি প্রধান।

সিলমোহর ও লিপি

সিন্ধু সভ্যতায় সিলমোহরের ব্যাপক ব্যবহার ছিল। এগুলোতে বিভিন্ন জীবজন্তুর ছবি




যেমন থাকত, তেমনি থাকত কিছু লেখা। সিন্ধু সভ্যতায় যে লিপি ব্যবহৃত হতো, তার সম্পূর্ণ পাঠোদ্ধার আজো সম্ভাব হয়নি। সর্বপ্রথম স্বরূপ বিষ্ণু নামের এক গবেষক ১৯২৩ সালে এ লিপি পাঠের চেষ্টা করেন।

বিভিন্ন সিলমোহর ও পোড়ামাটির ফলকে যে লিপি পাওয়া গেছে, তার সাথে মিসরীয় হায়ারোগ্লিফিক লিপির অনেক সাদৃশ্য রয়েছে। সিন্ধু লিপিকে চিত্রলিপি হিসেবে চিহ্নিত করা যায়। সিন্ধু লিপি ডান হতে বাম দিকে এবং পরের লাইনে বাম হতে ডান দিকে লেখা হতো।

হরপ্পা-মহেঞ্জোদারো

সিকু সভ্যতা প্রথম আবিষ্কৃত হয় হরপ্লা-মহেজোদারোতে। হরপ্লার অবস্থান পাকিন্তানের পশ্চিম পাঞ্জাবের মন্টগোমারী জেলার ইরাবতী নদীর পূর্ব উপকূলে। অন্যদিকে মহেঞ্জোদারো অবস্থিত পাকিস্তানের অন্তর্গত সিন্ধু প্রদেশের লারকানা জেলার খয়েরপুরে। হরপ্পা ও মহেজোদারোর দ্রত্ব প্রায় ৪৮৩ কিলোমিটার। সিন্ধু নদ এদের সংযোগ স্থাপন করেছে। হরপ্পা-মহেঞ্জোদারোক কেন্দ্র করেই বিস্তার ঘটেছিল সিদ্ধ সভ্যতার। তাই হরপ্লা মহেঞ্জোদারোতেই সিন্ধু সভ্যতার প্রধান নিদর্শনগুলো আবিষ্কৃত হয়েছে।

বিচিত্র এ পৃথিবীতে কত অদ্ভূত কাণ্ডই না ঘটে। অনেক ঘটনার ব্যাখ্যাও পুঁজে পাওয়া যায় না। এমন কিছু ঘটনা নিয়েই এ আয়োজন



একটানা শিস

৯-১০ সেপ্টেম্বর ২০১৭ একনাগাড়ে ৩০
ঘণ্টা শিস দিয়ে গিনেন বুক অব ওয়ার্ভ রেকর্ডসে নাম তুলেছেন ভারতের চেন্নাইয়ের তরুণী পূজা চন্দ্রমোহন। তার আগে টানা ২৫ ঘণ্টা ৩০ মিনিট শিস দিয়ে বিশ্বরেকর্ড গড়েছিলেন কানাডার জেনিফার আনাভি ডেভিস।

সবচেয়ে বড় সী ড্রাগন

রেকর্ড মাত্রায় বড় সামুদ্রিক সরীস্পের জীবাশ্য আবিষ্কার করা হয়েছে। নতুন এ সরীস্পকে বলা হয় 'সামুদ্রিক দ্রাগন'। বিশ কোটি বছর আগে তারা সাগরে ঝাঁক বেঁধে সাঁতার কাটত। তখন ডাইনোসরেরা স্থলে বিচরণ করতো। ইংল্যান্ডের উপকূলে তিন মিটার দীর্ঘ জীবাশাটি পাওয়া গেছে।

রোবটিক বিলবোর্ড

সম্প্রতি নিউইয়র্কের টাইমস স্কয়ারে উন্যোচন করা হয় বিশ্বের প্রথম থ্রিডি বিলবোর্ড। বিশ্বের সবচেয়ে বড় কোমল পানীয় সংস্থা কোকাকোলা এ বিলবোর্ড উন্যোচন করে। এটা গিনেস বুক অব ওয়ার্ভ রেকর্ডসে স্থান পেয়েছে। বিলবোর্ডটি ৬৮ ফুট লম্বা ও প্রস্থে ৪২ ফুট। এতে রয়েছে ১,৭৬০টি LED জ্রিন। এটি তৈরি করতে সময় লাগে চার বছর। এর আগে ১৯২০ সালে টাইমস স্কয়ারেই প্রথম কোকাকোলার বিলবোর্ড উন্যোচিত হয়েছিল।

শেষকৃত্য পরিচালনায় রোবট

সম্প্রতি 'টোকিও ইন্টারন্যাশনাল ফিউরেনাল অ্যান্ড সিমেট্রি শো'তে রোবট নির্মাতা প্রতিষ্ঠান সফটব্যাংক নির্মিত পিপার' নামের একটি রোবটের প্রদর্শন করা হয়, যা বৌদ্ধ ধর্মানুসারে শেষকৃত্য অনুষ্ঠান পরিচালনা করতে সক্ষম। শুধু তাই নয়, এর পাশাপাশি জাপানি রীতিনীতির প্রতিও সমান খেয়াল রাখবে সফটব্যাংকের 'পিপার'। অর্থাৎ একজন জাপানি বৌদ্ধভিক্ষু যা পারেন, তা অনায়াসেই করতে পারবে এ রোবট।

সবচেয়ে বড় কাঠের জাহাজ

নিউজিল্যান্ড থেকে যাত্রা শুরু করে ৮ সেপ্টেম্বর ২০১৭ ফিজি পৌছেছে ব্রিটেনের স্বচেয়ে বড় কাঠের জাহাজ 'টেনাসিয়াস'। ৬৫ মিটার দৈর্ঘ্যের ও ৫৮৬ টন ওজনের জাহাজটির নক্সা করা হয় ১৯৯০ সালের শুরুতে। নির্মাণ শেষে এটি সমুদ্রে ভাসানো হয় ২০০০ সালে। জাহাজটি চালানোর জন্য আছেন ৪০ জন পেশাদার নাবিক।

সুপারম্যান নাপিত

পাকিস্তানে সাদিক আলী নামের এক নাপিত এক হাতেই ১৫টি কাঁচি ধরেন। তারপর খচাখচ করে কেটে ফেলেন চুল-দাঁড়ি।



স্থানীয়ভাবে তিনি 'সুপারম্যান নাপিত' হিসেবে পরিচিত। তার সেলুনে চুল কেটেছেন ইমরান খান থেকে শুরু করে পাকিস্তানের অনেক ক্রিকেট তারকারাও। ৩৩ বছর বয়সী সাদিকের এ আজব স্টাইলের জন্য তার সেলুন নিয়ে মানুষের ব্যাপক কৌতৃহল। এ কারণে আগাম সিরিয়াল দিতে হয় তার কাছে চুল কাটতে গেলে। তার চার্জও অন্যদের চেয়ে বেশি। তার কাছে চুল কাটাতে প্রতি ২০ মিনিটে খরচ পড়ে ১০০ পাকিস্তানি রুপি। জনৈক চীনা হেয়ারড্রেসারকে দেখে এভাবে একসাথে এতগুলো কাঁচি চালানোর উৎসাহ পান সাদিক।

বার্গার কিংয়ের মুদ্রা

মার্কিন ফান্টফুড চেইন বার্গার কিং তাদের
নিজস্ব ক্রিন্টো কারেন্সি চালু করেছে।
রাশিয়ায় 'হুপারকয়েন' নামের ভার্চুয়াল মুদ্রা
চালু করেছে প্রতিষ্ঠানটি। গ্রাহকরা তাদের
হুপার স্যান্ডউইচ কেনার জন্য প্রতি রুবল
খরচের বিপরীতে একটি করে কয়েন
পাবেন। এর মাধ্যমে রুশ নাগরিকরা
ভার্চুয়াল মুদ্রা দিয়ে হুপার কিনতে পারবেন।
প্রতিটি হুপার কিনতে ১,৭০০ রুবল লাগবে।

আদি মানবের পায়ের ছাপ

আদিম মানুষের বাসভূমি ছিল মূলত আফ্রিকা অঞ্চল। কয়েক লাখ বছর সেখানে কাটানোর পর তারা ধীরে ধীরে সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। এ তত্ত্ব মেনেই এত দিন সমস্ত গবেষণা চলছিল। কিন্তু সম্প্রতি প্রায় ৫৭ লাখ বছর আগেকার আদিম মানুষের পায়ের ছাপ খুঁজে পাওয়া গেছে গ্রিসের द्वाकिलाम वलाकाय। की विश्व ভুমধ্যসাগরের তীরে এ ছাপ আবিষ্কৃত হয়। এ ছাপের সাথে আধুনিক মানুষের পায়ের ছাপের বহু মিল রয়েছে। জেরার জিয়েলিনক্ষি ও গ্রেগর নিয়েদউইদক্ষি— পোল্যান্ডের এ দুই পালিওন্টোলজিস্ট এ ছাপ খুঁজে পান। এর আগে প্রায় ৪৪ লাখ বছর আগের আদিম মানুষের একটি পায়ের ছাপ পাওয়া যায় ইথিওপিয়ায়।

আয়ুর সর্বোচ্চ সীমারেখা

বিজ্ঞানীদের দাবি, মানুষের সর্বোচ্চ আয়ুর সীমারেখা তারা আবিষ্কার করতে পেরেছেন। নেদারল্যান্ডসে পরিচালিত নতুন এক গবেষণায় বলা হয়, একজন নারীর সর্বোচ্চ আয়ু হতে পারে ১১৫.৭ বছর। আর পুরুষের ক্ষেত্রে সেটা সামান্য কম, ১১৪.১ বছর। গত ৩০ বছরে নেদারল্যান্ডসে মারা গেছে— এমন ৭৫,০০০ মানুষের তথ্য সংগ্রহ করে তিলবার্গ এবং রটারডামের ইরাসমাস ইউনিভার্সিটির বিজ্ঞানীরা এ সিদ্ধান্তে উপনীত হন। এর আগে মার্কিন যুক্তরাষ্ট্রের গবেষকরাও জানিয়েছিলেন, মানুষের সর্বোচ্চ আয়ু হতে পারে ১১৫ বছর।

নতুন প্রজাতির ডাইনোসর

মঙ্গোলিয়ার উত্তরে অবস্থিত গোবি মরুভূমিতে
নতুন প্রজাতির এক ডাইনোসরের
দেহাবশেষ খুঁজে পান বিজ্ঞানীরা। যে
দেহাবশেষ পাওয়া গেছে, তা বিশ্রেষণ করে
জানা গেছে, প্রায় সাত কোটি বছর আগে
এমন এক প্রজাতির ডাইনোসর ছিল,
যেগুলো কবুতর কিংবা ঘুঘুর মতো ঝাঁক
বেধে বাস করত, ঘুমাতও একসাথে, যেন
তারা সবাই একটি পরিবারের সদস্য।



WORLD UNIVERSITY

OF BANGLADESH

A University for Quality and Utilitarian Education

ADMISSION Fall 2017

Our Programs

- BBA
- TOURISM & HM
- ENGLISH (Hons.)
- LLB (Hons.)
- **CSE**
- **CIS**
- **EEE**
- **CIVIL**
- **PHARMACY**
- **TEXTILE**
- **MECHATRONICS** Engg.
- **ARCHITECTURE**
- MBA (Regular & Executive)
- MBE
- MA in English (2 yrs/1 yr)
- LLM (2yrs/1yr)

Bright Future Begins Here

Special Features

- PhDs and Professors, Adjunct faculty from DU, BUET, JU & foreign universities, supreme court lawyers, judges & Baristers.
- Hostel Facilities for female students
- Career Counseling & Job placement
 Accredited by Bar Council, Pharmacy
- Council & other bodies
 One stop service
- Semester wise Best Performance Award
 Industrial visit to reputed organizations, factories, pharmaceuticals including the facilities to visit Courts & Tribunals regularly.
- Library with online Facilities Wifi Campus, Multimedia &

AC class room

Up to 100% Scholarship based on

Over 5000 students enjoy up to 100% Scholarships based on Result & Needs

- * Special offer for female students, Artiste, Sports persons, Siblings, Tribals, Disabled
- * Waivers for Corporate & Group admission
- * Wards of Freedom Fighters and under -privileged

Collaboration with Universities of

- USA ◆UK ◆ Germany ◆ China ◆ Australia ◆ Japan ◆ Italy ◆ Russia
- Latvia ◆ Portugal ◆ Malaysia ◆ Phillippines ◆ Vietnam ◆ Malawi ◆ Uganda

V-100

Academic Member of:



Member
Association of
Commonwealth Universities







AACSB





9611410-3 Ext. 111, 112

D1752102855, D1879542572, D1955384008 D1783651567, D1783651523, D1998421422

यत्नाष्ट्रवन त्मन्छोत

মনোভীতি, মাথাব্যথা, মানসিক রোগ, মাদকাসক্তি, মৃগীরোগ, ম্যানিয়া, ঘুমের সমস্যা, ব্যক্তিগত মানসিক সমস্যা সমাধান জনিত চিকিৎসা কেন্দ্র।



প্রতিষ্ঠাতা

ডা. মো: হারুনুর রশীদ

MBBS, M Phil, MCPS, FCPS (সাইকিয়াট্রি) (মানসিক রোগ ও মাদকাশক্তি নিরাময় বিশেষজ্ঞ)

সহকারী অধ্যাপক ডেল্টা মেডিকেল কলেজ ও হাসপাতাল, মিরপুর, ঢাকা। প্রাক্তন সহকারী অধ্যাপক (BSMMU) Ex-PG Hospital, ঢাকা।

এখানে যেসব রোগের চিকিৎসা দেয়া হয়।

মানসিক দুশ্চিন্তা, অবসেশন, ভয়-ভীতি, মনখারাপ, বিষন্নতা, পরীক্ষাভীতি, মাথাব্যথা, মৃত্যুভীতি, মৃগীরোগ, যৌন সমস্যা, মাদকাশক্তি, শরীরের বিভিন্ন স্থানে ব্যথা, বমি হওয়া, খিঁচুনি, হিষ্টিরিয়া, হটাৎ কথা বন্ধ হওয়া, শিশু-কিশোরদের মানসিক সমস্যা, সিজোফ্রেনিয়া সহ গুরুতর মানসিক রোগ, চঞ্চলতা, উত্তেজনা বা ম্যানিয়া, ফোবিয়া মহিলাদের প্রসাবের আগে ও পরে মানসিক সমস্যা, সন্দেহবাতিক, শুচিবাই তথা-কথিত "পাগল" এবং অন্যান্য মানসিক রোগ।

সাইকো থেরাপি এবং কাউন্সেলিং করা হয়

বিঃ দ্রঃ এখানে উপমহাদেশের প্রখ্যাত মেডিসিন বিশেষজ্ঞ ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ডা. মোঃ তাহির (স্বর্ণ পদক প্রাপ্ত) রোগীদের জন্য ব্যবস্থাপত্র দেন।

চেম্বার খোলা ঃ বিকেল টো থেকে রাত ৯টা পর্যন্ত

শুক্রবার ঃ সাপ্তাহিক বন্ধ

টেলিফোনে রোগীর নাম লেখানো যায়।

চেম্বার ঃ-

মনোভূবন সেন্টার, বাড়ী নং-২/৫, রোড নং-৫ (নীচ তলা) ব্লক-এ (পানির ট্যাংকির পূর্ব পার্ম্বে) লালমাটিয়া, ঢাকা। ফোন ঃ ০২-৫৮১৫২৫১৮ যোগাযোগ ঃ মোবাইল ঃ ০১৭৫৯-৯১১৬১১ (ডাক্তার) ০১৭১৭-৮৪৩৫৩৩ (আঃ কার্দের)



Onargaon University (5U) নোরগাঁও ইউনিভার্সিটি (এসইউ) SHI

Professor M. A. Razzaque

Prof. Dr. Md. Abdur Razzaq Akhanda Pro-Vice Chancellor

Md. Al-Amin Molla

S M Nurul Huda Registrar

Advisors

Dr. Mohammad Ali

Professor & Head, Department of ME, BUET dvisor, Sonargaon University (SU)

A. B. M. Harun-Ur-Rashid

ofessor, Dept. of EEE (BUET) Advisor, Sonargaon University (SU)

Dr. Md. Mostofa Akbar

Professor, Dept. of CSE (BUET) Advisor, Sonargaon University (SU)

Dr. Md. Shahjada Tarafder

Professor & Former Head. Dept.of NAME, BUET

Advisor, Sonargaon University (SU)

Mrs. Shamim Ara Hassan

Associate Professor. Dept. of Architecture, BUET Advisor, Sonargaon University (SU)

Dr. Mahmuda Akter

Professor, Dept. of Accounting & Information Systems, University of Dhaka Advisor, Sonargaon University (SU)

..... More full/ part time faculty members at our website.

Faculty of Science and Engineering

B. Sc Engineering in

- ◆ Civil Engineering (CE)
- ◆ Textile Engineering (TE)
- ♦ Mechanical Engineering (ME)
- ◆ Computer Science & Engineering (CSE)
- ◆ Fashion Design & Technology (FDT)
- ◆ Electrical & Electronics Engineering (EEE)
- ◆ Apparel Manufacture & Technology (AMT)
- ◆ Naval Architecture & Marine Engineering (NAME)

Bachelor in Architecture (B. Arch)

Faculty of Business

- ◆ Bachelor of Business Administration (BBA)
- Master of Business Administration (MBA)
- Executive Master of Business Administration (EMBA)
- MBA in Supply Chain Management (MSCM)
- ◆ MBA in Apparel Merchandising (MAM)
- MBA in Textile & Fashion Marketing (MTFM)

Admission **Going On**

019 555 297 01-25 www.su.edu.bd

Faculty of Arts & Humanities

- ◆ LLB (Hon's)
- ◆ LLM (One Year)
- LLM (Two Years)









147/I, Green Road, Tejgaon, Dhaka-1215, (8802) 9123564, 01971 33 77 77, 01780 33 00 44, 01780 33 00 55, 01780 33 00 66

GP-Ja-146, Wireless Gate, Mohakhali, Dhaka - 1212 (8802) 9852134, 01767 777 222, 01775 000 888 , 01780 22 00 99

// SonargaonUniversity

a chama







Just Got KOOOOOLER







BCS Bank PDF বইয়ের অনলাইন লাইব্রেরী MyMahbub.Com

প্রতি মাসের ১ তারিখেই কারেন্ট অ্যাফেয়ার্স পেতে ভিজিট করুনঃ

MyMahbub.Com